CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 7, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ৭ আগষ্ট।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 21st JULY, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 21st July, 1855, and referred to a Select Committee, who are to report thereon after the 25th of October next :—

A Bill to prevent the public sale or exposure of obscene Books and Pictures.

[Preamble.]

WHEREAS the practice of publicly offering for sale or exposing to view obscene Books and Pictures encourages immorality, and it is expedient to make provision for the prevention of such practice, It is enacted as follows :—

[Penalty for the public sale or exposure of obscene books, pictures, &c.]

I. Whoever within the territories in the possession and under the Government of the East India Company; in any shop, bazar, street, thoroughfare, high-road or other place of public resort, publicly distributes, sells, or offers, or exposes, or causes to be offered or exposed, for sale, or wilfully exhibits to public view, any obscene book, paper, print, drawing, painting, or representation ; or sings, recites or utters any obscene song, ballad, or words to the annoyance of others, shall upon conviction, as hereinafter provided, before a Magistrate, be liable to a fine not exceeding 100 rupees, or to imprisonment with or without hard labor for a period not exceeding 3 months or to both.

[Apprehension of offenders.]

II. It shall be lawful for any person whatso-

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ২১ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ২১ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি অক্টোবর মাসের ২৫ তারিখের পর তাহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

শৃঙ্গারঘটিত পুস্তক ও ছবি প্রকাশরূপে বিক্রয় করণ ও প্রকাশ করণ নিবারণ করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক শৃঙ্গারঘটিত পুস্তক ও ছবি বিক্রয় হইবার নিমিত্তে দেখাইবার রীতিতে কিম্বা লোকেরদের দৃষ্টিগোচরে প্রকাশ করিবার রীতিতে কুনীতি বৃদ্ধি হয়, আর ঐ প্রকার রীতি নিবারণ করিবার বিধান করা উচিত। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[শৃঙ্গারঘটিত পুস্তক ছবিপ্রভৃতি প্রকাশরূপে বিক্রয় করিবার কিম্বা প্রকাশ করিবার দণ্ড।]

১ ধারা। কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের মধ্যে যে কেহ কোন দোকানে কিম্বা বাজারে কি রাস্তায় কিম্বা সকলের গমনের পথে কি বড় রাস্তায় কি সকল লোকের গমনাগমনের অন্য স্থানে, শৃঙ্গারঘটিত কোন পুস্তক কি কাগজ কিম্বা ছাপা কি হাতের লেখা কি রঙ্গকরা ছবি কি আকার প্রকাশরূপে বিতরণ কি বিক্রয় করে, কিম্বা বিক্রয় করিবার জন্যে দেখায় কি প্রকাশ করে কিম্বা অন্য লোকের দ্বারা বিক্রয় হইবার জন্যে দেখায় কি প্রকাশ করায় কিম্বা জানিয়াশুনিয়া সকল লোকের দৃষ্টিগোচরে প্রকাশ করে, কিম্বা যে কেহ অন্যের বৈরক্তিজনকরূপে কোন শৃঙ্গারঘটিত গীত গান করে কি কীর্ত্তন করে কি বাক্য কহে, সেই ব্যক্তির ঐ দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নীচের লিখিত বিধানমতে প্রমাণ হইলে, সে এক শত টাকার অধিক না হয় এমত জরীমানার, কিম্বা তিন মাসের অধিক না হয় এমত মিয়াদে কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা কয়েদ হইবার, কিম্বা ঐ উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[অপরাধিরদের গ্রেপ্তার করণ।]

২ ধারা। যে কোন ব্যক্তিকে উক্ত অপরাধের কোন

ever to apprehend any person found committing any of the above-named offences, and forthwith to deliver him to any Police Officer of the place where he shall have been apprehended, to be taken before the Magistrate within whose jurisdiction he may have been apprehended; and it shall be the duty of every Police Officer to use his best endeavours to apprehend and to convey before a Magistrate any person that he shall find so offending.

[Mode of procedure by Magistrate.]

III. Upon information given or charge preferred upon oath or solemn affirmation, a Magistrate, within whose jurisdiction the offence may have been committed, may issue a summons for the appearance, or a warrant for the apprehension, of any person accused of any of the offences enumerated in Section I., and such Magistrate shall proceed under the rules of the general law to hear and determine the case. Provided that it shall not be necessary to require the presentation of a complaint in writing nor to require the attendance of any complainant, any thing contained in Section VI. Regulation IX. of 1807 of the Bengal Code or in Sections XII. and XV. of Regulation IX. 1816 of the Madras Code or any other law to the contrary notwithstanding.

[Magistrate required to seize and destroy obscene books, &c.]

IV. Every Magistrate is required to seize and destroy, or cause to be seized and destroyed, all such obscene books, papers, prints, drawings, paintings, or representations as aforesaid, as may come within his power or control.

[Importation of obscene books, pictures, &c. prohibited.]

V. After the passing of this Act it shall not be lawful for any person to import into any part of the aforesaid territories any obscene book, print, or picture, and every such book, print, or picture shall be forfeited and shall be seized by any Officer of Customs and Excise, and the same shall be destroyed by such Officer.

[Appeal from orders or sentences passed under this Act.]

VI. All orders or sentences passed under this Act shall be appealable in the usual manner under the Regulations and Laws that are or may be in force relating to appeals from the orders of Magistrates or other Officers exercising the powers of a Magistrate.

[Conviction to be quashed on merits only. Form of conviction, &c.]

VII. No conviction, order, or judgment of any Magistrate shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds; but the depositions taken, or a copy

অপরাধ করিতে দেখা যায় তাহাকে অন্য যে কেহ হউ সে গ্রেফ্তার করিতে পারিবেক, ও যে মাজিষ্ট্রেট সাহেব এলাকার মধ্যে গ্রেফ্তার করা যায় তাঁহার সম্মুখে তাহা লইয়া যাইবার নিমিত্তে, যে স্থানে তাহাকে গ্রেফ্তার ক গিয়াছে সেই স্থানের পোলীসের কোন আমলার হা তাহাকে তৎক্ষণাৎ অর্পণ করিতে পারিবেক। আর পো লীসের প্রত্যেক আমলার কর্ত্তব্য এই যে, যাহাকে সে প্রকার অপরাধ করিতে দেখে এমত কোন ব্যক্তিকে গ্রে ফ্তার করিয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকটে চালান করিবে সাধ্যমতে উদ্যোগ করে ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের যেরূপে কার্য্য করিতে হইবেক।]

৩ ধারা। শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে সম্বাদ দেওয়া গেলে কি নালিশ হইলে, যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে ঐ অপরাধ করা গিয়াছে তিনি ১ ধারার লিখিত অপরাধের মধ্যে কোন অপরাধে যাহার নামে নালিশ হয় এমত কোন ব্যক্তির হাজির হইবার সমন জারী কি তাহার গ্রেফ্তারী পরওয়ানা জারী করিতে পারিবেন। আর সেই মাজিষ্ট্রেট সাহেব সাধারণ আইনের নিয়মমতে ঐ বিষয় শুনিয়া বিচার করিবেন। পরন্তু লিখিত নালিশ দখিল করিবার কিম্বা কোন ফরিয়াদীর হাজির হইবার হুকুম করা আবশ্যক হইবেক না, বাঙ্গলা দেশের চলিত ১৮০৭ সালের ৯ আইনের ৬ ধারাতে কিম্বা মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬ সালের ৯ আইনের ১২ ও ১৫ ধারাতে কিম্বা অন্য কোন আইনেতে ইহার বিপরীত কথা থাকিলেও হইবেক না ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের প্রতি শৃঙ্গারঘটিত পুস্তকাদি ক্রোক করিয়া নষ্ট করিবার আজ্ঞা।]

৪ ধারা। প্রত্যেক মাজিষ্ট্রেট সাহেবের প্রতি আজ্ঞা হইতেছে যে, উক্ত প্রকার যে সকল শৃঙ্গারঘটিত পুস্তক কি কাগজ কি ছাপাকরা কি হাতের লেখা কি রঙ্গকরা ছবি কি আকার তাঁহার শক্তির কি এখ্তিয়ারের মধ্যে পড়ে তাহা আপনি ক্রোক করিয়া নষ্ট করেন, কিম্বা অন্যের দ্বারা ক্রোক করাইয়া নষ্ট করান ইতি।

[শৃঙ্গারঘটিত পুস্তক ছবিপ্রভৃতি আমদানী করিবার নিষেধ।]

৫ ধারা। এই আইন জারী হইবার পরে কোন ব্যক্তি শৃঙ্গারঘটিত কোন পুস্তক কি ছাপাকরা ছবি কি ছবি পূর্ব্বোক্ত দেশের কোন স্থানে আমদানী করিতে পারিবেক না। আর সেই প্রকারে আমদানীকরা প্রত্যেক পুস্তক কি ছাপাকরা ছবি কি ছবি জব্দ হইবেক, ও হাবিলের ও মামুলের কোন কার্য্যকারক তাহা ক্রোক করিবেন ও সেই কার্য্যকারকের দ্বারা তাহা নষ্ট করা যাইবেক ইতি।

[এই আইনমতে করা হুকুমের কি দণ্ডাজ্ঞার উপর আপীল।]

৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেবেরদের কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকেরদের হুকুমের উপর আপীলের বিষয়ের যে সকল আইন ও হুকুম এইক্ষণে চলন আছে কি চলন হয়, তদনুসারে এই আইনমতে যে সকল হুকুম কি দণ্ডাজ্ঞা হয় তাহার উপর আপীল রীতিমতে হইতে পারিবেক ইতি।

[দোষ সাব্যস্ত করণ কেবল দোষখণ্ডনক্রমে বাতিল হইতে পারিবেক। দোষ সাব্যস্ত করণপ্রভৃতির নিয়ম।]

৭ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব যে দোষ সাব্যস্ত করেন কিম্বা যে হুকুম কি বিচার করেন তাহা রীতির কিম্বা কার্য্যের নিয়মের অশুদ্ধতাপ্রযুক্ত বাতিল হইবেক না। কেবল দোষখণ্ডনক্রমে হইতে পারিবেক। আর ঐ দোষসাব্যস্ত কি হুকুম কি বিচার যে প্রমাণক্রমে হয় তাহা ঐ দোষ সাব্যস্ত করণপত্রে কি হুকুমনামায় কি বিচারপত্রে

2. With reference to the Court's Circular Order No. 27, dated 23rd November, 1853, each candidate must be required to produce either a junior scholarship certificate, or a testimonial of corresponding proficiency from some known respectable institution. The Judge or officer, through whom each candidate's application is forwarded to the Sudder Court, will be careful to certify the above particulars in column 10 of the form appended to the Court's Circular Order No. 153, dated 20th November, 1851.

3. In addition to the ordinary tests, each candidate will have to pass an examination in the following works :—

Smith's Manual of Equity Jurisprudence.

Sir J. E. Eardley Wilmot's Abridgment of Blackstone's Commentaries.

Mr. Macpherson's Civil Procedure.

Mr. Elberling's Treatise on Inheritance.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 19th July, 1855.

No. 18.

To the Civil Judges in the Lower Provinces.

The Court direct that when any officers may have occasion to obtain an exposition of the Hindoo or Mahomedan law, from the Law Officers, either of the Zillah or of the Sudder Court, they will submit specific questions on the points of law only; the facts of the case, out of which the points of law arise, being stated as they have been found by the Court making the reference. The names of parties and places should always be concealed and the A. B. form, of putting a case, be adopted on such occasions.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 20th July, 1855.

NOTIFICATION No. 1.

The Government of India in the Foreign Department having under date 15th ultimo, authorized the change of the designation of the Subathoo Treasury in the North Western Provinces to that of Simlah; all officers in charge of Treasuries rendering accounts to this office are requested to take notice of the change in drawing bills on that Treasury and to make a note of the alteration in the List of Treasuries annexed to Circular 814, dated 21st July, 1853.

(Signed) E. F. HARRISON,
Asstt. Accti. Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 10th July, 1855.

২। সদর আদালতের ১৮৫৩ সালের ২৩ নবেম্বর তারিখের ২৭ নম্বরের সরক্যুলর অর্ডরঅনুসারে, ঐ কর্ম্মাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগের সর্টিফিকট উপস্থিত করিতে হইবেক, নতুবা কোন সুপ্রসিদ্ধ ও সম্ভ্রান্ত বিদ্যালয়হইতে তত্তুল্য জ্ঞানপ্রাপ্তির প্রমাণপত্র উপস্থিত করিতে হইবেক। কোন কর্ম্মাকাঙ্ক্ষির দরখাস্ত যে জজ সাহেব কিম্বা কার্য্যকারক সদর আদালতে পাঠান তাঁহার এই বিষয় মনোযোগ করিতে হইবেক, যে উপরের লিখিত কথা ১৮৫১ সালের ২০ নবেম্বর তারিখের ১৫৩ নম্বরের সরক্যুলর অর্ডরের সঙ্গে প্রকাশিত নক্‌শার ১০ ঘরে লেখেন।

রীতিমতে যে পরীক্ষা হয় তদতিরিক্ত কর্ম্মাকাঙ্ক্ষির এই২ পুস্তকের ইমতিহান দিতে হইবেক।

স্মিথ সাহেবের রচিত একুটি অর্থাৎ ন্যায্যমতে বিচার করিবার বিধি পুস্তক।

সর জে ই অর্ডলি উইলমট সাহেব কৃত ব্লাকস্টন সাহেবের টিপ্পনীর সার সংগ্রহ।

মাকফর্সন সাহের কৃত দেওয়ানী মোকদ্দমায় কার্য্য করিবার নিয়ম পুস্তক।

এলবরলিং সাহেবের কৃত উত্তরাধিকারিত্ব বিষয়ক পুস্তক।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ১৯ জুলাই।

---

১৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দোশর শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা এই আজ্ঞা করিতেছেন, যখন কোন কার্য্যকারকের জিলার কিম্বা সদর আদালতের পণ্ডিত কি মৌলবীর স্থানে শাস্ত্রের কিম্বা শরার অর্থ লইবার প্রয়োজন থাকে, তখন তাঁহারা কেবল আইনঘটিত বিষয়ের সুস্পষ্ট প্রশ্ন পাঠান। মোকদ্দমার যে বৃত্তান্তহইতে আইনঘটিত উক্ত বিষয় উদয় হয় তাহা ঐ জিজ্ঞাসাকরণিয়া আদালত যেরূপ দেখিয়াছেন সেইরূপই লিখিবেন। এমন স্থলে বাদিপ্রতিবাদিরদের নাম ও স্থানের নাম সর্ব্বদা অপ্রকাশ রাখা উচিত, কেবল কল্পিত নাম লিখিয়া মোকদ্দমার বৃত্তান্ত লেখা যাইবেক।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ২০ জুলাই।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

১ নম্বরের বিজ্ঞাপন।

বিদেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট গত মাসের ১৫ তারিখে এই অনুমতি করিয়াছেন যে, উত্তর পশ্চিম দেশের সবাথুর খাজানাখানার নাম পরিবর্ত্তন হইয়া শিমলার খাজানাখানা নাম হয়। অতএব খাজাখানার ভারপ্রাপ্ত যে সকল কার্য্যকারক এই দফ্তরখানায় হিসাব দিয়া থাকেন তাঁহারা সেই খাজানাখানার উপর হুণ্ডী দিলে সেই নাম পরিবর্ত্তনের বিষয়ে মনোযোগ করিবেন। আর ১৮৫৩ সালের ২১ জুলাই তারিখের ৮১৪ নম্বরের সরক্যুলর অর্ডরেতে খাজানাখানার যে ফর্দ্দ দেওয়া গিয়াছে তাহাতে সেই নামের পরিবর্ত্তন লিখিয়া রাখিবেন।

ই এফ হারিসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।

আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৫৫ সাল ১০ জুলাই।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 31st July, 1855.

Baboo Bhyrubchunder Kurr, to officiate as Moonsiff of Sunkerpossah, Zillah Sylhet.

LEAVE OF ABSENCE.

The 31st July, 1855.

The leave of absence for one month, granted under the Court's orders of the 6th instant, to the Moonsiff of Sunkerpossah, Zillah Sylhet, will commence at the end of the ensuing Dusserah vacation.

C. T. Buckland, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৩১ জুলাই।

শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র কর জিলা ছিলটের শঙ্করপসার মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৫ সাল ৩১ জুলাই।

সদর আদালতের বর্ত্তমান মাসের ৬ তারিখের হুকুমক্রমে জিলা ছিলটের শঙ্করপসার মুনসেফকে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা আগামি দশহরার বন্দের শেষঅবধি আরম্ভ হইবেক।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪১৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৪ জুলাই।

শ্রীযুত ডবলিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel,) রাজশাহীতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এ ফর্বস সাহেব (Mr. A. Forbes,) ঢাকাতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৫ সাল ২৬ জুলাই।

শ্রীযুত মৌলবী জহুর আলীর অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মৌলবী আবদুল ঘনী শাহাবাদের ফতওয়াদায়কের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ঐ জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৫ সাল ২৫ জুলাই।

পুরীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ই বি থ্রিং সাহেব (Mr. E. B. Thring,) আপনার চিকিৎসকতা কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দামরী তেওয়ারীর প্রতি অর্পণ করিয়া ১৮৫১ সালের ২০ মার্চ তারিখের সৈন্যসম্পর্কীয় বিধিমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ওয়াজউল্লা চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৫৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২০ জুলাই।

শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) বর্দ্ধমান ও বীরভূম ও বাঁকুড়া ও মানভূম জিলাতে মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ২১ জুলাই।

শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E. F. Radcliffe,) ঢাকা ও বাকরগঞ্জের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ২৭ জুলাই।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ফকিরচাঁদ বসু ছাপরাতে অবৈতনিক ঔষধালয়ের চিকিৎসকতার ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ৩০ জুলাই।

শ্রীযুত জি ফিল্ড সাহেব (Mr. G. Field,) শাহাবাদে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৫ সাল ৩১ জুলাই।

শ্রীযুত জে কিং সাহেব (Mr. J. King,) গত মাসের ১৩ তারিখঅবধি ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২৫ জুলাই।

জিলা চাম্পারণের এতোরা ও ভিরুখিয়া ও বামিওয়ার ও শ্যামরা ও ঘোড়সর স্থানে ছোট গণ্ডকনদীর উপর যে২ গুদারা আছে তাহা ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী গুদারা প্রকাশ হইয়াছে।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৮৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৮ জুলাই।

রহরমপুর এলাকায় একটিং এক্সেকিটিব কর্ম্মকারক শ্রীযুত কাপ্তান এফ পি লেয়ার্ড সাহেব (Captain F. P. Layard,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়ার নদীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মহানন্দ মুখুয্যা ময়মনসিংহের অবৈতনিক চিকিৎসালয়ের ও ঔষধালয়ের চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৫ সাল ১ আগষ্ট।

চব্বিশপরগনার কালেক্টর শ্রীযুত ই টি ট্রুবর সাহেব (Mr. E. T. Trevor,) ঐ জিলাতে নিমকের এজেণ্টও হইবেন।

১৮৫৫ সাল ৩ আগষ্ট।

ত্রিপুরার সদর মুনসেফ ও ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী মহম্মদ অলী ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[Government Gazette, 7th August, 1855.] 8 Z 2

GOVERNMENT ADVERTISEMENTS.
OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৫ সাল তারিখ ১০ আগষ্ট শুক্রবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৩। ৫৪ সালের পয়দায়শী আফিমের অষ্টম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪৪৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	৩০৪৫
বানারসের পয়দায়শী আফিম	১৩৯৫
জুমলা সিন্দুক	———
	৪৪৪০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল খারামুসারে সন ১৮৫৪ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিস্তিবন্দি অর্থাৎ কিস্তিতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৫ সালের ১৫ এবং ২৫ আগষ্ট এই দুই দিবস ক্রমশঃ যদি কল্প যেন অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিষরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৫ সালের ১৫ আগষ্ট বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের নাট খালাসি সববে কিস্তিতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৫ সালের ২৫ আগষ্ট শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম মেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫৩।৫৪ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৫ সালের	১০ সেপ্টেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১১ অক্টোবর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১২ নবম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০ ডিসেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৫০	১৪২৯	৪৪৭৯
				———	———	———
				১২১৮৫	৫৬১৪	১৭৭৯৯

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৫ সাল তারিখ ২৩ জুলাই।

এচ বি বেলি। একটিং ছোট সেক্রেটারী।

(৫৭)

SALT.

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেণ্ট গোলা শুল্কি বাবৎ লাগাদ ৩১ জুলাই সন ১৮৫৫ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাত।

এজেন্সীর নাম।	সন ১২৫৬ সাল ইং- রাজি ১৮৪৯। ৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	০	০	৩৪,০৫৬/	৩৪,০৫৬/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	২,১৪০/	১,৬২,৫৬৬/	১,৬৪,৭০৬/
ঐ ঐ রামনগর।	০	০	০	০	২,৫১৮/৬॥	১,২২,০৩২/	১,২৪,৬০৭/৬॥
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	০	৪১,১৮০/	৪১,১৮০/
ঐ ঐ পুরীঘাটা।	০	০	০	০	২,৮৫৩/৮৸	৭৮,৩৪১/	৮১,১৯৪/৮৸
একুন।	০	০	০	০	৭,৫৬১।৩।	৪,৩৮,১৮২/	৪,৪৫,৭৪৩।৩।
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	৪॥১॥৶	৩,০৮৭/	৩,০৯১॥১॥৶
একুন।	০	০	০	০	৪॥১॥৶	৩,০৮৭/	৩,০৯১॥১॥৶
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	০	১,৪০,৪০৮॥০	১,৪০,৪০৮॥০
ঐ ঐ আরাকিন।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	০	১,৪০,৪০৮॥০	১,৪০,৪০৮॥০

এজেন্সীর নাম।	সন ১২৫৬ সাল ইং- রাজি ১৮৪৯। ৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের।	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	মৌজুদ নমকের এতুন।
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	০	০	০	০	০	০	০
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	১৮০/	৭২/	২৫২/
ঐ ঐ খোরদা।	০	০	০	০	৩৬৯/	০	৩৬৯/
ঐ ঐ চিলকা।	০	০	০	৩৪/	০	০	৩৪/
ঐ হিজলী রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৩৯,৩৯৫৸২	০	০	০	০	০	৩,৩৯,৩৯৫৸২
ঐ ঐ ডাইমন হারবর।	২,৬১৬/	০	০	০	০	০	২,৬১৬/
ঐ সাগর।	০	০	০	০	০	০	০
মান্দ্রাজ পরমিট নেমক।	০	০	০	০	০	* ৩,৪৬,০৬৭/	৩,৪৬,০৬৭/
চিলকা কুরকচ।	০	০	০	০	১,০০,২৫৯/	০	১,০০,২৫৯/
একুন।	৩,৪২,০১১৸২	০	০	৩৪/	১,০০,৮০৪/	৩,৪৬,১৩৯/	৭,৮৮,৯৯২৸২
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	০	৭০২৸৭	২৯,৪০২/৫	৩০,১০৫/২
একুন।	০	০	০	০	৭০২৸৭	২৯,৪০২/৫	৩০,১০৫/২
মোট একুন।	৩,৪২,০১১৸২	০	০	৩৪/	১,০৯,০৭৬৸১৸৵	৯,৫৭,২১৮॥৫	১৪,০৮,৩৪১/৮৸৵

* ১৮৫৪। ৫৫ সালের ২,৮৪,৯৫২/. মোন
১৮৫৫। ৫৬ ,, ৩১,১১৫/

এচ বি বেলি। এক্টিং ছোট সেক্রেটারী।

WANTED

For the Office of the Deputy Collector and Deputy Magistrate of Cox's Bazar, the undermentioned Native Omlahs, who possess a knowledge of the Bengali, Hindee and Persian, can write a neat legible hand, and are well acquainted with the ministerial routine of the Fouzdary and Collectory duties, including land measurement and settlement business. Candidates are expected to furnish satisfactory testimonials of their past services and good conduct.

A Peishkar, Salary 12 Rs. per month.
A Mohafez, Do. 8 Rs. Do.
A Mohurir, Do. 7 Rs. Do.

L. Barber, *Deputy Collector with the powers of Deputy Magistrate.*

Zillah Chittagong, Cox's Bazar Subd., the 30th June, 1855.

আবশ্যক।

যে মোকাম কাকন বাজারের ডিপুটী কালেক্টরী ও ডিং মাজিস্ট্রেটী আফিসের নিম্নোক্ত কার্য্যকারকের পদে যে ব্যক্তি বাঙ্গলা ও উর্দ্দু ও পারশ্য ভাষায় সুশিক্ষিত বটে ও তাহা পরিষ্কৃত ও সুপাঠ্যাক্ষরে লিখিতে পারে ও ফৌজদারী ও কালেক্টরী সিরিশ্তার কর্ম্মের রীতি ও ভূমিপরিমাপক বিদ্যা ও বন্দোবস্ত কর্ম্ম ভালরূপ জ্ঞাত আছে তাহারদিগকে নিযুক্ত করা যায় অতএব কর্ম্মাকাঙ্ক্ষিগণের উচিত যে স্বস্ব কৃত কর্ম্মের ও সৎস্বভাবের সন্তুষ্টজনক দলীল সহ এ কাছারীতে উপস্থিত হয় ইতি ১৮৫৫ ইং ৩০ জুন।

১ পেস্কার মাসিক বেতন ... ... ১২৲
১ মহাফেজ ঐ ... ... ৮৲
১ মোহরের ঐ ... ... ৭৲

এল বারবর ডিপুটী কালেক্টর।

এক্সুয়ারে ডিপুটী মাজিস্ট্রেটী।

CALCUTTA COLLECTORATE NOTICE.

In re-publishing the Ground-rent Redemption Notice of the 1st March, 1853, the Officiating Collector of Calcutta, invites owners of Holdings, to avail themselves of the opportunity offered to obtain Rent-free Certificates, without loss of time. A petition, on plain paper, tendering the amount of purchase money, is all that is required, and if the Holding has been recorded in the name of the Applicant, a Certificate will be immediately issued.

Kylas Chunder Dutt, *Offg. Collector.*

Calcutta, Collector's Office, the 11th July, 1855.

কলিকাতার কালেক্টরীর ইশ্তিহার।

ভূমির রাজস্বহইতে নিষ্কৃতি পাইবার বিষয়ে ১৮৫৩ সালের ১ মার্চ তারিখের বিজ্ঞাপন পুনরায় প্রকাশ করিয়া কলিকাতার একটিং কালেক্টর ভূমির মালিকদিগকে আবেদন করিতেছেন যে তাঁহারা এই সুযোগমতে রাজস্বের নিষ্কৃতির সর্টিফিকট পাইবার জন্যে অগৌণে উদ্যোগ করেন। এই বিষয়ে কেবল এই প্রয়োজন যে তাঁহারা শাদা কাগজে দরখাস্ত লিখিয়া যত টাকা দিলে ভূমি নিষ্কৃতি হয় তাহা দেন। তাহা হইলে ভূমি যদি দরখাস্তকারির নামে লেখা গিয়া থাকে তবে সর্টিফিকট তৎক্ষণাৎ দেওয়া যাইবেক।

শ্রী কৈলাশচন্দ্র দত্ত।
একটিং কালেক্টর।

কলিকাতা। কালেক্টরী কাছারী। ১৮৫৫ সাল ১১ জুলাই।

NOTICE.

The Government having expressed its readiness to permit the redemption of ground-rents at 15 years' purchase, on Lands in the Town of Calcutta, assessed under Act XXIII. of 1850, or of which the previous assessment has been recognized as valid under that Act, it is hereby notified that applications for redeeming may at once be filed in the Collector's Office, and that on payment of the purchase money, a Certificate of Redemption in legal form will be given to the Purchaser.

(Signed) F. A. Lushington, *Collector.*

Calcutta, Collector's Office, the 1st March, 1853.

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ ব্যক্তিদিগকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫০ সালের ২৩ আক্টের কর্ম্মানুসারে শহর কলিকাতার মধ্যস্থিত যে সকল ভূমি বন্দবস্ত হইয়াছে অথবা যে সকল ভূমির মালেক রাজস্ব উক্ত আইনের বিধানক্রমে পাইবার যোগ্য আছে ঐ সকল ভূমির ১৫ পোনের বৎসরের অবধারিত রাজস্ব এককালীন প্রাপ্ত হইলে তাহা রাজস্বহইতে একেবারে নিষ্কৃতি দেওনে সরকার বাহাদুর সম্মত হইয়াছেন অতএব ঐরূপ নিষ্কৃতি পাওনের দরখাস্ত সকল কলিকাতার কালেক্টরি কাছারিতে অবিলম্বে উপস্থিত করিতে হইবেক এবং পণের টাকা দাখিল হইলে খরিদারদিগকে নাখরাজি সনন্দ আইনমত দেওয়া যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ৭ আগষ্ট।]

NOTICE.

Notice is hereby given, that the partnership business of Iron Merchants heretofore carried on by Nursing Doss and Woodoychund Doss, at Burtollah Street, in Burra Bazar, in Calcutta, was on the 31st day of Choitro, 1261, B. S., dissolved by mutual consent, and the same is now carried on by the said Woodoychund Doss alone, and the said Nursing Doss has no interest therein, and if any person shall hereafter lend or advance any money to the said Nursing Doss, neither the said Woodoychund Doss, nor the said business will be responsible for the repayment thereof.—Dated this Twenty-sixth day of July, 1855.

WOODOYCHUND DOSS, *Proprietor.*

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতার বড়বাজারের বড়তলার রাস্তায় শ্রী নরসিংহ দাস ও শ্রী উদয়চাঁদ দাস লোহার সওদাগরী যে কর্ম্ম যৌতায় চালাইতেন সেই যৌতার কর্ম্ম উভয়ের সম্মতিক্রমে বাঙ্গলা ১২৬১ সালের ৩১ চৈত্র তারিখঅবধি রহিত হইয়াছে। আর সেই কর্ম্ম এইক্ষণে উক্ত উদয়চাঁদ দাস একলাই চালাইতেছেন। আর তাহাতে উক্ত নরসিংহ দাসের কোন সম্পর্ক নাই। আর যদি ইহার পরে কোন ব্যক্তি উক্ত নরসিংহ দাসকে কিছু টাকা কর্জ কি আদাম দেয় তবে তাহা শোধ করিবার বিষয়ে উক্ত উদয়চাঁদ দাস কিম্বা উক্ত কর্ম্ম দায়ী হইবেন না ইতি ১৮৫৫ সাল ২৬ জুলাই।

শ্রীউদয়চাঁদ দাস মালিক।

বিজ্ঞাপন।

বিনীতিপুরঃসর নিবেদনং ইঙ্গরাজী প্রসিদ্ধ পুস্তকহইতে সংগ্রহপূর্ব্বক গৌড়ীয় সাধু ভাষায় বাষ্পীয় কলের পুরাবৃত্ত ও নির্ম্মাণ প্রকার ইত্যাদি এবং রেলওয়ের আদ্যোপান্ত উপাখ্যান ও তাহা যেং স্থানের নিকট দিয়া চলিয়াছে সেইং স্থানের বিবরণ। এবং হাওড়াঅবধি রাণীগঞ্জপর্য্যন্তের মানচিত্র ও হাওড়াপ্রভৃতির ইষ্টেসনের ও রেলওয়ের পুল ও পাঁড়ুয়া ইত্যাদি যে সমস্ত মসজিদ মন্দির অট্টালিকাদি আছে তাহার প্রতিরূপ। হাওড়াঅবধি অপরাপর ইষ্টেসনের দূরাদূরত্ব ও ভাড়া এবং বাষ্পীয় শকটে গমনাগমনের সময় ও ঐ গাড়িতে যে সকল দ্রব্যাদি চলিবেক তাহার প্রকার ও ভাড়ার বিবরণপ্রকাশক বাষ্পীয় কল ও ভারতবর্ষীয় রেলওয়েনামক পুস্তক ন্যূনাধিক ৩০০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে উত্তম কাগজে শ্রীরামপুর তমোহর যন্ত্রে প্রকাশ হইতেছে মহাশয়গণ স্বং গুণগ্রামে গ্রন্থকারের উৎসাহবর্দ্ধন ও পরিশ্রম সাফল্যার্থ গ্রাহকশ্রেণীতে স্বং নাম লিখিয়া চরিতার্থ করুন ইতি।

পুস্তকের মূল্য স্বাক্ষরকারির প্রতি ১৷৷০ টাকা তদ্ভিন্নের পক্ষে ২৲ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে। গ্রাহক মহাশয়েরা উক্ত যন্ত্রালয়ের পুস্তক প্রাপ্ত হইবেন।

"তমোহর" যন্ত্রাধ্যক্ষের নিবেদন।

[*Government Gazette, 7th August*, 1855.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 14, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ১৪ আগষ্ট।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 28TH JULY, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 28th July, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 1st of November next :—

A Bill to provide for the acquirement and extinction of rights by prescription and for the limitation of suits.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the acquirement and extinction of rights by prescription; and to amend, make uniform, and consolidate the laws relating to the limitation of suits in all Courts of Judicature within the territories in the possession and under the Government of the East India Company; It is enacted as follows :—

[Title by prescription to moveable property how acquired.]

I. Subject to the exceptions and with the qualifications hereinafter mentioned, whoever has been in possession, mediate or immediate, as proprietor of any moveable property, for the space of six years without interruption, shall acquire a title by prescription both at law and in equity to such moveable property; provided that, if any other title to such property be proved, such possession shall have been adverse thereto; and that nothing herein contained shall be construed to affect any rights arising from the possession of moveable property now recognized by law.

[Title by prescription to immoveable property or hereditary offices how acquired.]

II. Subject to the exceptions and with the qualifications hereinafter mentioned, whoever has

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ২৮ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ২৮ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছিল। তাঁহারা আগামি নবেম্বর মাসের ১ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বহুকালীন ভোগক্রমে স্বত্ব প্রাপ্ত হওনের ও লোপ হওনের, এবং মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

যেহেতুক বহুকালীন ভোগক্রমে স্বত্ব প্রাপ্ত হওনের ও লোপ হওনের বিধান করা, এবং কোম্পানি বাহাদুরের শাসিত ও অধিকৃত দেশের অন্তঃপাতি সকল বিচারআদালতে মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের আইন সংশোধন করা, ও একিপ্রকার করা, ও সংগ্রহ করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[বহুকালীন ভোগক্রমে অস্থাবর সম্পত্তিতে যে প্রকারে স্বত্ব প্রাপ্ত হওয়া যায়।]

১ ধারা। এই আইনের অন্য স্থানে যে বর্জিত কথা ও খর্ব্ব করণের কথা ব্যক্ত হইয়াছে সেই কথা মান্য করিয়া, যে কোন ব্যক্তি স্বয়ং কি অন্যের দ্বারা কোন অস্থাবর সম্পত্তির মালিকরূপে ছয় বৎসরপর্য্যন্ত অবিচ্ছেদে সেই সম্পত্তি দখল করে সেই ব্যক্তি আইনেতে ও একুটিতে বহুকালীন ভোগক্রমে সেই অস্থাবর সম্পত্তির অধিকার প্রাপ্ত হইবেক। পরন্তু যদি সেই সম্পত্তিতে অন্য কোন অধিকারের প্রমাণ হয় তবে ঐ দখল ঐ অধিকারের বিপরীত হইবেক। আর অস্থাবর সম্পত্তির দখলহইতে উৎপন্ন যে কোন স্বত্ব এইক্ষণে আইনেতে স্বীকার হয় তাহার ক্ষতিবৃদ্ধি হইয়াছে এই ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবেক না ইতি।

[বহুকালীন ভোগক্রমে স্থাবর সম্পত্তিতে কিম্বা পুস্তপোস্তাদিক্রমিক পদে যে প্রকারে স্বত্ব প্রাপ্ত হওয়া যায়।]

২ ধারা। এই আইনের অন্য স্থানে যে বর্জিত কথা ও খর্ব্ব করণের কথা ব্যক্ত হইয়াছে সেই কথা মান্য করিয়া যে

been in possession, mediate or immediate, of any immoveable property or hereditary office, as proprietor, for the space of 12 years without interruption, shall acquire a title by prescription both at law and in equity to such immoveable property or office; provided that, if any other title to such property or office be proved, such possession shall have been adverse thereto.

[Title by prescription to occupancy how acquired. Proviso.]

III. When the proprietor of any land, with the knowledge that any person claims a right to occupy such land as tenant in perpetuity, either at a fixed rent, or at a rent assessable according to fixed rules, has permitted that person so to occupy such land for the space of 12 years without interruption, such person, subject to the exceptions and with the qualifications hereinafter contained, shall acquire, as against such proprietor, and all persons claiming through him, a title by prescription to the perpetual occupancy of such land, at a fixed rent, or at a rent assessable according to fixed rules, as the case may be, subject to all the conditions incident to the tenure so claimed by him by any law or usage having the force of law; but nothing herein contained shall give to the occupier of any land a title by prescription to the perpetual occupancy of such land by reason only of the fact that he has been allowed to occupy such land for upwards of 12 years without a lease and paying the same rent.

[Title by prescription to easements how acquired.]

IV. Subject to the exceptions and with the qualifications hereinafter mentioned, whoever has enjoyed mediately or immediately, any benefit, liberty, or privilege derived out of the immoveable property of another, or affecting such immoveable property or any right of ownership over the same for the space of 12 years without interruption, shall acquire by prescription both at law and in equity a right to the enjoyment of such benefit, liberty, or privilege as against the owner of such immoveable property, unless such benefit, liberty, or privilege shall have been enjoyed by some consent or agreement expressly given or made for that purpose by some deed or writing.

[Right to easements, &c., how extinguished.]

V. If the perpetual right to any such benefit, liberty, or privilege as in the last preceding Section mentioned, whether acquired by prescription or otherwise, shall have been disused for 12 years, the same shall be extinguished.

[In what case temporary dispossession, no interruption within the meaning of this Act.]

VI. If any person, having been forcibly dispossessed of immoveable property, or having been prevented from enjoying some benefit, liberty, or privilege derived out of the immoveable property of another or affecting such immoveable property

কোন ব্যক্তি স্বয়ং কি অন্যের দ্বারা কোন স্থাবর সম্পত্তির কি পুত্রপৌত্রাদিক্রমিক পদের মালিকরূপে ১২ বৎসরপর্য্যন্ত অবিচ্ছেদে সেই সম্পত্তির কি পদের দখল করে সেই ব্যক্তি আইনেতে ও একুটিতে বহুকালীন ভোগক্রমে সেই স্থাবর সম্পত্তির কি পদের অধিকার প্রাপ্ত হইবেক। পরন্তু যদি সেই সম্পত্তিতে কি পদেতে অন্য কোন অধিকারের প্রমাণ হয় তবে ঐ দখল সেই অধিকারের বিপরীত হইবেক ইতি।

[বহুকালীন ভোগক্রমে দখল করণের অধিকার যে প্রকারে প্রাপ্ত হওয়া যায়। বর্জ্জিত বিধি।]

৩ ধারা। কোন ব্যক্তি মোকররী জমা দিয়া কিম্বা মোকররী নিয়মমতে যে জমা বসান যাইতে পারে এমত জমা দিয়া চির কালের রাইয়ৎরূপে কোন ভূমির দখল করিবার স্বত্বের দাওয়া রাখে, ইহা জানিয়াও যদি সেই ভূমির মালিক সেই ব্যক্তিকে ১২ বৎসরপর্য্যন্ত অবিচ্ছেদে সেই ভূমি সেই প্রকারে দখল করিতে দেয়, তবে নীচের লিখিত বর্জ্জিত কথা ও খর্ব্ব করণের কথা মান্য করিয়া সেই ব্যক্তি, ঐ মালিকের বিরুদ্ধে ও তাহার দ্বারা যাহারা দাওয়া করে সেই সকল ব্যক্তির বিরুদ্ধে, মোকররী জমা দিয়া, কিম্বা বিষয়বিশেষে মোকররী নিয়মমতে যে জমা বসান যাইতে পারে সেই জমা দিয়া, বহুকালীন ভোগক্রমে ঐ ভূমি চিরকাল দখল করিবার অধিকার পাইবেক। কিন্তু সেই প্রকারে যে অধিকারের দাওয়া করে তৎসম্পর্কীয় যে সকল নিয়ম কোন আইনের দ্বারা কিম্বা আইনের তুল্য বলবৎ কোন রীতির দ্বারা চলন আছে সেই সকল নিয়মের অধীনে ঐ অধিকার পাইবেক। পরন্তু কোন ব্যক্তি পাট্টা বিনা ও একি খাজানা দিয়া ১২ বৎসরের অধিক কালপর্য্যন্ত কোন ভূমি দখল করিবার অনুমতি পাইয়াছে, কেবল এই কারণে তাহাকে বহুকালীন ভোগক্রমে ঐ ভূমি চিরকাল দখল করিবার অধিকার, এই আইনের কোন কথাতে, দেওয়া যাইবেক না ইতি।

[বহুকালীন ভোগক্রমে উপকারের অধিকার যে প্রকারে প্রাপ্ত হওয়া যায়।]

৪ ধারা। নীচের লিখিত বর্জ্জিত কথা ও খর্ব্ব করণের কথা মান্য করিয়া, যে কোন ব্যক্তি, অপর ব্যক্তির স্থাবর সম্পত্তিতে জাত কি ঐ স্থাবর সম্পত্তিসম্পর্কীয় কিম্বা তাহার স্বামিত্বসম্পর্কীয় কোন উপকার কি শক্তি কি বিশেষ ক্ষমতা আপনি কি অন্যের দ্বারা, ১২ বৎসরপর্য্যন্ত অবিচ্ছেদে ভোগ করিয়াছে, সেই ব্যক্তি বহুকালীন ভোগক্রমে আইনেতে ও একুটিতে, ঐ স্থাবর সম্পত্তির স্বামির বিপক্ষে, ঐ উপকারের ও শক্তির ও বিশেষ ক্ষমতার অধিকার পাইবেক। কিন্তু যদি সেই উপকার কি শক্তি কি বিশেষ ক্ষমতা ভোগ করিবার জন্যে কোন দলীলে কিম্বা লিপিতে অনুমতি দেওয়া গিয়াছে কি নিয়ম করা গিয়াছে ও তদনুসারে ঐ উপকারপ্রভৃতি ভোগ হইয়াছে, তবে ঐ অধিকার প্রাপ্ত হইবেক না ইতি।

[উপকারপ্রভৃতির স্বত্ব যেরূপে লোপ হয়।]

৫ ধারা। উক্ত ৪ ধারার লিখিত প্রকারের কোন উপকারের কি শক্তির কি বিশেষ ক্ষমতার চিরকালীন স্বত্ব বহুকালীন ভোগক্রমে কিম্বা অন্য প্রকারে লব্ধ হউক, যদি ১২ বৎসরপর্য্যন্ত তাহার অব্যবহার হয় তবে সেই স্বত্ব লোপ হইবেক ইতি।

[যে গতিকে কিঞ্চিৎ কাল বেদখল হইলেও এই আইনের অভিপ্রায়ের মধ্যের বিচ্ছেদ না হয়।]

৬ ধারা। যদি কোন ব্যক্তি, কোন স্থাবর সম্পত্তিতে বলপূর্ব্বক বেদখল হইলে, কিম্বা অপর ব্যক্তির স্থাবর সম্পত্তিজাত কিম্বা সেই সম্পত্তিসম্পর্কীয় কিম্বা তাহার স্বামিত্বসম্পর্কীয় কোন উপকার কি শক্তি কি বিশেষ ক্ষমতা ভোগ করিতে নিবারিত হইলে, এক্ষণকার চলিত কোন

or any right of ownership over the same, shall have applied, within the time limited by any law now in force, or within one month, to the proper authority, for assistance to recover the possession of his property or the use of such benefit, liberty, or privilege as aforesaid, and shall have recovered the same, the period during which his possession or enjoyment was so interrupted shall not be considered an interruption within the meaning of this Act.

[Possession when to be deemed adverse to other title.]

VII. *Clause* 1.—If the possession on which a title by prescription is claimed was acquired by the dispossession of any person claiming under another title or any person through whom he derives such title; or in opposition to another title which had then accrued but on which possession had not been taken, or having been taken had been previously interrupted; such possession shall, in either case, be deemed to have been adverse to such other title from the time at which it actually commenced.

[Under what circumstances the possession shall not be deemed adverse to others.]

Clause 2.—If the possession on which a title by prescription is claimed was acquired before the title that may be proved in opposition thereto first accrued, such possession shall not be deemed to have been adverse to the parties claiming under such other title, except from the time at which such other title accrued; and if the person claiming in right of such title, or any person through whom he claims, having any estate or interest in reversion or remainder, shall have become entitled to the same in possession by reason of any forfeiture or breach of condition, but shall have waived his right to recover thereupon, the possession on which a title by prescription is claimed shall not be deemed to have become adverse to him, or to any person claiming through him, until the determination of the previous estate or interest otherwise than by such forfeiture.

[Dispossession of a party holding a limited lease or other tenure shall not be deemed adverse to the proprietor.]

Clause 3.—If the possession on which a title by prescription to any immoveable property is claimed has been acquired by the dispossession of any person in possession of such property by virtue of any lease, or other intermediate tenure of limited duration which is liable to be forfeited or cancelled for non-payment of rent, or the breach of any condition, such possession shall not be deemed to have been adverse to the person entitled to the property subject to such lease or intermediate tenure, except from the time when such lease or intermediate tenure shall have determined by efluxion of time, or by forfeiture or cancellation in due course of law, as the case may be.

আইনের নিরূপিত মিয়াদের মধ্যে, কিম্বা এক মাসের মধ্যে, আপনার সম্পত্তির অধিকার কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের উপকার কি শক্তি কি বিশেষ ক্ষমতার ব্যবহার পুনরায় পাইবার জন্যে উপযুক্ত কার্য্যকারকের নিকটে সাহায্য প্রার্থনা করে, ও সেই সম্পত্তিপ্রভৃতি ফিরিয়া পায়, তবে তাহার অধিকার কি ভোগ করণের বিচ্ছেদ যত কালপর্য্যন্ত হইয়াছিল, তাহা এই আইনের অর্থের মধ্যে বিচ্ছেদ জ্ঞান হইবেক না ইতি।

[যে স্থলে দখল করণ অন্য অধিকারের বিপরীত জ্ঞান হইবেক।

৭ ধারা। ১ প্রকরণ —যে দখলের বলে বহুকালীন ভোগক্রমে অধিকারের দাওয়া হয় তাহা, যদি অন্য অধিকারক্রমের দাওয়াদার কোন ব্যক্তিকে, কিম্বা সেই ব্যক্তি যাহার দ্বারা ঐ অধিকার প্রাপ্ত হয় এমত কোন ব্যক্তিকে বেদখল করণের দ্বারা পাওয়া গিয়াছিল, কিম্বা অন্য যে অধিকার তৎকালে জন্মিয়াছিল কিন্তু তৎক্রমে দখল করা যায় নাই কিম্বা দখল করা গেলেও পূর্ব্বে কিছু কাল বিচ্ছেদ হইয়াছিল এমত অধিকারের বিরুদ্ধে, পাওয়া গিয়াছিল, তবে ঐ উভয় গতিকের কোন গতিকে, ঐ দখল যে সময়ে নিতান্ত আরম্ভ হইয়াছিল সেই সময়াবধি তাহা ঐ অন্য অধিকারের বিপরীত জ্ঞান হইবেক।

[যে স্থলে ঐ দখল করণ অন্য অধিকারের বিপরীত জ্ঞান হইবেক না।]

২ প্রকরণ।—যে দখলের বলে বহুকালীন ভোগক্রমে অধিকারের দাওয়া হয় তাহা, যদি তদ্বিপরীত প্রমাণ করা অধিকারের প্রথম জন্মিবার পূর্ব্বে পাওয়া গিয়াছিল, তবে ঐ অন্য অধিকার যে সময়ে জন্মিয়াছিল কেবল সেই সময়াবধি, ঐ দখল ঐ অন্য অধিকারক্রমে দাওয়াদার ব্যক্তিদের বিপরীত জ্ঞান হইবেক। আর যে ব্যক্তি সেইরূপ অধিকারের শক্তিতে দাওয়া করে সেই ব্যক্তি, কিম্বা যাহার দ্বারা সে দাওয়া করে, অন্যের অধিকার কি সম্পর্ক অতীত হইলে পর কিম্বা মিয়াদী উত্তরাধিকারির অধিকারিত্ব শেষ হইলে পর যাহার অধিকারিত্ব কি সম্পর্ক থাকে এমত কোন ব্যক্তি, যদি নিয়মের কোন খেলাফ কি লঙ্ঘন হওয়াপ্রযুক্ত সেই সম্পত্তি দখল করিবার অধিকার প্রাপ্ত হয়, কিন্তু তদনুসারে তাহা গ্রহণ করিবার আপনার স্বত্ব ত্যাগ করে, তবে যে দখলের বলে বহুকালীন ভোগক্রমে অধিকারের দাওয়া হয় সেই দখল, সেইরূপ খেলাফ ভিন্ন অন্যপ্রকারে, পূর্ব্বকার অধিকারের কি সম্পর্কের শেষ না হওয়াপর্য্যন্ত, সেই ব্যক্তির কিম্বা তাহার দ্বারা যে কোন ব্যক্তি দাওয়া করে তাহার বিপরীত জ্ঞান হইবেক না ইতি।

[যাহার মিয়াদী পাট্টা কি অন্য অধিকার থাকে তাহাকে বেদখল করণ স্বামির বিপরীত জ্ঞান হইবেক না।]

৩ প্রকরণ।—যে দখলের বলে বহুকালীন ভোগক্রমে স্থাবর সম্পত্তির অধিকারের দাওয়া হয় সেই দখল, যদি কোন পাট্টার, কিম্বা নিরূপিত মিয়াদের যে দরমিয়ানী পাট্টা খাজানা না দেওনপ্রযুক্ত কিম্বা কোন নিয়মের লঙ্ঘনপ্রযুক্ত খেলাফ কি রহিত হইতে পারিবেক এমত কোন পাট্টার শক্তিক্রমে যে জন ঐ সম্পত্তি দখল করিতেছিল তাহাকে বেদখল করণের দ্বারা প্রাপ্ত হওয়া গিয়াছে, তবে যেসময়ে ঐ পাট্টা কি দরমিয়ানী পাট্টা মিয়াদ অতীত হওয়াতে রহিত হয়, কিম্বা বিষয়বিশেষে আইনের ধারামতে খেলাফ হওনের কি বাতিল হওনের দ্বারা রহিত হয়, কেবল সেই সময়াবধি ঐ দখল করণ, উক্ত পাট্টা কি দরমিয়ানী পাট্টাক্রমে সম্পত্তির অধিকারপ্রাপ্ত ব্যক্তির বিপরীত জ্ঞান হইবেক।

[Under what circumstances the possession shall not be held adverse to a purchaser of a tenure sold for arrears of rent.]

Clause 4.—If the possession on which a title by prescription is claimed shall have been acquired by the dispossession of any person entitled to the possession of any immoveable property by virtue of any Putnee or other dependent tenure which, by any law or usage, is liable to be sold for arrears of rent due from it by order of a Civil Court or Revenue Officer of the East India Company, freed from the sub-tenures or other incumbrances created by the defaulting proprietor thereof; such possession shall not be deemed to have been adverse to the purchaser at any such sale of such Putnee Talook or other saleable tenure, except from the time of the confirmation of the title of such purchaser.

[When acquired by means of concealed fraud.]

VIII. If the possession upon which a title by prescription is claimed has been first acquired by means of a fraud, it shall not be deemed adverse to any person whose title would be extinguished by such prescription until the time at which such fraud shall, or with reasonable diligence might, have been first known by him, or by any party through whom he claims, unless such title by prescription shall be claimed by a *bonâ fide* purchaser for valuable consideration, or by some person through such purchaser.

[When acquired by a *bonâ fide* purchaser for value from trustee, &c.]

IX. Possession acquired by a *bonâ fide* purchaser for valuable consideration from a trustee or from a depositary, pawnee, or mortgagee shall be deemed adverse to the beneficial owner under the trust, depositor, pawner, or mortgagor from the time of the acquisition by purchase.

[Title by prescription when acquired by mortgagors, pawners, &c.]

X. A title by prescription shall be acquired by possession by or through a depositary, pawnee, or mortgagee against the depositor, pawner, or mortgagor, if such possession shall have continued without interruption for 30 years in the case of moveable property and 60 years in the case of immoveable property, unless in the meantime an acknowledgment of the title of the depositor, pawner, or mortgagor, or of his right of redemption, shall have been given to him, or some person claiming his interest, in writing signed by the depositary, pawnee, or mortgagee, or some person claiming through him; in which case prescription shall not take effect until possession shall have been had without interruption for 30 or 60 years, as the property may be moveable or immoveable, from the date of such acknowledgment in writing.

[যে গতিকে দখল করণ, বাকী জমার বাবৎ নীলাম-হওয়া ভূমির খরীদারের বিপরীত জ্ঞান হইবেক না।]

৪ প্রকরণ।—যে দখলের বলে বহুকালীন ভোগক্রমে অধিকারের দাওয়া হয় সেই দখল, যদি কোন পত্তনি কিম্বা মফঃসলী অন্য যে কোন জমী কোন আইন কি ব্যবহার-মতে কোম্পানি বাহাদুরের কোন দেওয়ানী আদালতের কিম্বা রাজস্বের কর্ম্মকারকের হুকুমঅনুসারে বাকী জমার বাবৎ, বাকীদার মালিকের সৃষ্ট পেটাও পাট্টা কিম্বা অন্য ভারহইতে মুক্ত হইয়া, নীলাম হইতে পারে, এমত কোন পত্তনি কি মফঃসলী অন্য জমীর পাট্টা-ক্রমে কোন স্থাবর সম্পত্তির দখলের অধিকারপ্রাপ্ত কোন ব্যক্তিকে বেদখল করণের দ্বারা, প্রাপ্তহওয়া যায়, তবে ঐ পত্তনি তালুক কি বিক্রয়যোগ্য অন্য জমীর নীলামী খরী-দারের অধিকার যে সময়ে সাব্যস্ত হয় কেবল সেই সময়-বধি ঐ দখল ঐ খরীদারের বিপরীত হইয়াছে জ্ঞান হই-বেক ইতি।

[যখন গুপ্ত চাতুরীদ্বারা প্রাপ্ত হওয়া গিয়াছে।]

৮ ধারা। যে দখলের বলে বহুকালীন ভোগক্রমে অধিকারের দাওয়া হয় সেই দখল যদি প্রথমে চাতুরীর দ্বারা প্রাপ্ত হওয়া গিয়াছে, তবে, উপযুক্ত মূল্য দিয়া প্রকৃত-প্রস্তাবের খরীদার কিম্বা ঐ খরীদারের দ্বারা অন্য ব্যক্তি বহুকালীন ভোগক্রমে ঐ অধিকারের দাওয়া না করিলে, সেই বহুকালীন ভোগক্রমে যে কোন ব্যক্তির অধিকার লোপ হইত সেই ব্যক্তি কিম্বা তাহার দ্বারা অন্য যে কেহ দাওয়া করে সেই ব্যক্তি যে সময়ে ঐ চাতুরী প্রথমে জ্ঞাত হইয়াছিল কিম্বা উপযুক্ত উদ্যোগ করিলে জ্ঞাত হইতে পারিত, সেই সময়অবধি ঐ দখল করণ তাহার বিপরীত হইয়াছে এমত জ্ঞান হইবেক ইতি।

[যখন ট্রষ্টিপ্রভৃতির স্থানে মূল্য দিয়া প্রকৃতপ্রস্তাবের খরীদার দখল প্রাপ্ত হয়।]

৯ ধারা। ট্রষ্টির স্থানে, কিম্বা যাহার নিকটে সম্পত্তি গচ্ছিত করা যায় কি বোধ রাখা যায় কি বন্ধক দেওয়া যায় তাহার স্থানে, প্রকৃতপ্রস্তাবের খরীদার উপযুক্ত মূল্য দিয়া যে দখল পায়, সেই দখল খরীদ করণের দ্বারা প্রাপ্ত হওনের সময়াবধি, ঐ ট্রষ্টের কিম্বা গচ্ছিতকরণিয়ার কি বোধরাখণিয়ার কি বন্ধকদেওনিয়ার অধীনে যে জন উপ-কার প্রাপ্য স্বামী হয় তাহার বিপরীত হইয়াছে, এমত জ্ঞান হইবেক ইতি।

[যে ব্যক্তি সম্পত্তি বন্ধক দেয় কি বোধ রাখে ইত্যাদি সেই ব্যক্তি যে অবস্থায় বহুকালীন ভোগক্রমে অধি-কার প্রাপ্ত হয়।]

১০ ধারা। যাহার নিকটে সম্পত্তি গচ্ছিত করা যায় কি বোধ রাখা যায় কি বন্ধক দেওয়া যায় সেই ব্যক্তি কি তা-হার দ্বারা অন্য ব্যক্তি, অস্থাবর সম্পত্তি হইলে ত্রিশ বৎ-সরপর্য্যন্ত, কিম্বা স্থাবর সম্পত্তি হইলে ষাইট বৎসরপর্য্যন্ত যদি তাহা অবিচ্ছেদে দখল করিয়া থাকে, তবে সেই ব্যক্তি গচ্ছিতকরণিয়ার কি বোধরাখণিয়ার কি বন্ধকদেওনি-য়ার বিরুদ্ধে বহুকালীন ভোগক্রমে অধিকার পাইবেক। কিন্তু যদি ইহার মধ্যে কোন সময়ে ঐ গচ্ছিতকরণিয়ার কি বোধরাখণিয়ার কি বন্ধকদেওনিয়ার অধিকারের, কি গচ্ছিত করাপ্রভৃতি দ্রব্য খালাস করণের স্বত্বের এক স্বীকারপত্র, ঐ গচ্ছিত কি বোধ রাখা দ্রব্যগ্রহণিয়ার কি বন্ধকলওনিয়ার কিম্বা তাহার দ্বারা দাওয়াদার অন্য ব্যক্তির দস্তখৎক্রমে, তাহাকে কি তাহার সম্পর্কের দাও-য়াদার কোন ব্যক্তিকে লিখিয়া দেওয়া যায়, তবে ঐ স্বী-কারপত্রের তারিখের পর, অস্থাবর সম্পত্তি হইলে ত্রিশ বৎসরপর্য্যন্ত কিম্বা স্থাবর সম্পত্তি হইলে ষাইট বৎসর-পর্য্যন্ত অবিচ্ছেদে দখল না হইলে, বহুকালীন ভোগ-ক্রমের অধিকার হইবেক না ইতি।

[Periods of prescription how computed.]

XI. *Clause* 1.—In computing the periods of possession or enjoyment whereby a title or right by prescription may be acquired under Sections I., II., III., and IV. of this Act, the time during which any person entitled to interrupt such possession or enjoyment shall have been under the disability of infancy; or unsoundness of mind; or, if a woman subject to the law of England, of coverture; or shall have been absent from the territories in the possession and under the Government of the East India Company and in some place beyond the Continent of India; shall be excluded from the computation. Provided that no longer time than 18 years shall be excluded from such computation on account of any such disability, and that no longer time than five years shall be excluded from such computation on the ground of absence, and that such absence shall have been continuous from the time when the title of such person accrued.

Clause 2.—In computing the several periods of possession or enjoyment in the last Clause mentioned or referred to, the time during which any suit brought *bonâ fide* to interrupt the possession or enjoyment shall have been pending and shall have been diligently prosecuted in any Court of the East India Company which shall have nonsuited the Plaintiff for defective pleading; or in any Court of Judicature which, from defect of jurisdiction or other cause, shall have been incompetent to decide upon it, or shall have passed a decision which shall have been annulled on appeal for any such cause; shall also be excluded from such computation.

Clause 3.—In computing the period of possession whereby a title by prescription may be acquired under Section I. of this Act, the time during which the person in possession of the moveable property claimed shall have been absent out of the territories of the East India Company, shall also be excluded from such computation.

Clause 4.—In computing the period of disuse whereby a perpetual right may be extinguished under Section V. of this Act, the time during which the party entitled to such right shall have been under the disability of infancy or unsoundness of mind, or, if a woman subject to the law of England, of coverture, shall be excluded from such computation, provided that no longer time than 18 years shall be so excluded on account of any such disability.

[When Plaintiff suing for property or rights to which a title may be acquired by prescription is to be barred by lapse of time. Proviso.]

XII. No Plaintiff in any suit for property or rights to which the above rules are applicable, shall be barred by any length of time, except when a title shall have been acquired by some other person by prescription, or when the right claimed by the Plaintiff shall have been extinguished by prescrip-

[বহুকালীন ভোগ করণের কাল যে প্রকারে হিসাব করিতে হইবেক।]

II. Upon such petition, the Governor General of India in Council may make an order authoriz-

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ২৮ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ২৮ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছিল। তাঁহারা আগামি নবেম্বর মাসের ১ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

নবকল্পিত শিল্প দ্রব্য নির্ম্মাতারদিগকে বিশেষ ক্ষমতা দান করণের আইন।

[হেতুবাদ।]

যেহেতুক নূতন ও কর্ম্মণ্য শিল্প দ্রব্য নির্ম্মাতারদিগকে উৎসাহ দিবার জন্যে তাঁহারদের এ নবকল্পিত দ্রব্যবিষয়ে তাঁহারদেরভিন্ন অন্য কেহ যাহা পাইতে পারেন না এমত ক্ষমতা তাঁহারদিগকে ভারতবর্ষে প্রদান করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[নবকল্পিত দ্রব্যনির্ম্মাতা বিবরণপত্র দাখিল করিবার অনুমতি প্রার্থনা করিতে পারেন। এ দরখাস্তের পাঠ-প্রভৃতি।]

১ ধারা। কোন নবকল্পিত ও কর্ম্মণ্য শিল্প দ্রব্যের প্রকৃত ও প্রথম নির্ম্মাতা সেই দ্রব্যের বিবরণপত্র দাখিল করিবার অনুমতি পাইবার জন্যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিকটে দরখাস্ত করিতে পারিবেন। এমত প্রত্যেক দরখাস্ত এই আইনের শেষের লিখিত তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লিখিয়া দেওয়া যাইবেক, ও তাহাতে দরখাস্তকারির স্বাক্ষর থাকিবেক, কিম্বা যদি দরখাস্তকারী ভারতবর্ষের মধ্যে না থাকেন তবে তাঁহার ক্ষমতাপ্রাপ্ত এক জন মোখ্তারের স্বাক্ষর থাকিবেক। ও তাহাতে দরখাস্তকারির নাম ও উপাধি ও বাসস্থান লেখা থাকিবেক ও সেই নবকল্পিত নির্ম্মাণের প্রকৃত নির্দিষ্ট থাকিবেক ইতি।

[বিবরণপত্র দাখিল করিবার হুকুম।]

২ ধারা। এমত দরখাস্ত দেওয়া গেলে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর দর-

ing the petitioner to file a specification of the invention.

[Power to refer petition for enquiry and report. Costs of enquiry.]

III. Before making such order, the Governor General of India in Council may refer the petition to any person or persons for enquiry and report, and such person or persons shall be entitled to a reasonable fee for such enquiry and report; the amount of such fee, in case of dispute, to be settled by the Governor General of India in Council.

খাস্তকারিকে ঐ নবকল্পিত শিল্প দ্রব্যের বিবরণ দাখিল করিবার অনুমতির হুকুম করিতে পারিবেন ইতি।

[ঐ দরখাস্ত অনুসন্ধানের ও রিপোর্টের নিমিত্তে অর্পণ করিবার ক্ষমতা। অনুসন্ধান করিবার খরচ।]

৩ ধারা। ঐ প্রকার হুকুম করিবার পূর্ব্বে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর অনুসন্ধান হইবার ও রিপোর্ট করিবার জন্যে ঐ দরখাস্ত কোন ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি অর্পণ করিতে পারিবেন, ও সেই ব্যক্তি কি ব্যক্তিরা সেইরূপ অনুসন্ধান ও রিপোর্ট করিবার জন্যে উপযুক্ত রমুম পাইবার যোগ্য হইবেন। ঐ রমুমের বিষয়ে যদি বিবাদ হয়, তবে তাহা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর নিষ্পত্তি করিবেন ইতি।

[Exclusive privilege for 14 years. Extension of term of exclusive privilege.]

IV. If, within the space of six calendar months from the date of such order, the petitioner shall cause a specification of his said invention to be filed in manner hereinafter mentioned, the said petitioner, his executors, administrators, and assigns, shall be entitled to the sole and exclusive privilege of making, selling, and using the said invention in India, and of authorizing others so to do for the term of 14 years from the time of filing such specification and for such further term, if any, not exceeding 14 years from the expiration of the first 14 years, as the Governor General of India in Council may think fit to direct, upon petition to be presented by such inventor, his executors, administrators, or assigns, at any period not more than one year, and not less than six calendar months, before the expiration of the exclusive privilege hereby granted.

[১৪ বৎসরপর্য্যন্ত বিশেষ ক্ষমতা। ঐ বিশেষ ক্ষমতার মিয়াদ বৃদ্ধি হইতে পারিবেক।]

৪ ধারা। যদি দরখাস্তকারী সেই হুকুমের তারিখ অবধি ছয় মাসের মধ্যে আপনার উক্ত নবকল্পিত শিল্প দ্রব্যের বিবরণ এই আইনের মধ্যে পরে নির্দ্দিষ্ট প্রকারে দাখিল করান্, তবে ঐ বিবরণ দাখিল করিবার সময়াবধি ১৪ বৎসরপর্য্যন্ত, কেবল উক্ত দরখাস্তকারী ও তাঁহার অছিরা ও আডমিনিস্ট্রেটরেরা ও আসৈনেরাভিন্ন অন্য কোন ব্যক্তি ভারতবর্ষের মধ্যে উক্ত নবকল্পিত দ্রব্য প্রস্তুত করিতে ও বিক্রয় করিতে ও ব্যবহার করিতে এবং অন্যেরদিগকে তদ্রূপ করিবার ক্ষমতা দিতে পারিবেন না। আর এতদ্দ্বারা যে বিশেষ ক্ষমতা দত্ত হইয়াছে তাহার উক্ত মিয়াদ অতীত হইবার পূর্ব্বে এক বৎসরের অধিক না হয় ও ছয় মাসের কম না হয় এমত কোন সময়ের মধ্যে, যদি উক্ত দ্রব্যনির্ম্মাতা কি তাঁহার অছিরা কি আডমিনিস্ট্রেটরেরা কি আসৈনেরা দরখাস্ত উপস্থিত করেন, তবে কোন মিয়াদ দেওয়া গেলে, প্রথম চৌদ্দ বৎসর অতীত হইলে পর আর চৌদ্দ বৎসরের অধিক না হয়, এমত যে মিয়াদ হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর আজ্ঞা করা উচিত বোধ করেন, সেই অধিক মিয়াদপর্য্যন্ত, তাঁহারদের ঐ ক্ষমতা থাকিবেক ইতি।

[Order to file specification may be made subject to condition.]

V. Any order authorizing the filing of a specification, or for extending the term of such exclusive privilege as aforesaid, may be made subject to any such conditions and restrictions as the Governor General of India in Council may think expedient.

[বিবরণপত্র দাখিল করিবার কোন২ নিয়ম করা যাইতে পারে।]

৫ ধারা। বিবরণপত্র দাখিল করিবার অনুমতি দেওনের, কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের বিশেষ ক্ষমতার মিয়াদ বৃদ্ধি করণের কোন হুকুম, যে নিয়ম ও নিষেধ হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর বিহিত বোধ করেন, সেই নিয়মের ও নিষেধের অধীনে করা যাইতে পারিবেক ইতি।

[Specification.]

[বিবরণপত্র।]

VI. Every specification of an invention filed under this Act shall be in writing, and shall be signed by the said petitioner, and shall particularly describe and ascertain the nature of the said invention and in what manner the same is to be performed.

৬ ধারা। এই আইনানুসারে নবকল্পিত শিল্প দ্রব্যের যে বিবরণ দাখিল করা যায় তাহা লিখিয়া দাখিল করিতে হইবেক। ও তাহাতে উক্ত দরখাস্তকারির স্বাক্ষর থাকিবেক, আর উক্ত দ্রব্যের প্রকার ও তাহা যে প্রকারে করিতে হয় তাহা বিশেষ করিয়া নির্দ্দিষ্ট ও নিশ্চিত করা যাইবেক ইতি।

[Petition and specification to be left with Secretary to Government. Petition, &c. to be accompanied by declaration. Date of delivery to be endorsed on petition.]

VII. Every petition for leave to file a specification, and every specification filed under this Act, shall be left with the Secretary to the Government of India in the Home Department, and every petition and specification shall be accompanied by a

[দরখাস্ত ও বিবরণপত্র গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে রাখিয়া দেওয়া যাইবেক। দরখাস্তপ্রভৃতির সঙ্গে জাপনপত্র থাকিবেক। দরখাস্ত দিবার তারিখ তাহার পৃষ্ঠে লেখা থাকিবেক।]

৭ ধারা। বিবরণপত্র দাখিল করিবার অনুমতির প্রত্যেক দরখাস্ত, ও এই আইনমতে দাখিলকরা প্রত্যেক বিবরণপত্র, দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে রাখা যাইবেক। আর প্রত্যেক দরখাস্ত ও বিবরণপত্রের সঙ্গে ঐ দ্রব্যনির্ম্মাতার

declaration in writing signed by the inventor in the form or to the effect mentioned in the Schedule hereunto annexed, marked A and B; and if the inventor be absent from India, the petition and specification shall also be accompanied by a declaration signed by the agent who shall present or file the same, to the effect that he verily believes the declaration purporting to be the declaration of the inventor, was signed by him, and that the contents thereof are true, which declaration shall be in the form hereunto annexed, marked C. The day of the delivery of every such petition and specification shall be endorsed on the same respectively and shall also be recorded at the office of the said Secretary.

[False statement in declaration punishable as perjury.]

VIII. If any person, who shall make a declaration under this Act, shall wilfully and corruptly make any false statement therein, he shall be deemed guilty of perjury, and shall be proceeded against and, upon conviction, punished accordingly.

[Specification not to be filed before payment of fees.]

IX. No specification shall be filed until the petitioner shall have paid all fees payable under this Act, including the fees, if any, of the person or persons to whom the petition shall have been referred for inquiry and report.

[Copies of specification to be delivered and distributed.]

X. At the time of delivering the specification for the purpose of being filed, the petitioner shall cause to be delivered to the said Secretary fifty printed copies thereof, which shall be disposed of by the said Secretary in such manner as the Governor General in Council shall from time to time direct. Provided that

One copy shall be sent to and filed by one of the Secretaries to the Government of Bengal,

One of such copies shall be sent to and filed by one of the Secretaries to the Government of Fort St. George,

One copy shall be sent to and filed by one of the Secretaries to the Government of Bombay, and

One of the said copies shall be sent to and filed by one of the Secretaries to the Government of the North-Western Provinces; and a copy of such specification shall be open at all reasonable times at the office of each of the said Secretaries for public inspection upon payment of a fee of one rupee.

[Book for the registry of petitions, specifications, &c.]

XI. A book shall be kept in the office of the said Secretary to the Government of India wherein shall be entered and recorded every such peti-

স্বাক্ষরকরা এক লিখিত জ্ঞাপনপত্র থাকিবেক, তাহা এই আইনের শেষের A. ও B. চিহ্নিত তফসীলের পাঠে কি তাহার মর্ম্মে লিখিতে হইবেক আর যদি ঐ নির্ম্মাতা ভারতবর্ষের মধ্যে না থাকেন তবে তাঁহার যে মোক্তার ঐ দরখাস্ত ও বিবরণ উপস্থিত কি দাখিল করেন তাঁহার দস্তখৎকরা অন্য এক জ্ঞাপনপত্রও ঐ দরখাস্তের ও বিবরণপত্রের সঙ্গে থাকিবেক, তাহা এই আইনের শেষ ভাগের লেখা C. চিহ্নিত পাঠানুসারে হইবেক। তাহার মর্ম্ম এই যে, ঐ দ্রব্যনির্ম্মাতার জ্ঞাপনপত্র বলিয়া এই যে জ্ঞাপনপত্র আছে তাহাতে তাঁহার স্বাক্ষর আছে ও তাহার লিখিত কথা সত্য আমার এইমত দৃঢ় বিশ্বাস আছে। সেই প্রকারের প্রত্যেক দরখাস্ত ও বিবরণপত্র যে২ তারিখে দেওয়া যায় সেই২ তারিখ তাহার পৃষ্ঠে লেখা থাকিবেক এবং উক্ত সেক্রেটারী সাহেবের দফ্তরখানায় রিকার্ড করা যাইবেক ইতি।

[জ্ঞাপনপত্রেতে মিথ্যা কথা থাকিলে তাহার মিথ্যাশপথের দণ্ড হইতে পারে।]

৮ ধারা। যে কোন ব্যক্তি এই আইনানুসারে জ্ঞাপনপত্র লেখেন তিনি যদি জানিয়াশুনিয়া ও দুষ্টতা করিয়া তাহার মধ্যে কিছু মিথ্যা কথা লেখেন, তবে তাঁহাকে মিথ্যা শপথের দোষী জ্ঞান হইবেক, ও তাঁহার নামে নালিশ হইয়া তাঁহার দোষ সাব্যস্ত হইলে তাঁহার তদনুসারে দণ্ড হইবেক ইতি।

[রসুম না দেওয়া গেলে বিবরণপত্র অর্পণ করা যাইবেক না।]

৯ ধারা। এই আইনানুসারে যে সকল রসুম দিতে হয়, এবং দরখাস্ত অনুসন্ধান ও রিপোর্ট হইবার জন্যে যদি কোন ব্যক্তির কি ব্যক্তিরদের প্রতি সমর্পিত হয় তবে তাঁহারদের রসুম সমেত সমুদয় রসুম দরখাস্তকারী না দিলে, বিবরণপত্র অর্পণ করা যাইতে পারিবেক না ইতি।

[বিবরণপত্রের কএক কেতা নকল দেওয়া যাইবেক ও বিলি করা যাইবেক।]

১০ ধারা। নথীতে রাখিবার জন্যে বিবরণপত্র দেওনের সময়ে, দরখাস্তকারী উক্ত সেক্রেটারী সাহেবকে তাহার ছাপাকরা পঞ্চাশ কেতা নকল দেওয়াইবেন। তাহা লইয়া হজুর কৌন্সলে শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর সময়ে২ যেমন আজ্ঞা করেন তেমনি করা যাইবেক। পরন্তু

তাহার এক কেতা নকল বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের কোন এক জন সেক্রেটারী সাহেবকে দেওয়া যাইবেক, আর তিনি তাহা নথী করিয়া রাখিবেন।

আর এক কেতা মান্দ্রাজের গবর্ণমেণ্টের কোন এক জন সেক্রেটারী সাহেবকে দেওয়া যাইবেক, আর তিনি তাহা নথী করিয়া রাখিবেন।

আর এক কেতা বোম্বাইয়ের গবর্ণমেণ্টের কোন এক সেক্রেটারী সাহেবকে দেওয়া যাইবেক, আর তিনি তাহা নথী করিয়া রাখিবেন।

আর এক কেতা উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের কোন এক জন সেক্রেটারী সাহেবকে দেওয়া যাইবেক, আর তিনি তাহা নথী করিয়া রাখিবেন। আর উক্ত বিবরণপত্রের এক২ কেতা উক্ত সেক্রেটারী সাহেবেরদের দফ্তরখানায় সকল লোকের দেখিবার জন্যে উপযুক্ত সময়ে খোলা থাকিবেক। যে কেহ দেখিতে চাহেন তিনি ১৲ টাকা রসুম দিলে তাহা দেখিতে পারিবেন।

[দরখাস্ত ও বিবরণপত্রপ্রভৃতি রেজিষ্টরী করিবার বহী।]

১১ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টের উক্ত সেক্রেটারী সাহেবের দফ্তরখানায় একখান বহী থাকিবেক, তাহাতে উক্ত প্রকারের প্রত্যেক দরখাস্ত ও বিবরণপত্র আর ঐ দর-

tion and specification and every order made upon such petition or relating to the invention therein mentioned. Every specification shall be numbered according to the order in which it is entered in such book; and a reference shall be made in such book, in the margin of the entry of each specification, to every order relating to the invention.

[Inspection, &c. of registry book. Certified copy of entry to be given.]

XII. Such book, or a copy thereof, shall be open at all convenient times for the inspection of any person upon payment of a fee of one rupee; and the said Secretary shall cause a copy of any entry therein, certified under his hand, to be given to any person requiring the same, on payment of a fee of five rupees and the expense of copying.

[Certified copy to be *primâ facie* evidence.]

XIII. Every such certified copy shall be *primâ facie* evidence of the document of which it purports to be a copy.

[No person entitled to exclusive privilege in any of the following cases.]

XIV. No person shall be entitled to any exclusive privilege under the provisions of this Act—

[If invention not new, or]

If the said invention, at the time of presenting the petition for leave to file the specification, was not a new invention as to the public use and exercise thereof, or

[Not useful, or]

If the same is not useful to the public, or

[If petitioner is not first inventor, or]

If the petitioner is not the true and first inventor thereof, or

[If specification does not describe the invention.]

If the specification filed does not particularly describe and ascertain the nature of the invention and in what manner the same is to be performed.

[Exclusive privilege to terminate if declared mischievous, &c. to public. Or if Government, upon breach of condition, declare that it shall cease.]

XV. Every exclusive privilege under this Act shall cease if the Governor General of India in Council shall declare that the same, or the mode in which it is exercised, is mischievous to the State, or generally prejudicial to the public; or if a breach of any special condition on which the petitioner was authorized to file a specification, or upon which the term of the exclusive privilege was extended, shall be proved to the satisfaction of the Supreme Court of Judicature at Fort William in Bengal, and if the Governor General of India shall

খাতের উপর কিম্বা ঐ দরখাস্তের লিখিত নবকল্পিত দ্রব্যসম্পর্কীয় যে২ হুকুম করা যায় তাহা ঐ বহীতে লিখিয়া রাখা যাইবেক। এবং২ বিবরণপত্র যে ক্রমে ঐ বহীতে লেখা যায় সেই ক্রমানুসারে তাহাতে নম্বর দেওয়া যাইবেক। আর ঐ বহীতে প্রত্যেক বিবরণপত্র যে পৃষ্ঠায় লেখা যায় তাহার হাসিয়াতে ঐ নবকল্পিত শিল্প দ্রব্যের সম্পর্কীয় প্রত্যেক হুকুমের কথার উল্লেখ থাকিবেক ইতি।

[রেজিষ্টরী বহী দেখিয়া লওন ইত্যাদি। লিখিত কথার দস্তখৎকরা নকল দেওয়া যাইবেক।]

১২ ধারা। ঐ বহী কি তাহার এক নকল কোন ব্যক্তির দেখিবার নিমিত্তে উপযুক্ত সকল সময়ে খোলা থাকিবেক। কিন্তু যে কেহ দেখিতে চাহেন তাঁহার এক টাকা রসুম দিতে হইবেক। আর যে কোন ব্যক্তি ঐ পুস্তকের লিখিত কোন কথার নকল চাহেন, তিনি পাঁচ টাকা রসুম ও ঐ নকল করিবার খরচ দিলে, উক্ত সেক্রেটারী সাহেব আপনার দস্তখৎকরা তাহার এক কেতা নকল তাঁহাকে দেওয়াইবেন ইতি।

[আদিদৃষ্টে দস্তখৎকরা নকল প্রমাণ হইবেক।]

১৩ ধারা। উক্ত প্রকারের দস্তখৎকরা প্রত্যেক নকল যে লিপির নকল হইবার মত দর্শায় সেই লিপির আদিদৃষ্টে প্রমাণ হইবেক ইতি।

[নীচের লিখিত কোন গতিকে কোন ব্যক্তি বিশেষ ক্ষমতা পাইবেক না।]

১৪ ধারা। নীচের লিখিত কোন গতিকে কোন ব্যক্তি এই আইনের বিধানমতে বিশেষ কোন ক্ষমতা পাইতে পারিবেন না অর্থাৎ।

[যদি দ্রব্য নবকল্পিত নির্ম্মাণের না হয়। অথবা]

যদি বিবরণপত্র অর্পণ করিবার অনুমতির দরখাস্ত দেওনের সময়ে উক্ত শিল্প দ্রব্য সাধারণ লোকেরদের ব্যবহার করণ ও চালাওন সম্পর্কে নবকল্পিত নির্ম্মাণের না হয়। অথবা

[যদি কর্ম্মের নহে। অথবা]

যদি তাহা সাধারণ লোকেরদের পক্ষে কর্ম্মণ্য না হয়। অথবা

[যদি দরখাস্তকারী ঐ দ্রব্যের প্রথম নির্ম্মাতা ছিলেন না অথবা।]

যদি দরখাস্তকারী ঐ দ্রব্যের প্রকৃত ও প্রথম নির্ম্মাতা না হন। অথবা

[যদি বিবরণপত্রে ঐ নবকল্পিত দ্রব্যের বয়ান লেখা না যায়।]

যে বিবরণপত্র অর্পণ করা গিয়াছে তাহাতে যদি নবকল্পিত নির্ম্মাণের ভাব ও তাহা যে প্রকারে করিতে হইবেক এই কথার বয়ান বিশেষ করিয়া ও নিশ্চিতরূপে না করা গিয়াছে ইতি।

[যদি বিশেষ ক্ষমতা সাধারণ লোকেরদের ক্ষতিকরপ্রভৃতি আছে এমত প্রকাশ হয়, কিম্বা যদি নিয়মের লঙ্ঘনপ্রযুক্ত গবর্ণমেণ্ট আজ্ঞা করেন যে তাহা রহিত হয়, তবে রহিত হইবেক।]

১৫ ধারা। যদি হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এমত কহেন যে, ঐ বিশেষ ক্ষমতাতে কিম্বা তাহা লইয়া যে প্রকারে কর্ম্ম করা যায় তাহাতে রাজ্যের ক্ষতি হয়, কিম্বা লোকেরদের সাধারণমতে হানি হয়, অথবা দরখাস্তকারী যে নিয়মমতে বিবরণপত্র অর্পণ করিবার ক্ষমতা পাইয়াছিলেন, কিম্বা যে নিয়মমতে বিশেষ ক্ষমতার মিয়াদ বিস্তারিত হইয়াছিল, এমত বিশেষ নিয়মের লঙ্ঘন হইয়াছে, ইহার প্রমাণ যদি বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের জন্বোধমতে করা যায়, আর তাহা হইলে যদি ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এমত আজ্ঞা করেন যে ঐ বি-

thereupon declare that such exclusive privilege shall cease.

[Importer of invention.]

XVI. An importer of an invention shall not be deemed the true and first inventor within the meaning of this Act unless he is the actual inventor.

[Foreign inventor.]

XVII. The actual inventor, though a foreigner resident abroad, shall be deemed the true and first inventor within the meaning of this Act.

[Invention publicly known in any part of the Queen's dominions, or in any foreign country, at the time of petition presented, not to be deemed new within the meaning of this Act. Unless a Patent has been there obtained. And unless petition is presented within six months. What to be stated in petition.]

XVIII. Except in cases within Section XIX. of this Act, an invention shall not be deemed a new invention within the meaning of this Act, if it shall have been publicly known or used in India or in any other part of Her Majesty's dominions, or in any foreign country, before the time of applying for leave to file the specification; unless, prior to such public knowledge or use thereof, the inventor or some person deriving title through him, was entitled to an exclusive privilege in respect of such invention either in England or in the place in which the same was publicly known or used, and unless the petition for leave to file the specification under this Act be presented within six months from the commencement of such exclusive privilege, and state that such privilege existed and the time of the commencement thereof, the mode in which it was obtained, and the duration thereof.

[Actual inventor having obtained English Letters Patent before the commencement of this Act may, within one year, petition under it. If invention was new when English Patent was obtained, provisions of this Act are applicable. Exception. No exclusive privilege under this Section if petition does not state that Letters Patent have been granted and also the term of their continuance.]

XIX. The actual inventor of any useful invention who, prior to the commencement of this Act, has obtained Her Majesty's Letters Patent for the exclusive use of such invention, or any person deriving title through him, may, within the space of one year from the passing of this Act, petition the Governor General of India in Council for leave to file a specification of such invention; and thereupon, if the invention was a new invention as to the public use and exercise thereof at the time of ob-

শেষ ক্ষমতা রহিত হয়, তাহে এই আইনানুসারে দত্ত প্রত্যেক ক্ষমতা রহিত হইবেক ইতি।

(নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য যে ব্যক্তি বিদেশহইতে আনেন।)

১৬ ধারা। নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য যে ব্যক্তি ভিন্ন দেশহইতে আনান্ তিনি যদি নিতান্ত তাহার নির্ম্মাতা না হন, তবে এই আইনের অর্থের মধ্যে তাহার প্রকৃত ও প্রথম নির্ম্মাতা জ্ঞান হইবেন না ইতি।

[ভিন্নদেশীয় নবকল্পিত দ্রব্যের নির্ম্মাতা।]

১৭ ধারা। যে ব্যক্তি নবকল্পিত দ্রব্যের নিতান্ত নির্ম্মাতা হন, তিনি বিদেশনিবাসি বিদেশীয় লোক হইলেও, এই আইনের অর্থের মধ্যের প্রকৃত ও প্রথম নির্ম্মাতা জ্ঞান হইবেন ইতি।

[নবকল্পিত নির্ম্মাণ যদি দরখাস্ত উপস্থিত করিবার সময়ে শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের কোন দেশে কিম্বা কোন বিদেশে জানা ছিল, তবে তাহা এই আইনের অর্থের মধ্যে নবকল্পিত জ্ঞান হইবেক না। কিন্তু যদি সেই দেশে পাটেণ্ট পাওয়া গিয়া থাকে, কিম্বা যদি ছয় মাসের মধ্যে দরখাস্ত উপস্থিত করা যায়, তবে নবকল্পিত জ্ঞান হইতে পারিবেক। দরখাস্তের মধ্যে যাহা লিখিতে হইবেক।]

১৮ ধারা। এই আইনের ১৯ ধারার লিখিত স্থল-ছাড়া অন্য স্থলে, যদি বিবরণপত্র অর্পণ করিবার অনুমতির দরখাস্ত করণের পূর্ব্বে, ঐ নবকল্পিত দ্রব্য ভারতবর্ষের মধ্যে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের অন্য কোন দেশে কিম্বা কোন বিদেশে প্রকাশরূপে জানা ছিল, কি তাহার ব্যবহার ছিল, তবে সেই দ্রব্য এই আইনের অর্থের মধ্যে নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য জ্ঞান হইবেক না। পরন্তু যদি সেই প্রকারে সাধারণমতে জানা যাইবার পূর্ব্বে কিম্বা তাহার ব্যবহার হওনের পূর্ব্বে, ঐ দ্রব্যনির্ম্মাতা, কিম্বা যে ব্যক্তি তাঁহার দ্বারা ক্ষমতা পান সেই ব্যক্তি, ইঙ্গলণ্ডে, কিম্বা যে স্থানে সেই দ্রব্য সাধারণরূপে জানা ছিল কি ব্যবহার হইয়াছিল, সেই স্থানে ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের বিষয়ে বিশেষ ক্ষমতার স্বত্ববান হইয়াছিলেন, ও যদি সেই বিশেষ ক্ষমতার আরম্ভের পর ছয় মাসের মধ্যে এই আইনানুসারে বিবরণপত্র অর্পণ করিবার অনুমতির দরখাস্ত করা যায়, আর সেই বিশেষ ক্ষমতা আছে ও তাহা যে সময়াবধি হইয়াছে ও যে প্রকারে পাওয়া গিয়াছে ও তাহা কত কালের আছে এই২ কথা যদি সেই দরখাস্তের মধ্যে লেখা থাকে, তবে সেই দ্রব্য এই আইনের অর্থের মধ্যে নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য জ্ঞান হইবেক ইতি।

[প্রকৃত নির্ম্মাতা যদি এই আইন চলন হইবার পূর্ব্বে ইঙ্গলণ্ডীয় পাটেণ্টপত্র পাইয়া থাকেন, তবে এক বৎসরের মধ্যে এই আইনানুসারে দরখাস্ত করিতে পারিবেন। ইঙ্গলণ্ডীয় পাটেণ্ট যখন পাওয়া গিয়াছিল তখন যদি ঐ নির্ম্মাণের দ্রব্য নবকল্পিত ছিল তবে এই আইনের বিধান খাটিবেক। বর্জ্জিত কথা। ঐ পাটেণ্টপত্র পাওয়া গিয়াছে এই কথা ও সেই পাটেণ্টের মিয়াদ যদি দরখাস্তের মধ্যে লেখা না থাকে তবে এই ধারামতে কোন বিশেষ ক্ষমতা দেওয়া যাইবেক না।]

১৯ ধারা। নবকল্পিত নির্ম্মাণের কোন কর্ম্মণ্য দ্রব্যের প্রকৃত নির্ম্মাতা যদি এই আইন চলন হইবার পূর্ব্বে এঙ্গলা সেই নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য ব্যবহার করিবার নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর পাটেণ্টপত্র (অর্থাৎ ক্ষমতাপত্র) প্রাপ্ত হইয়া থাকেন, তবে তিনি কিম্বা তাঁহার দ্বারা যে কোন ব্যক্তি ঐ ক্ষমতাপ্রাপ্ত হন তিনি, এই আইন জারী হইবার পর এক বৎসর মিয়াদের মধ্যে, ঐ নবকল্পিত নির্ম্মাণের বিবরণপত্র অর্পণ করিবার অনুমতি পাইবার জন্যে হজুর কৌন্সিলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিকটে দরখাস্ত করিতে পারিবেন। আর তাহা

taining such Letters Patent, all the provisions of this Act shall be deemed applicable to such petition and to the said invention, except so much of Section XIV. as enacts that no person shall be entitled to any exclusive privilege under this Act, if the invention, at the time of presenting the petition for leave to file the specification, was not a new invention, as to the public use and exercise thereof. No person shall be entitled to any exclusive privilege under this Section, unless the petition for leave to file the specification shall state that Letters Patent have been granted, and shall also state the term during which the same are to continue in force.

[Saving of rights of persons who used invention before 7th of July, 1855.]

XX. No exclusive privilege obtained under the provisions of the last preceding Section shall entitle the owner of such privilege to exclude any person from using the said invention, who, prior to the 7th day of July, 1855, has used the same in India.

[Exclusive privilege not to continue in force longer than the Patent in the case of any British or Foreign patented invention.]

XXI. If a specification be filed under this Act in respect of any invention, for the exclusive use whereof Letters Patent or some other like privilege shall have been previously granted in any part of Her Majesty's dominions or in any Foreign Country, the inventor shall not be entitled to any exclusive privilege under the provisions of this Act beyond the term during which such Letters Patent, or the like privilege so granted, or any valid renewal thereof, shall continue in force, or if more than one such Patent or like privilege shall have been granted, beyond the expiration or determination of the grant which shall first expire or be determined.

[Action for infringement.]

XXII. An action may be maintained by the true and first inventor of any such invention, his executors, administrators, or assigns, against any person who, during the continuance of any such exclusive privilege, shall, without the license of the said inventor, his executors, administrators, or assigns, make, use, sell, or put in practice the said invention, or who shall counterfeit or imitate the same. Provided that no such action shall be maintained in any of the Courts of the East India Company other than the principal Court of original jurisdiction in civil cases within the local limits of whose jurisdiction the cause of action shall accrue or the defendant shall reside as a fixed inhabitant.

করিলে, যদি ঐ পাটেণ্টপত্র পাইবার সময়ে ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য সাধারণ ব্যবহারের ও সেই দ্রব্য লইয়া কার্য্য চালাওনের পক্ষে তাহা নবকল্পিত নির্ম্মাণ ছিল, তবে এই আইনের সকল বিধান ঐ দরখাস্তের এবং ঐ নবকল্পিত নির্ম্মাণের বিষয়ে খাটান যাইতে পারে, এমত জ্ঞান হইবেক। কিন্তু এই আইনের ১৪ ধারার যে অংশেতে এই বিধান হইয়াছে যে, বিবরণপত্র অর্পণ করিবার অনুমতির দরখাস্ত উপস্থিত করিবার সময়ে যদি ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের সাধারণ ব্যবহারের ও তাহা লইয়া কার্য্য চালাওনের পক্ষে ঐ দ্রব্য নবকল্পিত নির্ম্মাণের ছিল না, তবে ঐ দ্রব্যনির্ম্মাতা এই আইনানুসারে কোন বিশেষ ক্ষমতা পাইতে পারিবেন না, সেই অংশ খাটিবেক না। কোন ব্যক্তি বিবরণপত্র অর্পণ করিবার অনুমতির দরখাস্তেতে, যদি পাটেণ্ট পত্র দেওয়া গিয়াছে এই কথা, আর তাহা যে মিয়াদপর্য্যন্ত বলবৎ থাকিবেক তাহা না লেখেন, তবে এই ধারানুসারে বিশেষ ক্ষমতা পাইতে পারিবেন না ইতি।

[যাঁহারা ১৮৫৫ সালের ৭ জুলাই তারিখের পূর্ব্বে নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য ব্যবহার করিয়াছেন তাঁহারদের স্বত্ব রক্ষা।]

২০ ধারা। উক্ত ১৯ ধারার বিধানমতে যে কোন বিশেষ ক্ষমতা প্রাপ্ত হওয়া গিয়াছে তৎপ্রযুক্ত ঐ ক্ষমতার স্বামী, যে ব্যক্তি ১৮৫৫ সালের জুলাই মাসের ৭ তারিখের পূর্ব্বে উক্ত নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য ভারতবর্ষে ব্যবহার করিয়াছেন এমত কোন ব্যক্তির সেইরূপ ব্যবহার রহিত করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য সম্পর্কে ব্রিটনীয় কি বিদেশীয় ক্ষমতা পাওয়া গেলে ঐ পাটেণ্টপত্র যত কাল বলবৎ থাকে তাহার অধিক কাল ঐ বিশেষ ক্ষমতা বলবৎ থাকিবেক না।]

২১ ধারা। যদি নবকল্পিত নির্ম্মাণের কোন দ্রব্যের এই আইনানুসারে বিবরণপত্র অর্পণ করা যায় ও তাহার একলা ব্যবহারের নিমিত্তে পাটেণ্টপত্র কি সেইপ্রকারের অন্য কোন ক্ষমতা শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের কোন দেশে কিম্বা কোন বিদেশে পূর্ব্বে দেওয়া গিয়া থাকে, তবে সেইপ্রকার পাটেণ্টপত্র কিম্বা তদ্রূপে দত্ত সেই প্রকারের ক্ষমতা কিম্বা তাহার কোন মতের পুনর্দ্দত্ত ক্ষমতা যত কাল বলবৎ থাকে তাহার অধিক কাল, কিম্বা যদি সেইপ্রকারের একের অধিক পাটেণ্ট কিম্বা তদ্রূপ ক্ষমতা দেওয়া যায় তবে যে ক্ষমতার মিয়াদ প্রথমে অতীত হয় কি শেষ হয় তাহা অতীত হওনের কি শেষ হওনের অধিক কাল, ঐ দ্রব্যনির্ম্মাতার কোন বিশেষ ক্ষমতার স্বত্ব এই আইনের বিধানমতে থাকিবেক না ইতি।

[ঐ ক্ষমতার লঙ্ঘনের জন্যে নালিশ।]

২২ ধারা। সেই প্রকারের কোন বিশেষ ক্ষমতার মিয়াদ থাকনকালে, যদি কোন ব্যক্তি উক্ত নির্ম্মাতার কি তাঁহার অছিরদের কি আডমিনিষ্ট্রেটরেরদের কি আসৈনেরদের অনুমতি না পাইয়া উক্ত নবকল্পিত দ্রব্য বানান্ কি ব্যবহার করেন কি বিক্রয় করেন কি তাহা লইয়া কর্ম্ম চালান কিম্বা তাহা জাল করেন কি তাহার অনুরূপ করেন, তবে তাঁহার নামে সেই নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের প্রকৃত ও প্রথম নির্ম্মাতা কি তাঁহার অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি আসৈনেরা নালিশ করিতে পারিবেন। পরন্তু মোকদ্দমার হেতু যে এলাকার মধ্যে উদয় হইয়াছিল কিম্বা যে এলাকায় আসামী চিরকালের নিবাসিরূপ বাস করেন সেই এলাকার সীমাসরহদ্দের মধ্যে দেওয়ানী মোকদ্দমা প্রথম শুনিবার ক্ষমতা যে প্রধান আদালতের থাকে তদ্ভিন্ন কোম্পানি বাহাদুরের কোন আদালতে সেই প্রকারের কোন নালিশ গ্রাহ্য হইবেক না ইতি।

[Defect in specification or want of novelty in a portion of the invention no defence to action for infringement. Damages may be recovered for such part of an invention as is entitled to exclusive privilege.]

XXIII. No defect or insufficiency of a specification filed under this Act shall be a defence to an action for an infringement of the exclusive privilege hereby granted, nor shall any Plaintiff be defeated in an action for the infringement of any exclusive privilege granted by this Act by reason that some portion of the invention described by the petition or specification was not new at the time when the petition for leave to file the specification was presented or that the petitioner was not the inventor of such portion or that such portion was not useful, but the Plaintiff in such action shall be entitled to recover damages, if any infringement be proved in respect of that part of the invention of which he was in fact the true and first inventor and which was new as to the public use thereof at the time of presenting such petition, and was useful.

[ঐ ক্ষমতার লঙ্ঘনের নালিশ হইলে, বিবরণপত্রের ত্রুটি কিম্বা নির্ম্মিত দ্রব্যের এক অংশ নবকল্পিত নহে এই উত্তর গ্রাহ্য হইবেক না। নবকল্পিত নির্ম্মাণের যে অংশের নিমিত্তে বিশেষ ক্ষমতা পাওয়া যাইতে পারে তাহার যাবৎ ক্ষতিপূরণ পাওয়া যাইতে পারিবেক।]

২৩ ধারা। এই আইনের দ্বারা যে বিশেষ ক্ষমতা দেওয়া যায় ভিন্ন ব্যক্তিকর্ত্তৃক তাহার লঙ্ঘনের বিষয়ের কোন নালিশ হইলে, এই আইনানুসারে বিবরণের যে পত্র দাখিল করা যায় তাহাতে কোন দোষ আছে কি তাহার কথা প্রচুর নহে বলিয়া ঐ নালিশের উত্তর হইবেক না। আর দরখাস্তে কিম্বা বিবরণপত্রেতে যে নবকল্পিত নির্ম্মাণের বয়ান আছে তাহার কোন অংশ ঐ বিবরণপত্র অর্পণ করিবার অনুমতির দরখাস্ত উপস্থিত করণ সময়ে নূতন ছিল না, অথবা দরখাস্তকারী ঐ অংশের প্রথম নির্ম্মাতা ছিলেন না, অথবা ঐ অংশ কর্ম্মণ্য নহে, ইহার মধ্যে কোন কারণে এই আইনেতে দত্ত কোন বিশেষ ক্ষমতার লঙ্ঘনের নালিশে ফরিয়াদী পরাজিত হইবেন না। কিন্তু ঐ নির্ম্মাণের যে অংশের প্রকৃত ও প্রথম নির্ম্মাতা তিনি নিতান্ত ছিলেন, আর ঐ দরখাস্ত উপস্থিত করিবার সময়ে যে অংশ সাধারণ ব্যবহারের পক্ষে নূতন ছিল ও কর্ম্মণ্য ছিল সেই অংশের বিষয়ে, ঐ ক্ষমতার লঙ্ঘন হইয়াছে প্রমাণ হইলে, ঐ প্রকার নালিশের ফরিয়াদী ক্ষতিপূরণ পাইবার যোগ্য হইবেন ইতি।

[Application to Supreme Court at Fort William to declare exclusive privilege not to have been acquired.]

XXIV. It shall be lawful for any person to apply by motion to the Supreme Court of Judicature at Fort William for a rule to show cause why the Court should not declare that an exclusive privilege in respect of an invention has not been acquired under the provisions of this Act by reason of all or any of the objections following (to be specified in the rule,) that is to say—

That the said invention was not, at the time of presenting the petition for leave to file the specification, a new invention as to the public use and exercise thereof, or

That the said invention is not useful to the public, or

That the petitioner was not the true and first inventor thereof, or

That the specification filed does not particularly describe and ascertain the nature of the invention or in what manner the same is to be performed, or

That the petitioner has fraudulently included in the petition or specification as part of his invention a description of an invention, or of a portion of an invention, whereof he was not the true and first inventor, or

That the invention, or a portion of the invention, or the manner in which the same or any portion thereof is to be performed, as described in the said specification, is not thereby sufficiently described and ascertained, and that such defect or insufficiency was fraudulent, and injurious to the public.

[*Government Gazette*, 21*st August*, 1855.]

[বিশেষ ক্ষমতা উপযুক্তমতে প্রাপ্ত হওয়া যায় নাই, ইহা প্রকাশ করিবার জন্যে ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে দরখাস্ত।]

২৪ ধারা। কোন ব্যক্তি ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে দরখাস্ত করিয়া এইমত প্রার্থনা করিতে পারিবেন, যে নবকল্পিত কোন নির্ম্মাণের বিষয়ে এই আইনের বিধানানুসারে যে বিশেষ ক্ষমতা পাওয়া গিয়াছে তাহা নীচের লিখিত সকল কি কোন আপত্তি-প্রযুক্ত উপযুক্তমতে প্রাপ্ত হওয়া যায় নাই, আদালতের এইরূপ আজ্ঞা প্রকাশ না করণের কারণ দর্শাইবার হুকুম করা যায়। ঐ হুকুমের মধ্যে ঐ আপত্তি বিশেষ করিয়া লিখিতে হইবেক। বিশেষতঃ।

বিবরণপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত উপস্থিত করিবার সময়ে উক্ত দ্রব্যের সাধারণ ব্যবহারের পক্ষে ও তাহা লইয়া কর্ম্ম চালাওনের পক্ষে তাহা নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য ছিল না। অথবা

উক্ত নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য সাধারণ লোকেরদের কর্ম্মণ্য নহে। অথবা

দরখাস্তকারী তাহার প্রকৃত ও প্রথম নির্ম্মাতা ছিলেন না। অথবা

যে বিবরণপত্র দাখিল করা গিয়াছে তাহাতে ঐ নবকল্পিত নির্ম্মাণের ভাব ও তাহা যেপ্রকারে করিতে হইবেক তাহার বয়ান বিশেষমতে লেখা যায় নাই ও নিশ্চিত করা যায় নাই। অথবা

দরখাস্তকারী যে নির্ম্মাণের কিম্বা যে নির্ম্মাণের অংশের প্রকৃত ও প্রথম নির্ম্মাতা ছিলেন না তাহার বয়ান আপনার নির্ম্মাণের এক অংশ বলিয়া চাতুরীক্রমে দরখাস্তের কি বিবরণপত্রের মধ্যে লিখিয়াছেন। অথবা

ঐ নির্ম্মাণ কি ঐ নির্ম্মাণের এক অংশ, কিম্বা তাহা কি তাহার কোন অংশ যেপ্রকারে করিতে হইবেক তাহার যেরূপ কথা, উক্ত বিবরণপত্রেতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা প্রচুরমতে নির্দ্দিষ্ট ও নিশ্চিত করা যায় নাই, ও সেই দোষ কি প্রচুরমতে না হওয়া কথা চাতুরীক্রমে হইয়াছে ও তাহাতে সাধারণ লোকেরদের ক্ষতি হইতে পারে ইতি।

[Application by Advocate General on breach of special condition.]

XXV. It shall be lawful for the Advocate General of the East India Company at the Presidency of Fort William, by order of the Governor General in Council, to apply to the said Supreme Court of Judicature at Fort William for a rule calling upon the petitioner, his executors, administrators, or assigns, to show cause why the question of the breach of any special condition upon which the leave to file a specification has been granted, or any other question of fact on which the revocation of the exclusive privilege by the Governor General in Council under the power hereinbefore reserved may, in the judgment of the said Governor General in Council, depend, should not be tried in the form of an issue directed by the said Court; and the Court, unless the breach or other matter of fact be admitted, may thereupon direct such issue to be tried, and certify the result of such trial to the Governor General in Council. The costs of such trial of any proceedings in the said Court under the provisions of this Act shall be in the discretion of the Court.

[Service of proceedings on all persons interested.]

XXVI. Notice of any rule obtained or proceeding taken under the two last preceding Sections, shall be served on all persons appearing to be proprietors or to have shares or interests in the exclusive privilege under the provisions of Section XXXII. of this Act, and it shall not be necessary to serve such notice on any other persons.

[Supreme Court at Fort William may direct any issue for trial to other Courts.]

XXVII. The said Supreme Court, if it thinks fit, may direct an issue for the trial of any question of fact arising upon such application to any other Court, whether of Her Majesty or of the East India Company, and such issue shall be tried accordingly, and the result of the trial shall be certified by the Court before which the same was tried, to the said Supreme Court of Judicature at Fort William.

[Judgment. Costs.]

XXVIII. If it shall appear to the said Supreme Court at the hearing of any application under the provisions of Section XXIV. of this Act that, by reason of any of the objections therein mentioned, the said exclusive privilege or any portion thereof has not been acquired, the Court shall adjudge the same or such portion thereof (as the case may be) to be invalid, and shall make such order as to the costs of, and consequent upon such application as it may think just.

[Amendment of specification.]

XXIX. If the said Supreme Court, at the hearing of any such application as last aforesaid, shall think that the petitioner has included in his petition or specification a description of an inven-

[বিশেষ নিয়মের লঙ্ঘন হইলে আডবোকেট জেনরল সাহেবের দরখাস্ত করণ।]

২৫ ধারা। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হুকুম পাইলে, ফোর্ট উলিয়ম রাজধানীতে কোম্পানি বাহাদুরের শ্রীযুত আডবোকেট জেনরল সাহেব ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টে এমত দরখাস্ত করিতে পারিবেন যে, বিবরণপত্র দাখিল করিবার অনুমতি যে নিয়মানুসারে দেওয়া গিয়াছে এইমত কোন বিশেষ নিয়ম লঙ্ঘন হওয়াতে তাহার বিচার, অথবা বৃত্তান্তঘটিত অন্য যে কোন কার্য্যপ্রযুক্ত হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি বিশেষ ক্ষমতা রহিত করণের যে শক্তি এই আইনের পূর্ব্ব লিখিত ধারাতে অর্পিত হয় সেই শক্তিক্রমে, হুজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের বিবেচনায় ঐ বিশেষ ক্ষমতা রহিত হইতে পারে এমত কোন কার্য্যের বিচার উক্ত আদালতের আজ্ঞাকরা ইমুর মতে, না হইবার কারণ দর্শাইবার জন্যে, দরখাস্তকারিকে কি তাঁহার অছিরদিগকে কি আডমিনিষ্ট্রেটরদিগকে কি আসৈনদিগকে তলব করিবার হুকুম করা যায়। আর তাহা হইলে যদি ঐ নিয়মের লঙ্ঘন কিম্বা বৃত্তান্তঘটিত অন্য বিষয় স্বীকার না করা যায়, তবে আদালত ঐ ইমুর বিচার হইবার আজ্ঞা করিবেন, ও সেই বিচারের ফল হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নিকটে জানাইবেন। উক্ত আদালতে এই আইনের বিধানানুসারে কোন মোকদ্দমার সেইরূপ বিচারের খরচ আদালতের বিবেচনায়তে নিরূপণ হইবেক ইতি।

[সম্পর্কযুক্ত সকল ব্যক্তির উপর এত্তেলা জারী।]

২৬ ধারা। উক্ত ২৪ ও ২৫ ধারানুসারে যে কোন হুকুম পাওয়া যায় কি মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার এত্তেলা, এই আইনের ৩২ ধারার বিধানমতে যে সকল ব্যক্তি ঐ বিশেষ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি দুষ্ট হন কি তাহার অংশ কি সম্পর্কযুক্ত হন সেই সকল ব্যক্তির উপর জারী হইবেক, আর অন্য কোন ব্যক্তির উপর ঐরূপ এত্তেলা জারী করিবার আবশ্যক হইবেক না ইতি।

[ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্ট অন্য আদালতে কোন ইমুর বিচার করিতে হুকুম করিতে পারিবেন।]

২৭ ধারা। উক্ত সুপ্রিম কোর্ট যদি উচিত বোধ করেন তবে সেই দরখাস্তমতে বৃত্তান্তঘটিত যে কোন বিষয় উদয় হয় তাহার বিচার করিবার নিমিত্তে, শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের অন্য কোন আদালতে তাহার ইমু পাঠাইবেন, আর সেই ইমুর বিচার তদনুসারে হইবেক, আর যে আদালতের সম্মুখে ঐ ইমুর বিচার হয় সেই আদালত ঐ বিচারের ফল ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত সুপ্রিম কোর্টে জ্ঞাত করিবেন ইতি।

[বিচার। খরচা।]

২৮ ধারা। এই আইনের ২৪ ধারার বিধানমতে কোন দরখাস্ত শুনিবার সময়ে যদি উক্ত সুপ্রিম কোর্ট বোধ করেন যে তাহার মধ্যের লিখিত কোন আপত্তিপ্রযুক্ত উক্ত কোন বিশেষ ক্ষমতা কি তাহার কোন অংশ উপযুক্তমতে প্রাপ্ত হওয়া যায় নাই, তবে আদালত এই ডিক্রী করিবেন যে ঐ বিশেষ ক্ষমতা কিম্বা বিষয়বিশেষে তাহার ঐ অংশ অসিদ্ধ। এবং ঐ দরখাস্তের ও তৎপ্রযুক্ত যে কার্য্য হইয়াছে তাহার খরচার যে হুকুম যথার্থ জ্ঞান করেন তাহা করিবেন ইতি।

[বিবরণপত্রের সংশোধন।]

২৯ ধারা। শেষোক্ত প্রকারের কোন দরখাস্ত শুনিবার সময়ে, যদি উক্ত সুপ্রিম কোর্ট বোধ করেন যে, দরখাস্তকারী যাহার প্রকৃত ও প্রথম নির্ম্মাতা নহেন এইমত কোন দ্রব্যের কি দ্রব্যের অংশের বয়ান আ-

tion, or of a portion of an invention, whereof he was not the true and first inventor, or that such specification is in any particular defective or insufficient, but that such error, defect, or insufficiency has not been fraudulently intended, the Court may adjudge the said exclusive privilege to have been acquired and to be valid save as to the part thereof affected by such error, defect, or insufficiency, and may, upon such terms as shall appear reasonable, order the specification to be amended in any of the said particulars; and thereupon the petitioner, his executors, administrators, or assigns, shall, within the time limited by the said Court for the purpose, file a new specification as to such particulars, which specification shall be subject to all the provisions hereinbefore contained concerning specifications filed under this Act.

[Entry in registry book of judgment, &c. declaring privilege invalid.]

XXX. Whenever it shall be adjudged by the said Supreme Court at Fort William that such exclusive privilege, as to the whole or any part thereof, has not been acquired and is invalid, the said Secretary to the Government of India shall, upon the production of the judgment or order, cause an entry thereof to be made in the said book, and shall cause a reference to such entry to be made in the margin of the entry of the specification contained in such book as hereinbefore provided.

[Particulars to be delivered.]

XXXI. In any action for the infringement of such exclusive privilege, the Plaintiff shall deliver with his plaint particulars of the breaches complained of in the said action, and the Defendant, in pleading thereto, shall deliver with his pleas particulars of the grounds (if any) upon which he means to contend that the Plaintiff is not entitled to an exclusive privilege in the invention. In like manner, upon any application to the Supreme Court of Judicature at Fort William under Section XXIV. of this Act, or upon any issue directed thereon, the applicant shall deliver particulars of the objections on which he means to rely. At the trial of any such action or issue no evidence shall be allowed to be given in support of any alleged infringement or of any objection impeaching the validity of such inclusive privilege which shall not be contained in the particulars delivered as aforesaid. If it be alleged that the invention was publicly known or used prior to the date of the petition for leave to file such specification, the places where, and the manner in which, the invention was so publicly known or used, shall be stated in such particulars. Provided always that it shall be lawful for any Court in which the action or proceeding is pending, or in which the issue shall be tried, to allow such Plaintiff or Defendant res-

পনার দরখাস্তের কি বিবরণপত্রের মধ্যে লিখিয়াছেন, অথবা ঐ বিবরণপত্র কোন বিষয়ে দোষযুক্ত কি অপ্রচুর আছে, কিন্তু সেই ভ্রম কি দোষ কি অপ্রচুর কথা চাতুরীর অভিপ্রায়ে লেখা যায় নাই, তবে ঐ আদালত এইমত ডিক্রী করিতে পারিবেন যে, ঐ ভ্রম কি দোষ কি অপ্রচুর কথার দ্বারা উক্ত বিশেষ ক্ষমতার যে অংশের ক্ষতিবৃদ্ধি হইতে পারে তাহাছাড়া, ঐ বিশেষ ক্ষমতা উপযুক্তমতে প্রাপ্ত হওয়া গিয়াছে ও সিদ্ধ আছে। আর আদালত যে নিয়ম উপযুক্ত বোধ করেন সেই নিয়মানুসারে উক্ত কোন বিশেষ কথার সম্পর্কে ঐ বিবরণপত্র সংশোধন করিতে হুকুম করিতে পারিবেন। আর তাহা হইলে উক্ত আদালত ঐ কার্য্যের নিমিত্তে যে মিয়াদ নিরূপণ করেন সেই মিয়াদের মধ্যে দরখাস্তকারী কি তাহার অছিরা কিম্বা আডমিনিস্ট্রেটরেরা কি আসৈনেরা ঐ বিশেষ কথার সম্পর্কে নূতন বিবরণপত্র দাখিল করিবেন, আর এই আইনানুসারে দাখিলকরা বিবরণপত্রের বিষয়ে এই আইনের মধ্যে পূর্ব্বে যে সকল বিধান আছে ঐ বিবরণপত্র সেই সকল বিধানের অধীন হইবেক ইতি।

[যে ডিক্রীপ্রভৃতিতে ক্ষমতা অসিদ্ধ প্রকাশ হয় তাহা রেজিষ্টরী বহীতে লিখন।]

৩০ ধারা। যখন ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত সুপ্রিম কোর্টের এই ডিক্রী হয় যে সেই বিশেষ ক্ষমতা সম্পূর্ণরূপে কি তাহার কোন অংশ উপযুক্তমতে প্রাপ্ত হওয়া যায় নাই ও অসিদ্ধ আছে, তখন ঐ ডিক্রী কি হুকুম উপস্থিত করা গেলে ভারতবর্ষের গবর্ণমেণ্টের উক্ত সেক্রেটারী সাহেব উক্ত বহীতে তাহা লেখাইবেন, আর পূর্ব্বে যেমন বিধান হইয়াছে তেমনি, ঐ বিবরণপত্র ঐ বহীর যে পৃষ্ঠায় লেখা গিয়াছে তাহার হাঁশিয়াতে ঐ ডিক্রীর উল্লেখ করাইবেন ইতি।

[যে বিশেষ কথা দাখিল করিতে হইবেক।]

৩১ ধারা। উক্ত প্রকারের বিশেষ ক্ষমতার লঙ্ঘনের কোন নালিশ হইলে, ফরিয়াদী উক্ত মোকদ্দমায় যে লঙ্ঘনের বিষয়ের নালিশ করেন তাহার বিশেষ কথা আপন আরজীর সঙ্গে দাখিল করিবেন। আর আসামী যখন তাহার জওয়াব করেন তখন ফরিয়াদী ঐ নবকল্পিত নির্ম্মাণের সম্পর্কে কোন বিশেষ ক্ষমতার যোগ্য নহেন এই কথা, তিনি কোন হেতুতে সাবুদ করিতে চাহিলে, যে২ হেতুতে সাবুদ করিতে মানস করেন তাহার বিশেষ কথা, আপন জওয়াবের সঙ্গে দাখিল করিবেন। সেই প্রকারেতেও যখন এই আইনের ২৪ ধারানুসারে ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে কোন দরখাস্ত করা যায় কিম্বা তদনুসারে কোন ইসুর বিচার করিবার হুকুম হয়, তখন দরখাস্তকারী যে২ আপত্তির উপর নির্ভর করিতে মানস রাখেন সেই২ আপত্তির বিশেষ কথাও দাখিল করিবেন। সেই প্রকার কোন নালিশের কি ইসুর বিচার হইলে, পূর্ব্বোক্ত দাখিলকরা বিশেষ কথার মধ্যে যাহা না থাকে এমত কোন কথিত লঙ্ঘনের কিম্বা সেইরূপ বিশেষ ক্ষমতার সিদ্ধতানিবারক কোন আপত্তির পোষকতার নিমিত্তে কোন প্রমাণ দিবার অনুমতি হইবেক না। ঐ প্রকার বিবরণ দাখিল করিবার অনুমতির দরখাস্ত যে তারিখে দেওয়া গিয়াছিল, তাহার পূর্ব্বে ঐ নির্ম্মাণের দ্রব্য সাধারণমতে জানা ছিল ও তাহার ব্যবহার হইতেছিল, এই প্রকার এজহার যদি হয়, তবে ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য যে২ স্থানে তদ্রূপে সাধারণমতে জানা ছিল ও যে২ প্রকারে তাহার ব্যবহার হইত তাহা ঐ বিশেষ কথার মধ্যে লিখিতে হইবেক। পরন্তু সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে নালিশ কি মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে, কিম্বা ইসুর বিচার যে আদালতে হয় এইমত কোন আদালতের এই ক্ষমতা থাকিবেক যে, আপনি যে নিয়ম উচিত বোধ্

pectively to amend the particulars delivered as aforesaid upon such terms as shall seem fit.

[Service of proceedings.]

XXXII. A book shall be kept for the purpose in the office of the Master of the Supreme Court of Judicature at Fort William (such book to be open to inspection without fee) wherein every person filing a specification under this Act shall cause to be mentioned, under a number in such book corresponding with the number of the specification in the registry book to be kept at the office of the Secretary to the Government of India, some place, within the local limits of the jurisdiction of the said Court, where service of any rule or proceedings for the purpose of cancelling or revoking his exclusive privilege may be made. All persons from time to time being proprietors or having shares or interests in such exclusive privilege, shall cause to be entered in such book, under such number as aforesaid, their names, together with the name of some place within the said local limits for the service of such proceedings as aforesaid. All such rules and proceedings as aforesaid shall be deemed sufficiently served on any such person if a copy thereof be left at the place entered in such book, or (if any other place be substituted for the same by entry in the said book) at the place last substituted, by delivering the same to any person resident at, or in charge of such place; and if any proprietor or other person as aforesaid shall neglect to make or cause to be made such entry, then the fixing up of a copy of any such rule or proceeding as aforesaid in the verandah of the said Supreme Court shall be deemed sufficient service thereof.

[Nothing in this Act to affect Prerogative of Crown.]

XXXIII. Nothing herein contained shall extend to abridge or affect the Prerogative of the Crown in relation to the granting or withholding the grant of any Letters Patent for inventions or otherwise, or to affect or interfere with any Letters Patent for an invention heretofore granted or hereafter to be granted by the Crown.

[Stamp on petition.]

XXXIV. Every petition for leave to file a specification under the provisions of this Act, or for the extension of the term of an exclusive privilege, shall be written or printed on stamped paper of the value of 100 rupees.

[Interpretation.]

XXXV. In the construction of this Act the following words and expressions shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction.

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

করেন সেই নিয়মানুসারে ঐ ফরিয়াদী কি আসামীকে আপনং দাখিলকরা বিশেষ কথা সংশোধন করিতে অনুমতি দেন ইতি।

[এত্তেলা জারী করণ।]

৩২ ধারা। ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের মাষ্টর সাহেবের দপ্তরখানায় একখান বহী থাকিবেক, আর এই আইনানুসারে যে কেহ বিবরণপত্র দাখিল করেন তিনি, ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় যে রেজিষ্টরী বহী রাখা যায় সেই বহীতে, আপন বিবরণপত্রের যে নম্বর থাকে সেই নম্বর, সুপ্রিম কোর্টের ঐ বহীতে লেখাইয়া, তাঁহার বিশেষ ক্ষমতা বাতিল কি অন্যথা করিবার অভিপ্রায়ে কোন মোকদ্দমার কি হুকুমের যে স্থানে এত্তেলা জারী করা যাইতে পারে উক্ত আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে এমত কোন স্থানের নাম, ঐ নম্বরের নীচে লিখিবেন। যে সকল ব্যক্তি সময়ং সেইরূপ বিশেষ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি হন, কিম্বা সেই ক্ষমতার অংশ কি সম্পর্কযুক্ত হন, তাঁহারা ঐ বহীতে উক্তমতের ঐ নম্বরের নীচে আপনারদের নাম, আর পূর্ব্বোক্ত প্রকারের এত্তেলা জারী যে স্থানে হইতে পারিবেক উক্ত সীমাসরহদ্দের মধ্যে এমত কোন স্থানের নামও লেখাইবেন। যে কেহ চাহেন তিনি রসুম না দিয়া ঐ বহী দেখিতে পাইবেন। পূর্ব্বোক্ত প্রকারের মোকদ্দমার ও হুকুমের এত্তেলার নকল যদি ঐ বহীর লিখিত স্থান, অথবা ঐ স্থানের নাম পরিবর্ত্তন করিয়া অন্য স্থানের নাম ঐ বহীতে লেখা গেলে শেষ লিখিত ঐ অন্য স্থাননিবাসি কোন ব্যক্তিকে, কি ঐ স্থানের রক্ষক কোন ব্যক্তিকে দেওয়া যায়, তবে তাহা উক্ত প্রকার কোন ব্যক্তির উপর প্রচুরমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক। আর যদি ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তি সেইরূপ কথা ঐ বহীতে না লেখেন কি না লেখান, তবে পূর্ব্বোক্ত প্রকারের কোন হুকুমের কি মোকদ্দমার এত্তেলার এক নকল উক্ত সুপ্রিম কোর্টের বারাণ্ডায় লটকান গেলে তাহা প্রচুরমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক ইতি।

[এই আইনের কোন কথাতে শ্রীশ্রীমতী মহারাণীর বিশেষ ক্ষমতার ক্ষতিবৃদ্ধি হইবেক না।]

৩৩ ধারা। নবকল্পিত নির্ম্মাণপ্রভৃতির জন্যে কোন পাটেণ্টপত্র দিবার কি না দিবার বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর বিশেষ ক্ষমতার যাহাতে খর্ব্বতা কি হ্রাসবৃদ্ধি হইতে পারে, অথবা নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর পূর্ব্ব দত্ত কি উত্তর কালীন দানীয় কোন পাটেণ্টপত্রের হ্রাসবৃদ্ধি কি হানি যাহাতে হইতে পারে, এই আইনের লিখিত কোন কথা এমত বিস্তারিত করিতে হইবেক না ইতি।

[দরখাস্তের উপর ইষ্টাম্প।]

৩৪ ধারা। এই আইনের বিধানমতে বিবরণপত্র অর্পণ করিবার অনুমতির, অথবা বিশেষ ক্ষমতার মিয়াদ বিস্তারিত করণের, প্রত্যেক দরখাস্ত ১০০৲ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা কি ছাপা করা যাইবেক ইতি।

[অর্থকরণ।]

৩৫ ধারা। এই আইনের অর্থ করিলে নীচের লিখিত শব্দের ও কথার যেং অর্থ এই ধারাতে করা গিয়াছে তাহার সেইং অর্থ হইবেক। কিন্তু যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার বিবেচনায় ঐ অর্থ অসঙ্গত হয়, তবে তাহার ঐ অর্থ হইবেক না।

বিশেষতঃ এক বচনের শব্দেতে বহুবচনের শব্দও বুঝাইবেক ও বহু বচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবেক।

Words importing the masculine gender shall include females.

The word "manufacture" shall be deemed to include the art or manner of producing or making an article, and also any article produced by manufacture.

The word "India" shall mean the territories for the time being in the possession and under the Government of the East India Company.

The words "Governor General in Council" shall include the "President in Council."

The words "Secretary to the Government of India" shall include any Under-Secretary to the said Government.

FORM OF PETITION.

To the Governor General of India in Council.

The petition of *(here insert name, addition, and place of residence)* for leave to file a specification under Act No. — of 1855.

SHEWETH,

That your petitioner is in possession of an invention for *(state the title of the invention,)* which invention he believes will be of great public utility; that he is the true and first inventor thereof; and that the same is not in use by any other person to the best of his knowledge and belief. *(If the invention is any where publicly known or used under Letters Patent or other exclusive privilege, state accordingly; and also the commencement of such Patent, &c. and other matters required by Section XVIII.)*

(If Letters Patent have been obtained for the invention before the passing of the Act, state according to the requirements of Section XIX.)

The following is a description of the invention *(here describe it.)*

Your petitioner therefore prays for leave to file a specification of his said invention pursuant to the provisions of Act No. of 1855.

And your petitioner, &c.

(Signed)

The day of

FORMS OF DECLARATION.

A.

I of

do solemnly and sincerely declare that I am in possession of an invention for *(state the title of the invention as in the petition;)* that I believe the said invention will be of great public utility; that I am the true and first inventor thereof; and that the same is not publicly known nor in use by any other person or persons to the best of my knowledge and belief; and that to the best of my knowledge and belief my said invention is truly describ-

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীরা গণ্য হইবেক।

"শিল্প দ্রব্য" এই শব্দেতে কোন দ্রব্য প্রস্তুত করিবার কি বানাইবার কল্প কি কারিগরী বুঝাইবেক, আর শিল্পকর্ম্মজাত কোন দ্রব্যও বুঝাইবেক।

"ভারতবর্ষ" এই শব্দেতে যে সময়ে যে দেশ কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশ হয় সেই দেশ বুঝাইবেক।

হজুর "কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর" এই শব্দেতে হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবকেও বুঝাইবেক।

"ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেব" এই শব্দেতে উক্ত গবর্ণমেণ্টের কোন ছোট সেক্রেটারী সাহেবকেও বুঝাইবেক।

দরখাস্তের পাঠ।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বরাবরেষু।

১৮৫৫ সালের অমুক আইনানুসারে বিবরণপত্র দাখিল করিবার অনুমতির জন্যে অমুকের (এই স্থলে দরখাস্তকারির নাম ও উপাধি ও বাসস্থান লিখিতে হইবেক) দরখাস্ত।

ইহাতে দর্শায় যে।

আপনকার নিকটে দরখাস্তকারী অমুক দ্রব্যের (এই স্থানে দ্রব্যের নাম লিখিতে হইবেক) নির্ম্মাণের নবকল্পিত উপায় করিয়াছেন, আর দরখাস্তকারী বোধ করেন যে ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যেতে সাধারণ লোকেরদের অত্যন্ত উপকার হইবেক। দরখাস্তকারী প্রকৃত ও প্রথম নির্ম্মাতা আছেন ও তাঁহার জ্ঞান ও বিশ্বাসমতে এমই প্রকারে নির্ম্মিত দ্রব্যের ব্যবহার অন্য কোন ব্যক্তি করেন নাই। (যদি ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্য কোন স্থানে সাধারণমতে জানা আছে, কিম্বা যদি পাটেণ্টপত্র কি অন্য বিশেষ ক্ষমতানুসারে তাহার ব্যবহার হইতেছে, তবে তাহা লিখিতে হইবেক, ও সেই পাটেণ্টপ্রভৃতি যে সময়ে আরম্ভ হয় তাহা ও ১৮ ধারার আজ্ঞাকরা অন্যান্য কথাও লিখিতে হইবেক।)

(যদি এই আইন জারী হইবার পূর্ব্বে ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের নিমিত্তে পাটেণ্টপত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তবে তাহাও ১৯ ধারার আজ্ঞামতে লিখিতে হইবেক।)

ঐ নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের বিবরণ এই (এই স্থানে বিবরণ লেখ।)

অতএব দরখাস্তকারী প্রার্থনা করিতেছেন যে ১৮৫৫ সালের অমুক আইনের বিধানানুসারে তিনি আপনার উক্ত নবকল্পিত নির্ম্মাণের বিবরণ দাখিল করিবার অনুমতি পান।

আর আপনকার নিকটে দরখাস্তকারিপ্রভৃতি।

সাল তারিখ। স্বাক্ষর।

জ্ঞাপন পত্রের পাঠ।

A

অমুক স্থাননিবাসি অমুক আমি ধর্ম্মতঃ ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে আমি অমুক দ্রব্যের (এই স্থলে দরখাস্তমতে নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের নাম লিখিতে হইবেক) নির্ম্মাণের নবকল্পিত উপায় করিয়াছি, আর আমার এই বিশ্বাস হইতেছে যে আমার উক্ত নবকল্পিত নির্ম্মাণেতে সাধারণ লোকদিগের অনেক উপকার হইবেক, আর আমি প্রকৃত ও প্রথমনির্ম্মাতা, আর আমার জ্ঞান ও বিশ্বাসানুসারে তাহা সাধারণমতে জানা নহে, ও কোন ব্যক্তি কি ব্যক্তিরা তাহার ব্যবহার করেন নাই, আর আমার জ্ঞান ও বিশ্বাসানুসারে ঐ নবকল্পিত নির্ম্মাণের বিবরণ দাখিল করিবার অনুমতির আ-

ed in my petition for leave to file a specification thereof.

The day of

(Signed)

B.

I of

do solemnly and sincerely declare that I am in possession of an invention for *(state the nature of the invention,)* which invention I believe will be of great public utility; that I am the true and first inventor thereof; and that the same is not publicly known nor in use by any other person or persons to the best of my knowledge and belief; and that the instrument in writing under my hand hereunto annexed particularly describes and ascertains the nature of the said invention and in what manner the same is to be performed.

The day of

(Signed)

C.

I of

do solemnly and sincerely declare that I have been appointed by the said

his agent for the purpose of

, and I verily believe that the declaration purporting to be the declaration of the said

marked ( ) was signed by him, and that the contents thereof are true.

The day of

(Signed)

W. Morgan,

Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

The 4th August, 1855.

The following Bill was read a second time in the Legislative Council on the 4th August, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 8th of November next :—

A Bill to explain and amend Act No. XXXIII. of 1852.

[Preamble.]

Whereas doubts have arisen whether, when application is made to a Court to enforce or execute the judgment of another Court under the provisions of Act No. XXXIII. of 1852, the Court to which the application is made has power to inquire into the validity of the judgment; and it is expedient to remove such doubts, and to prevent any such Court from inquiring into the validity of a judgment in respect of which it has no appellate jurisdiction, and to provide for a stay of execution when such Court thinks it reasonable that the validity of the judgment should be inquired into: It is enacted as follows :—

[Court to which application to enforce a judg-

মার দরখাস্তেতে আমার উক্ত নবকল্পিত নির্ম্মাণের যথার্থ বিবরণ প্রকাশ হইয়াছে ইতি।

সাল তারিখ। স্বাক্ষর।

B

অমুক স্থাননিবাসী অমুক আমি ধর্ম্মত ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে আমি অমুক দ্রব্যের (এই স্থলে নবকল্পিত নির্ম্মাণের দ্রব্যের প্রকার লিখিতে হইবেক) নির্ম্মাণের নবকল্পিত উপায় করিয়াছি আর আমার এই বিশ্বাস যে সেই নবকল্পিত নির্ম্মাণে সাধারণ লোকেরদের অত্যন্ত উপকার হইবেক, আর আমি তাহার প্রকৃত ও প্রথম নির্ম্মাতা, আর আমার জ্ঞান ও বিশ্বাসানুসারে তাহা সাধারণমতে জানা নহে, ও কোন ব্যক্তি কি ব্যক্তিরা তাহার ব্যবহার করেন নাই, আর আমার দস্তখৎকরা যে দলীল ইহার সঙ্গে দেওয়া যাইতেছে তাহাতে ঐ নবকল্পিত নির্ম্মাণের বিবরণ বিশেষমতে লেখা হইয়াছে ও তাহার প্রকার ও তাহা যেমতে করিতে হইবেক সেই কথা নিশ্চিতরূপে লেখা হইয়াছে।

সাল তারিখ। স্বাক্ষর।

C.

অমুক স্থাননিবাসী অমুক আমি ধর্ম্মতঃ ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে উক্ত অমুক, অমুক অভিপ্রায়ে আমাকে আপনার মোখ্তারস্বরূপ নিযুক্ত করিয়াছেন, আর উক্ত অমুকের জ্ঞাপনপত্র বলিয়া অমুক চিহ্নেতে চিহ্নিত যে জ্ঞাপনপত্র আছে তাহাতে তাঁহার স্বাক্ষর আছে, ও তাঁহার লিখিত কথা সত্য, আমার এইমত দৃঢ় বিশ্বাস হয়।

সাল তারিখ। স্বাক্ষর।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ৪ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ৪ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও তাহা বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছিল। আগামি নবেম্বর মাসের ৮ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

১৮৫২ সালের ৩৩ আইনের অর্থ করণের ও সেই আইন সংশোধন করণের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক, ১৮৫২ সালের ৩৩ আইনানুসারে কোন আদালতের ডিক্রী প্রবল কি জারী করিবার দরখাস্ত অন্য আদালতে করা গেলে, যে আদালতে ঐ দরখাস্ত করা যায় সেই আদালত ঐ ডিক্রীর মাতবরীর তদারক করিতে ক্ষমতাপন্ন আছেন কি না এই বিষয়ের সন্দেহ হইয়াছে। আর সেইরূপ সন্দেহ ভঞ্জনকরা, আর সেইরূপ কোন আদালতের ঐ ডিক্রীর উপর আপীলী এলাকা না থাকিলে তাহার মাতবরীর তদারক করণ নিবারণ করা, আর ডিক্রীর মাতবরীর তদারক করা বিহিত, সেইরূপ আদালতের এমত বিবেচনা হইলে ডিক্রী জারী স্থগিত করণের বিধান করা উচিত। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে আদালতে অন্য আদালতের ডিক্রী প্রবল করি-

ment of another Court is made, not to inquire into the validity of the judgment. Proviso.]

I. The Court to which application is made to enforce or execute a judgment of another Court under the provisions of Act No. XXXIII. of 1852, shall not have power to inquire into the validity of such judgment, unless it appear, upon the face of such judgment, that the Court by which the judgment was given had no jurisdiction to pronounce the same.

[Such Court may, in certain cases, stay execution of judgment.]

II. When application is made to any Court to execute or enforce the judgment of another Court under the provisions of the said Act, the Court to which the application is made may, upon reasonable cause being shown, stay the execution of the judgment for a reasonable time, to enable the judgment debtor to apply to the Court by which the judgment was given, or to any Court having appellate jurisdiction in respect of the judgment or execution thereof, for an order to stay the execution, or for any other order relating to the judgment or the execution thereof, which such Court of first instance or Court of Appeal might have made if execution had been issued by the Court of first instance, or if application for execution had been made to such Court; and in case the property or person of the judgment debtor shall have been seized under an execution, the Court which issued the execution may order restitution of the property, or the discharge of the person of the debtor, in the mean time.

[Court may in such cases take security &c. from judgment debtor.]

III. The Court to which application is made to execute or enforce a judgment may, before making an order to stay execution, or for the restitution of property, or the discharge of the judgment debtor under this Act, require such security from, or impose such conditions upon, the judgment debtor, as it may deem reasonable.

[Order of Court pronouncing judgment to be binding upon Court enforcing the same, &c.]

IV. Any order of the Court in which the judgment was given, or of such Court of Appeal as aforesaid, shall be binding upon the Court to which the application for execution was made, and shall be a sufficient indemnity for all persons acting in execution of process issued by such last mentioned Court.

[Defendant discharged under this Act liable to be re-taken in execution of the judgment.]

V. No discharge of a defendant under the provisions of this Act shall prevent him from being re-taken in execution of the judgment.

[*Government Gazette*, 21*st August*, 1855.]

বার দরখাস্ত করা যায় সেই আদালত ঐ ডিক্রীর মাতবরীর তদারক করিবেন না। বর্জিত বিধি।]

১ ধারা। ১৮৫২ সালের ৩৩ আইনের বিধানমতে কোন আদালতের ডিক্রী প্রবল কি জারী করিবার দরখাস্ত অন্য আদালতে করা গেলে, যদি ঐ ডিক্রীকরণিয়া আদালতের সেই ডিক্রী করিবার এলাকা নাই, ঐ ডিক্রী দেখিয়া এমত বোধ না হয়, তবে যে আদালতে সেইরূপ দরখাস্ত করা যায় সেই আদালত ঐ ডিক্রীর মাতবরীর তদারক করিতে পারিবেন না ইতি।

[সেই আদালত কোন২ স্থলে ডিক্রী জারী স্থগিত করিতে পারিবেন।]

২ ধারা। যখন উক্ত আইনের বিধানানুসারে কোন আদালতের ডিক্রী জারী ও প্রবল করিবার দরখাস্ত অন্য আদালতে হয়, তখন যে আদালতে সেইরূপ দরখাস্ত করা যায় সেই আদালত, উপযুক্ত কারণ দর্শান গেলে, ঐ ডিক্রী জারী উপযুক্ত কাল স্থগিত করিতে পারিবেন। অর্থাৎ ডিক্রীমতের খাতক, যে আদালত ঐ ডিক্রী করিয়াছিলেন সেই আদালতে, কিম্বা সেই আদালতের ডিক্রীর কি ডিক্রী জারীর বিষয়ে অন্য যে আদালতের আপীল এলাকা থাকে সেই আদালতে, ডিক্রী জারী স্থগিত করিবার হুকুম পাইবার জন্যে, কিম্বা মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত করা যায় সেই আদালত ডিক্রী জারীর পরওয়ানা জারী করিলে অথবা সেই আদালতে ডিক্রী জারীর দরখাস্ত করা গেলে সেই আদালত কিম্বা সেই আপীল আদালত ডিক্রীর কি ঐ ডিক্রী জারীর বিষয়ে অন্য যে কোন হুকুম করিতে পারিতেন এমত কোন হুকুম পাইবার জন্যে, দরখাস্ত করিতে পারে, এই নিমিত্তে ঐ ডিক্রী জারী উপযুক্ত কাল স্থগিত করিতে পারিবেন। আর যদি ডিক্রী জারীক্রমে ডিক্রীমতের খাতকের সম্পত্তি ক্রোক করা গিয়া থাকে, কিম্বা খাতককে গ্রেফ্তার করা গিয়া থাকে, তবে যে আদালত ডিক্রী জারী করিলেন সেই আদালত, সেই কালপর্য্যন্ত ঐ সম্পত্তি ফিরিয়া দিবার কি ঐ খাতককে খালাস করিবার হুকুম করিতে পারিবেন ইতি।

[এমত স্থলে আদালত ডিক্রীমতের খাতকের স্থানে জামিনপ্রভৃতি লইতে পারিবেন।]

৩ ধারা। ডিক্রীজারী কি প্রবল করিবার দরখাস্ত যে আদালতের নিকটে করা যায় সেই আদালত এই আইনানুসারে ডিক্রী জারী স্থগিত করিবার, কিম্বা সম্পত্তি ফিরিয়া দিবার, কিম্বা ডিক্রীমতের খাতককে খালাস করিবার হুকুম করণের পূর্ব্বে, ডিক্রীমতের খাতকের স্থানে যে জামিন লওয়া কিম্বা তাহার মানিবার জন্যে যে নিয়ম করা উচিত বোধ করেন সেই জামিন দিতে কিম্বা সেই নিয়ম মান্য করিতে আজ্ঞা করিবেন ইতি।

[ডিক্রীকরণিয়া আদালতের হুকুম ঐ ডিক্রী প্রবলকরণিয়া আদালতের মানিতে হইবেক প্রভৃতি।]

৪ ধারা। যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালত, কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের আপীল আদালত যে কোন হুকুম করেন তাহা, যে আদালতে ডিক্রী জারীর দরখাস্ত করা যায় সেই আদালতের মানিতে হইবেক। আর সেই হুকুম হওয়াতে, শেষোক্ত আদালতের বাহির করা পরওয়ানা জারীক্রমে যে সকল লোক কার্য্য করে তাহারা দায়হইতে প্রচুরমতে মুক্ত হইবেক ইতি।

[এই আইনানুসারে আসামী খালাস হইলে ডিক্রী জারীক্রমে পুনরায় গ্রেফ্তার হইতে পারে।]

৫ ধারা। এই আইনের বিধানমতে আসামী খালাস হইলেও, ঐ ডিক্রী জারীক্রমে তাহার পুনরায় গ্রেফ্তার হইবার কিছু বাধা নাই ইতি।

[Act to form part of Act XXXIII. of 1852.]

VI. This Act shall be read with, and taken as part of Act No. XXXIII. of 1852.

W. Morgan,
Clerk of the Council.

[এই আইন ১৮৫২ সালের ৩৩ আইনের অংশস্বরূপ হইবেক।]

৬ ধারা। এই আইন ১৮৫২ সালের ৩৩ আইনের সঙ্গে পাঠ করিতে হইবেক ও ঐ আইনের অংশস্বরূপ জ্ঞান হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 21.

To the Civil and Session Judges in the Lower Provinces.

In continuation of Circular Order No. 18, of the 12th May, 1854, the Court circulate the names of Mahomed Kureem and Sharafutoollah, who have obtained certificates of qualification in Mahomedan Law at the examination held at the Calcutta Mudrussa, on the 12th and 13th ultimo.

(Signed) C. T. Buckland,
Register.

Fort William, the 3rd August, 1855.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

১৮৫৪ সালের ১২ মে তারিখের ১৮ নম্বরের সরক্যুলর অর্ডরের অতিরিক্ত সদর আদালতের সাহেবেরা মহম্মদ করীম ও শরাফৎউল্লার নাম প্রকাশ করিতেছেন। গত মাসের ১২ ও ১৩ তারিখে কলিকাতার মাদ্রাসাতে যে ইমতিহান হইয়াছিল তাহাতে উক্ত দুই ব্যক্তি শরাতে যোগ্যতার সর্টিফিকট প্রাপ্ত হইয়াছিলেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ৩ আগষ্ট।

John Robinson, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department, will be held at the Presidency College, on the 29th, 30th and 31st instant.

Particulars as to the nature and extent of the examination, the number of Vacancies in the Department, &c. &c., may be obtained on application to the Head Clerk at the Office of the Director of Public Instruction, No. 8, Middleton Street.

Wm. Gordon Young,
Director of Public Instruction.

The 14th August, 1855.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে পদাকাঙ্ক্ষিরদিগকে উচ্চ পদপ্রদান করণার্থে ও কর্ম্মে নিযুক্ত করণার্থে তাঁহারদের পরীক্ষা লওনের জন্যে যে কমিটি নিযুক্ত হইয়াছেন তাঁহারদের আগামি বৈঠক বর্ত্তমান মাসের ২৯। ৩০ ও ৩১ তারিখে রাজধানীর কালেজে হইবেক।

পরীক্ষা যে প্রকারে হইবেক ও যে২ বিষয়ের হইবেক ও ডিপার্টমেণ্টে যে২ পদ শূন্য আছে ইত্যাদি সম্বাদ যে কেহ জানিতে চাহেন, তিনি মিডলটন ষ্ট্রীটের ৮ নম্বরের ঘরে সাধারণের বিদ্যাধ্যাপনের শ্রীযুত ডৈরেক্টর সাহেবের দপ্তরখানায় প্রধান কেরাণির নিকটে দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

ডবলিউ গর্ডন ইয়ঙ্গ।
সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।

১৮৫৫ সাল ১৪ আগষ্ট।

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 10th August, 1855.

The leave of absence for a fortnight, granted to the Moonsiff of Buddeakalee, Zillah Rungpore, under the Court's orders of the 4th June last, will commence from the 28th May last.

C. T. Buckland, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৫ সাল ১০ আগষ্ট।

সদর আদালতের গত জুন মাসের ৪ তারিখের হুকুমানুসারে জিলা রঙ্গপুরের বদিয়াখালির মুনসেফকে দুই সপ্তাহের যে ছুটী দেওয়া যায় তাহা গত মে মাসের ২৮ তারিখঅবধি আরম্ভ হয়।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৫৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

১৮৫৫ সাল ৯ আগষ্ট।

শ্রীযুত ই ওব্রাএন সাহেব (Mr. E. O'Brien,) হালিসহর চুরি নিবারণের কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র দেব পাবনাতে বিদ্যাধ্যাপনীয় লোকেল কমিটির মেম্বর হইবেন।

১৮৫৫ সাল ১০ আগষ্ট।

শ্রীযুত এফ স্কিপউইথ সাহেবের (Mr. F. Skipwith,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr. M. A. G. Shawe,) ছিলটের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ ই বি গ্লবর সাহেব (Mr. F. A. B. Glover,) ছিলটের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ সি উএক সাহেব (Mr. H. C. Wake,) কিঞ্চিৎ কালের নিমিত্তে চাম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E. F. Radcliffe,) নদীয়ার কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঢাকা ও বাকরগঞ্জের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B. H. Cooper,) ময়মনসিংহের কালেক্টর হইবেন।

শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr. G. C. Fletcher,) বীরভূমের কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাকরগঞ্জের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব (Mr. A. A. Swinton,) মুঙ্গেরের কালেক্টর হইবেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেব(Mr. G. G. Balfour,) দিনাজপুরের মাজিষ্ট্রেট হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরণিয়ার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) হাবড়ার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জি পি লেষ্টর সাহেবের (Mr. G. P. Leycester,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ এল বোফর্ট সাহেব (Mr. F. L. Beaufort,) চাটিগাঁয়ের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই ডবলিউ মলোনি সাহেব (Mr. E. W. Molony,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত স্বীয় মাজিষ্ট্রেটী কর্ম্মের অতিরিক্ত যশোহরের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr. A. J. Jackson,) রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্নের লিখিত মহাল সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ও ৬ ধারার বিধানমতে বর্ত্তমান সন ১৮৫৫ সালের ২ জুলাই তারিখে ছানি নীলামে বিক্রী হইয়াছিল তাহাতে খরিদার বায়নার টাকা দাখিল করিয়া বক্রী মূল্য নিয়মমত দাখিল না করাতে ঐ ১৬ ধারাক্রমে বায়নার টাকা সরকারে জব্দ হইয়া পুনরায় ঐ ৬ ধারানুসারে বর্ত্তমান ১৮৫৫ সালের ২৮ আগষ্ট বাঙ্গলা সন ১২৬২ সালের ১৩ ভাদ্র রোজ মঙ্গলবার জেলা যশোরের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে ছানি নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৫ সাল ৯ আগষ্ট।

২ দ্বিতীয় শ্রেণী এক্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

৩৬৫৬ ৭৪৩ নং

কিসমত চর কবতর্কনদীলক্ষ উথলি পরগনে খলিসখালী মিয়াদী ইজারা ভগবানচন্দ্র ঘোষ ও তিলকচন্দ্র চক্রবর্ত্তী সদর জমা ৩৩৲ তঙ্কা।

F. Beaufort, *Collector.*

WANTED

For the Office of the Deputy Collector and Deputy Magistrate of Cox's Bazar, the undermentioned Native Omlahs, who possess a knowledge of the Bengali, Hindee and Persian, can write a neat legible hand, and are well acquainted with the ministerial routine of the Fouzdary and Collectory duties, including land measurement and settlement business. Candidates are expected to furnish satisfactory testimonials of their past services and good conduct.

A Peishkar, Salary 12 Rs. per month.
A Mohafez, Do. 8 Rs. Do.
A Mohurir, Do. 7 Rs. Do.

L. Barber, *Deputy Collector with the powers of Deputy Magistrate*

Zillah Chittagong, Cox's Bazar Subd., the 30th June, 1855.

আবশ্যক।

যে মোকাম কাক্স বাজারের ডিপুটী কালেক্টরী ও ডিং মাজিষ্ট্রেটী আফিসের নিম্নোক্ত কার্য্যকারকের পদে যে ব্যক্তি বাঙ্গলা ও উর্দ্দু ও পারস্য ভাষায় সুশিক্ষিত বটে ও তাহা পরিষ্কৃত ও সুপাঠ্যাক্ষরে লিখিতে পারে ও ফৌজদারী ও কালেক্টরী সিরিশ্‌তার কর্ম্মের রীতি ও ভূমিপরিমাপক বিদ্যা ও বন্দোবস্ত কর্ম্ম ভালরূপ জাত আছে তাহারদিগকে নিযুক্ত করা যায় অতএব কর্ম্মাকাঙ্ক্ষিগণের উচিত যে স্বয় কৃত কর্ম্মের ও সৎস্বভাবের সন্তুষ্টজনক দলীলসহ এ কাছারীতে উপস্থিত হয় ইতি ১৮৫৫ ইং ৩০ জুন।

১ পেস্কার মাসিক বেতন ... ... ১২৲
১ মহাফেজ ঐ ... ... ৮৲
১ মোহরের ঐ ... ... ৭৲

এল বারবর ডিপুটী কালেক্টর।

এক্সেয়ারে ডিপুটী মাজিষ্ট্রেটী।

[*Government Gazette, 21st August, 1855.*]

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALEXANDER BUCHANON, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 1st day of September next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 3rd day of August, 1855, until the 4th day of August instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given, at the Office of the Chief Clerk, three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 14th August, 1855.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলেক্জাণ্ডর বুকানন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৫ সালের ৩ আগষ্ট তারিখঅবধি বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন জহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা। ১৮৫৫ সাল ১৪ আগষ্ট।

In the matter of NILRUTTON HALDAR, an Insolvent, 2nd Insolvency.

On Saturday, the 4th day of August instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 2,216-11-4 in his hands, pay a Dividend at the rate of Co.'s Rs. 10 per cent. (which will amount to the sum of Co.'s Rs. 1,826-1-6,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 14th August, 1855.

দ্বিতীয়বার যোত্রহীন নীলরত্ন হালদারের বিষয়ে

আসৈনি সাহেব বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমাতে সাবুদ হইবামাত্রে তাঁহার হাতে কোম্পানির যে ২,২১৬৷৷৵৪ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৮২৬/৬ কোৎ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা। ১৮৫৫ সাল ১৪ আগষ্ট।

The like notice in the matter of HENRY BUTLER, an Insolvent, wherein it was ordered, that out of the sum of Co.'s Rs. 666-11-0, a Dividend at the rate of Co.'s Rs. 33-5-4 per cent. (amounting to Rs. 584-10-6,) be paid.

যোত্রহীন হেনরি বটলর সাহেবের বিষয়ে সেইপ্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোৎ ৬৬১৷৷৵ টাকাহইতে শতকরা ৩৩ ৵৪ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫৮৪৷৷৵৬ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

NOTICE.

Notice is hereby given, that the partnership business of Iron Merchants heretofore carried on by Nursing Doss and Woodoychund Doss, at Burtollah Street, in Burra Bazar, in Calcutta, was on the 31st day of Choitro, 1261, B. S., dissolved by mutual consent, and the same is now carried on by the said Woodoychund Doss alone, and the said Nursing Doss has no interest therein, and if any person shall hereafter lend or advance any money to the said Nursing Doss, neither the said Woodoychund Doss, nor the said business will be responsible for the repayment thereof.—Dated this Twenty-sixth day of July, 1855.

WOODOYCHUND DOSS, *Proprietor.*

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতার বড়বাজারের বড়তলার রাস্তায় শ্রী নরসিংহ দাস ও শ্রী উদয়চাঁদ দাস লোহার সওদাগরী যে কর্ম্ম যৌতায় চালাইতেন সেই যৌতার কর্ম্ম উভয়ের সম্মতিক্রমে বাঙ্গলা ১২৬১ সালের ৩১ চৈত্র তারিখঅবধি রহিত হইয়াছে। আর সেই কর্ম্ম এইক্ষণে উক্ত উদয়চাঁদ দাস একলাই চালাইতেছেন। আর তাহাতে উক্ত নরসিংহ দাসের কোন সম্পর্ক নাই। আর যদি ইহার পরে কোন ব্যক্তি উক্ত নরসিংহ দাসকে কিছু টাকা কর্জ্জ কি আগাম দেয় তবে তাহা শোধ করিবার বিষয়ে উক্ত উদয়চাঁদ দাস কিম্বা উক্ত কর্ম্ম দায়ী হইবেন না ইতি ১৮৫৫ সাল ২৬ জুলাই।

শ্রীউদয়চাঁদ দাস মালিক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২১ আগষ্ট]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 28, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ২৮ আগষ্ট।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 4TH AUGUST, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 4th August, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 8th of November next:—

A Bill for incorporating the Oriental Gas Company.

[Preamble.]

WHEREAS it is expedient, in order to promote the comfort and convenience of the inhabitants of the various Towns and localities in India, that encouragement should be given to the establishment of Gas works, for supplying and lighting such Towns and localities with Gas; and whereas a Joint Stock Company hath been lately formed for the purpose of establishing, prosecuting, and extending the introduction of such Gas works into India, with a capital of 50,000 Pounds Sterling, in 50,000 shares of 1 Pound Sterling each, which Company hath been duly registered in England pursuant to the Act of Parliament 7 and 8 Victoria, c. 110, under the name of the "Oriental Gas Company," and the said Company is already engaged in the erection of Gas works on land granted for that purpose by Government in the vicinity of the Town of Calcutta, and in the preparation and importation of apparatus and materials for the manufacture and supply of Gas for lighting the said Town: And whereas more than three-fourths of the said 50,000 shares in the said Company have been already subscribed for, and appropriated, and the proprietors have actually paid up 37,500 Pounds Sterling and upwards of the said capital of 50,000 Pounds Sterling; and

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ৪ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ৪ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছিল। তাঁহারা আগামি নবেম্বর মাসের ১ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

ওরিএণ্টল গাস কোম্পানিকে চার্টর দিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক ভারতবর্ষের অন্তঃপাতি নানা নগর ও স্থাননিবাসি লোকেরদের সুখ ও স্বচ্ছন্দতা বৃদ্ধি করিবার অভিপ্রায়ে, ঐ২ নগরে ও স্থানে গাস যোগাইবার ও গাস দিয়া আলো দিবার জন্যে গাসের কারখানা সংস্থাপনের উৎসাহ দান করা উচিত। আরও যেহেতুক ভারতবর্ষের মধ্যে ঐ প্রকারে গাসের কারখানা সংস্থাপন ও চালাওন ও বৃদ্ধি করণের অভিপ্রায়ে, এক২ পৌণ্ডের স্যারের ৫০,০০০ স্যারযুক্ত ৫০,০০০ পৌণ্ড মূল ধনবিশিষ্ট এক জাইণ্ট ষ্টক কোম্পানি সম্প্রতি হইয়াছেন, আর সেই কোম্পানি বিক্টোরিয়া মহারাণীর ৭ ও ৮ বৎসরের আক্ট পার্লিমেণ্টের ১১০ অধ্যায়ানুসারে "ওরিএণ্টল গাস কোম্পানি" নামে ইঙ্গলণ্ডে উপযুক্তমতে রেজিষ্টরী করা গিয়াছে, ও গাসের কারখানা করিবার জন্যে গবর্ণমেণ্ট কলিকাতা নগরের নিকটে যে ভূমি দিয়াছেন সেই ভূমিতে উক্ত কোম্পানি এইক্ষণে গাসের কারখানা করিতে আরম্ভ করিয়াছেন, আর সেই নগরে আলো দিবার জন্যে গাস প্রস্তুত করিবার ও যোগাইবার যন্ত্র ও সরঞ্জাম প্রস্তুত করিতেছেন ও আমদানী করিতেছেন। আরও যেহেতুক বিশেষ ব্যক্তিরা উক্ত কোম্পানির উক্ত ৫০,০০০ স্যারের চারি অংশের তিন অংশের জন্যে স্বাক্ষর করিয়াছেন ও তাহা লইয়াছেন ও ঐ২ স্যারের স্বামিরা উক্ত ৫০,০০০ পৌণ্ড মূল ধনের ৩৭,৫০০ পৌণ্ডের অধিক নিতান্ত দিয়াছেন, ও বর্ত্তমান স্বাক্ষরকারিরা স্ব২ খরচে পূর্ব্বোক্ত প্রকারের গাসের কারখানা স্থাপনের ও গাস প্রস্তুত করণের ও যোগাওনের কার্য্য নির্ব্বাহ করিতে সম্মত আছেন, ও এই আইনের মধ্যে পশ্চাৎ যে প্রকারে ব্যক্ত হইয়াছে ও

the several present subscribers are willing, at their own expense, to carry out the establishment of Gas works and the manufacture and supply of Gas as aforesaid, and it would tend much to the convenience and advantage, as well of the said subscribers as of the public, that they should be incorporated in the manner hereinafter mentioned and provided: And whereas the said Company has been constituted under the provisions of a Deed of Association bearing date the 25th day of April, 1853, and made and executed in London between the several persons whose names and seals are subscribed and affixed to a certain Schedule thereto annexed of the first part, and Francis Kearsey therein described of the second part: And whereas it is expedient that provision should be made for vesting, continuing, and establishing in, for, and against the corporate body hereby created (after and notwithstanding their Incorporation) all such property, rights, contracts, and liabilities whatsoever as the said existing Society or Company are, or but for such Incorporation would be possessed of, entitled, or liable to: It is enacted as follows:—

["Oriental Gas Company" incorporated.]

I. The several persons whose names and seals are already subscribed and affixed to the said Deed of Association, and all other persons and corporations who have subscribed to, or become sharers in, and all such persons as shall hereafter subscribe to, or become sharers in the said undertaking, and their several and respective successors, executors, administrators, and assigns, shall be, and they are hereby united into a Company for the purposes herein declared, and shall constitute and be one body corporate, by the name and style of the "Oriental Gas Company," and by that name shall have perpetual succession and a common seal, and by that name shall and may sue and be sued.

[Business of the Company.]

II. It shall be lawful for the said Company to carry on the general business of a Gas manufacturing and Gas Lighting Company, and to supply Gas for public, domestic, and other purposes at and in the said Town of Calcutta and its environs, and at such other Towns, Cities, and places within the Territories of the East India Company as to the Governor General in Council, or to the Governors or Lieutenant-Governors of such Territories respectively, shall seem fit; and for the purposes aforesaid, or any of them, to make and enter into any such sub-contracts or sub-contract with any other Gas Company or Companies in Great Britain or elsewhere, or with any private individuals or individual, upon and subject to such terms and conditions as to the said Oriental Gas Company may seem fit and expedient; and for the purposes of erecting Gas works, or other purposes connected with the manufacture of Gas, to take and hold any such grants or leases, or to make

বিধান হইয়াছে সেই প্রকারে ঐ স্বাক্ষরকারিরা চার্টর প্রাপ্ত হইলে তাঁহাররদের ও সাধারণ লোকেরদের অনেক স্বচ্ছন্দতা ও লভ্য হয়। আরো যেহেতুক ১৮৫৩ সালের ২৫ আপ্রিল তারিখের এক সমাজপত্রের বিধানক্রমে উক্ত কোম্পানি সংস্থাপিত হইয়াছেন, ও এক পক্ষে ঐ সমাজপত্রের নিম্ন ভাগে বিশেষ এক তফসীলের নীচে যে নানা ব্যক্তিরদের নাম লেখা গিয়াছে ও মোহর বসান গিয়াছে তাঁহারদের মধ্যে পরস্পর, ও পক্ষান্তরে ঐ পত্রের মধ্যে নির্দ্দিষ্ট ফ্রান্সিস কিয়রসী সাহেবের সঙ্গে ঐ সমাজপত্র লণ্ডন নগরে করা গিয়াছে ও সেই পত্রে দস্তখৎ হইয়াছে। আরো যেহেতুক উক্ত বর্ত্তমান সোসাইটি কি কোম্পানি যে সকল সম্পত্তি ও স্বত্ব ও করার ও দায় প্রাপ্ত হইয়াছেন, কি প্রাপ্ত হইতে স্বত্ববান হন কি যোগ্য হন, কিম্বা সেইরূপ চার্টর না হইলে প্রাপ্ত হইতেন কি প্রাপ্ত হইবার স্বত্ববান কি যোগ্য হইতেন, তাহা (ঐ চার্টরপ্রাপ্ত হইলে পর এবং চার্টরপ্রাপ্ত হইলেও) এতদ্দ্বারা সৃষ্ট ঐ সামাজিক ব্যক্তিরদিগকে ও তাঁহারদের সপক্ষে ও বিপক্ষে অর্পণ করিবার ও রক্ষা করিবার ও স্থিরতর করিবার বিধান করা বিহিত হইয়াছে। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[ওরিএণ্টল গাস কোম্পানিকে চার্টর দেওন।]

১ ধারা। উক্ত সমাজপত্রেতে যে সকল ব্যক্তির নাম লেখা হইয়াছে ও মোহর বসান গিয়াছে তাঁহারা, এবং অন্য যে সকল ব্যক্তি ও সমাজ ঐ কার্য্যের নিমিত্তে স্বাক্ষর করিয়াছেন কি তাহাতে অংশী হইয়াছেন, এবং যে সকল ব্যক্তি তাহাতে ইহার পরে স্বাক্ষর করেন কি অংশী, হন তাঁহারা ও তাঁহারদের সকলের ও একং জনের উত্তরাধিকারিরা ও অছিরা ও আডমিনিষ্ট্রেটরেরা ও আসৈনেরা এই আইনের প্রকাশিত কার্য্যের জন্যে কোম্পানি হইবেন, ও ইহার দ্বারা তাঁহারা কোম্পানিস্বরূপ সংযুক্ত হইয়াছেন। এবং তাঁহারা "ওরিএণ্টল গাস কোম্পানি" এই নাম ও উপাধিক্রমে চার্টরপ্রাপ্ত সমাজস্বরূপ সংস্থাপিত হইবেন ও থাকিবেন, এবং সেই নামেতে তাঁহারদের চির কাল পর্য্যায় থাকিবেক, ও তাঁহারদের সাধারণ মোহর থাকিবেক, ও সেই নামেতে তাঁহারা নালিশ করিবেন ও করিতে পারিবেন, ও তাঁহারদের নামে নালিশ হইবেক ও হইতে পারিবেক ইতি।

[কোম্পানির কার্য্য।]

২ ধারা। উক্ত কোম্পানি গাস প্রস্তুত করিবার ও গাসের দ্বারা আলো করিবার কোম্পানির সাধারণ কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেন, এবং উক্ত কলিকাতা নগরে ও তাহার নিকটবর্ত্তি স্থানে, ও কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অন্তঃপাতি অন্য যে সকল নগর ও শহর ও স্থান হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর অথবা ঐং দেশের শ্রীযুত গবরুনর কি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবেরা উচিত বোধ করেন, সেইং নগরপ্রভৃতিতে সাধারণ কার্য্যের নিমিত্তে ও ঘরের জন্যে ও অন্যং অভিপ্রায়ে গাস যোগাইতে পারিবেন। আর পূর্ব্বোক্ত সকল কি কোন অভিপ্রায়ে, উক্ত ওরিএণ্টল গাস কোম্পানি যে নিয়ম ও বিধান করা উচিত ও বিহিত বোধ করেন, সেই নিয়ম ও বিধানমতে ও তদনুসারে তাঁহারা গ্রেটব্রিটনের কি অন্য স্থানের অন্য কোন এক কি অনেক গাস কোম্পানির সঙ্গে, কিম্বা কোন বিশেষ ব্যক্তির কি ব্যক্তিরদের সঙ্গে এক কি অনেক করার করিতে পারিবেন। আর গাসের কারখানা করিবার অভিপ্রায়ে ও গাস প্রস্তুত করণসম্পর্কীয় অন্যং কার্য্যের নিমিত্তে উক্ত কোম্পানি যেমন বিহিত ও উপযুক্ত বোধ করেন তেমনি, চির কালের নিমিত্তে কিম্বা কতক বৎসর মিয়াদে, জমীর কোন

any such purchases of any absolute or other interest in or acquisitions of land, in perpetuity or for any term of years, as the said Company shall think expedient and advisable, with full power to the said Company from time to time to sell, dispose of, assign, or exchange the same respectively, and to form, erect, and make all such establishments, buildings, works, and conveniences as to the said Company shall seem fit and proper, and generally to use all such other ways and means as to the said Company shall seem meet for carrying into effect the objects aforesaid.

[Capital of the Company. Proviso.]

III. The capital of the said Company shall consist of Company's Rupees 5,00,000 to be contributed in 50,000 shares of Company's Rupees 10 each, which shall be the original capital of the said Company, and of such further sum as may be raised by the creation and sale of new shares as hereinafter provided for. Provided always that it shall and may be lawful for the said Company, at any time and from time to time, to increase the capital of the said Company to any amount not exceeding Company's Rupees 30,00,000 altogether, by the issue of fresh shares of Company's Rupees 10 each, upon such terms as to them shall seem fit.

[Power to raise money by loan.]

IV. It shall not be lawful for the said Company to raise money by way of loan to a greater amount altogether than one-fifth of the paid-up capital for the time being of the said Company.

[All property vested in the incorporated Company.]

V. All and every the grants or purchases of land made, obtained, or contracted for by the said Company, in the names or name of any Directors or Director thereof, or of any person or persons in trust for the said Company, and the erections, plant, and works made and erected thereon, and tunnels and excavations made therein, and all offices, ware-houses, and buildings, and all fixed and moveable machinery, mains, pipes, and articles whatsoever, upon or appertaining thereto, or used therewith, and all property, real and personal, goods, articles, and things whatsoever, purchased, taken, brought, produced, or otherwise acquired for the purposes of the said Company, and all the estate, right, title, and interest whatsoever therein, both at Law and in Equity, to all intents and purposes, shall henceforth vest in and belong to the said "Oriental Gas Company," and their successors in their corporate capacity, and no individual subscriber or shareholder thereof shall, as such, have or pretend to any estate, ownership, or right of property therein.

[Power to make Bye-laws. Bye-laws contained in Deed of Association to continue in force.]

VI. The said Company shall have full power to make and constitute any Bye-laws, Rules, and

দান কি পাট্টা লইতে ও ধার্য্য করিতে পারিবেন, কিম্বা জমীতে নিয়মরহিত কি অন্য প্রকার সম্পর্ক খরীদ করিতে পারিবেন, কিম্বা জমী প্রাপ্ত হইতে পারিবেন, এবং তাহা সময়েং বিক্রয় কি হস্তান্তর কি সমর্পণ কিম্বা পরিবর্ত্তন করিতে উক্ত কোম্পানির সম্পূর্ণ ক্ষমতা থাকিবেক, আরো উক্ত কোম্পানি যেমন উপযুক্ত ও উচিত বোধ করেন তেমনি সিরিশ্তা নিযুক্ত করিতে ও ইমারৎ ও কারখানা গাঁথিতে ও যে কোন বিষয় সুগম হয় তাহা করিতে পারিবেন। আর পূর্ব্বোক্ত অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তে উক্ত কোম্পানির বিবেচনায় অন্য যে কোন কর্ম্ম বা উপায় উপযুক্ত বোধ হয় তাহা সাধারণমতে করিতে পারিবেন ইতি।

[কোম্পানির মূল ধন। বর্জ্জিত কথা।]

৩ ধারা। উক্ত কোম্পানির মূল ধন ৫,০০,০০০৲ লক্ষ টাকা হইবেক, তাহা কোম্পানির ১০৲ টাকা করিয়া ৫০,০০০৲ হাজার স্যারে বিভক্ত হইবেক, তাহা ঐ কোম্পানির আসল মূল ধন জ্ঞান হইবেক, ও পশ্চাৎ নির্দ্দিষ্টমতে নূতন স্যার সৃষ্টিকরণ ও বিক্রয় করণেতে যে টাকা উৎপন্ন হয় তাহাও ঐ কোম্পানির মূল ধনের মধ্যে গণ্য হইবেক। পরন্তু উক্ত কোম্পানির কোন সময়ে এবং সময়ক্রমে যেং নিয়ম উচিত বোধ হয় সেইং নিয়মমতে কোম্পানির ১০৲ টাকা করিয়া নূতন স্যার সৃষ্টি করিয়া, আপনারদের মূল ধন সর্ব্বসুদ্ধ কোম্পানির ৩০,০০,০০০৲ লক্ষ টাকাপর্য্যন্ত বাড়াইতে সর্ব্বদা ক্ষমতা থাকিবেক ও থাকিতে পারিবেক ইতি।

[কর্জ্জ লইয়া টাকা পাইবার ক্ষমতা।]

৪ ধারা। উক্ত কোম্পানির যে সময়ে যত মূল ধনের টাকা দেওয়া গিয়াছে, তাহার পাঁচ ভাগের অধিক তাঁহারা কর্জ্জ করিতে পারিবেন না ইতি।

[চার্টরপ্রাপ্ত কোম্পানির সকল সম্পত্তি।]

৫ ধারা। উক্ত কোম্পানি আপনারদের কোন অধ্যক্ষেরদের কি অধ্যক্ষের নামে, অথবা উক্ত কোম্পানির নিমিত্তে ট্রষ্টস্বরূপ কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নামে, যে সকল ও যত ভূমি ক্রয় করেন কি হস্তগত করেন কি যত ভূমির বন্দোবস্ত করেন তাহা, ও তাহার উপর যে সকল গাঁথনি ও সরঞ্জাম ও কারখানা করেন ও নির্ম্মাণ করেন, ও তাহাতে যে সকল সুড়ঙ্গ ও খোল করেন, ও তাহার উপর কি তৎসম্পর্কে, কি তাহার সঙ্গে ব্যবহারকরা, যে সকল দফ্তরখানা ও গুদাম ঘর ও ইমারৎ ও সকল স্থিরতর ও অস্থাবর কল ও বড়চুঙ্গি ও নল এবং অন্য সকল দ্রব্য, ও উক্ত কোম্পানির অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তে যে সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি ও জিনিস ও দ্রব্য ও সামগ্রী ক্রয় করা যায় কি লওয়া যায় কি আনা যায় কি উৎপন্ন হয় কি প্রকারান্তরে প্রাপ্ত হওয়া যায়, ও সেই সকল বিষয়ে আইনানুসারে ও একটি পক্ষে উক্ত কোম্পানির যে সম্পত্তি ও স্বত্ব ও অধিকার ও সম্পর্ক থাকে তাহা সর্ব্বতোভাবে ও সকল কার্য্যের নিমিত্তে উক্ত ওরিএণ্টল গাস কোম্পানির ও তাঁহারদের সামাজিক উত্তরাধিকারিদিগের প্রতি এই কালাবধি অর্পণ হইবেক, এবং তাঁহারদিগেরি থাকিবেক, এবং ঐ কোম্পানিতে স্বাক্ষরকারি অথবা অংশী হওয়াপ্রযুক্ত কোন বিশেষ ব্যক্তি তাহাতে কোন সম্পত্তি কি স্বামিত্ব কি সম্পত্তির স্বত্ব পাইবেন না কি পাইবার দাওয়া রাখিবেন না ইতি।

[বিধান করিবার ক্ষমতা। সমাজপত্রে যে বিধান আছে তাহা বলবৎ থাকিবেক।]

৬ ধারা। ঐ কোম্পানির কার্য্য ও কর্ত্তৃত্ব নির্ব্বাহের নিমিত্তে ও তৎসম্পর্কে এবং ঐ কোম্পানির অধ্যক্ষের ও

Regulations not repugnant to Law or to this Act, for and relating to the government and affairs of the said Company, and for the government and guidance of the Directors and Officers, and from time to time to rescind, alter, and vary the same, and the provisions of the said Deed of Association shall, until duly altered or abrogated, constitute and be deemed the first Bye-Laws, Rules, and Regulations of the said Company, and shall have and take effect as such, so far and in such particulars as the same are not repugnant to Law or to this Act.

আমলারদের কার্য্য চালাইবার ও উপদেশের নিমিত্তে যে কোন বিধান ও নিয়ম ও দাঁ।1 সাধারণ আইনের অথবা এই আইনের বিরুদ্ধ না হয় তাহা স্থাপন করিতে ও সময়ে২ রদ ও মতান্তর ও পরিবর্ত্তন করিতে ঐ কোম্পানির সম্পূর্ণ ক্ষমতা থাকিবেক। এবং উক্ত সমাজপত্রের বিধান যাবৎ উচিতমতে মতান্তর অথবা রদ না হয় তাবৎ তাহা উক্ত কোম্পানির প্রথম বিধান ও নিয়ম ও দাঁড়া হইবেক ও জ্ঞান হইবেক, এবং যেপর্য্যন্ত ও যে২ বিষয়ে ঐ২ বিধান সাধারণ আইন অথবা এই আইনের বিরুদ্ধ না হয় সেইপর্য্যন্ত এবং সেই২ বিষয়ে তাহা বলবৎ থাকিবেক ইতি।

[Meetings held within six months after passing of Act under Bye-Laws.]

VII. Nothing herein contained shall be construed to render illegal or invalid any general or other Meeting of the said Company, or of the managing body thereof, or any election, resolution, or other proceeding whatsoever, which has been, or shall be held, made or passed within six months after the passing of this Act, so as that the same shall have been held, made, or passed, under and in accordance with the Bye-Laws, Rules, and Regulations contained in the said Deed of Association.

[আইন জারী হইবার পরে ৬ মাসের মধ্যে বিধানক্রমে যে বৈঠক হয়।]

৭ ধারা। এই আইন জারী হইবার পরে ছয় মাসের মধ্যে উক্ত কোম্পানির কি তাঁহারদের কর্ম্ম নির্ব্বাহকেরদের যে কোন সাধারণ কিম্বা অন্য বৈঠক হয় কিম্বা যে কোন মনোনীত করণ কার্য্য কি নির্দ্ধারণ কি অন্য কোন কার্য্য হইয়াছে কি হয় কি করা যায় কি জারী হয় তাহা বেআইনী কি অসিদ্ধ যাহাতে হয় এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না। কিন্তু প্রয়োজন যে ঐ বৈঠকপ্রভৃতি উক্ত সমাজপত্রের লিখিত বিধান ও নিয়ম ও দাঁড়ানুসারে হয় কি করা যায় কি জারী হয় ইতি।

[Time and mode of holding general and extraordinary Meetings. Number of Votes. Votes by proxy.]

VIII. A General Meeting of the said Company shall be held at the principal office or place of business of the said Company at Calcutta, twice at the least in every year, and oftener when and if need shall be; the time of holding which periodical Meetings, and the form and mode of requisition for holding special or extraordinary Meetings, and of advertizing and giving notice thereof respectively, shall be settled and determined by Bye Law or Rule of the said Company; and at all such General Meetings, whether periodical or special, every proprietor holding one share and less than 10 shares shall be entitled to one vote, 10 and less than 20 shares to two votes, each additional 10 shares entitling each proprietor so holding the same to an additional vote until his shares shall amount to 50; and each proprietor holding 50 shares and less than 100 shall be entitled to six votes, and so on, each additional 50 shares entitling the proprietor so holding the same to an additional vote until he hold 500 shares; and any shareholder holding 500 shares, and not more than 600 shares, shall be entitled to 15 votes; and every shareholder holding more than 600 shares shall also be entitled to one vote for every 100 shares above 600 in addition to the 15 votes aforesaid; but no proprietor shall be entitled to more than 25 votes altogether. Provided always, that votes given by proxy, according to any Bye-Law, Rule, or Regulation of the said Company, shall be deemed to be as valid and effectual as if given in person.

[সাধারণ ও অতিরিক্ত বৈঠক করিবার সময় ও নিয়ম। বোটের সংখ্যা। প্রতিনিধির দ্বারা বোট।]

৮ ধারা। কলিকাতায় উক্ত কোম্পানির প্রধান দফ্তরখানায় কি কর্ম্ম স্থানে প্রতিবৎসরে অন্যূন দুইবার, এবং আবশ্যক হইলে অধিকবার, উক্ত কোম্পানির সাধারণ বৈঠক হইবেক। ঐ সাময়িক বৈঠকের সময় নিরূপণ এবং বিশেষ অথবা উপরি বৈঠক করিবার আদেশের নিয়ম, ও তাহার ইশ্তিহার ও এত্তেলা দেওনের প্রকার, উক্ত কোম্পানির বিধান অথবা নিয়মের দ্বারা নিরূপণ ও ধার্য্য হইবেক, এবং ঐ সকল সাধারণ বৈঠকে, তাহা সাময়িক হউক কি বিশেষ হউক যে প্রত্যেক অধিকারির ১ স্যারঅবধি ১০ পর্য্যন্ত স্যার থাকে তাঁহার এক বোট হইবেক এবং যাঁহার ১০ স্যারঅবধি ২০ পর্য্যন্ত স্যার থাকে, তাঁহার দুই বোট হইবেক, এবং ৫০ পর্য্যন্ত স্যার যে প্রত্যেক অধিকারির থাকে তাঁহার ঐ ২০ স্যারের উপর দশ২ স্যারপ্রতি এক২ বোট হইবেক, এবং ৫০ স্যারঅবধি ১০০ পর্য্যন্ত স্যার যে২ অধিকারির হয় তাঁহার ছয় বোট হইবেক, ইত্যাদি ৫০০ পর্য্যন্ত স্যার যে অধিকারির থাকে তাঁহার ১০০ স্যারের উপর পঞ্চাশ২ স্যারপ্রতি এক২ বোট থাকিবেক, এবং যে কোন অংশির ৫০০ অবধি ৬০০ শতপর্য্যন্ত স্যার থাকে তাঁহার পনেরো বোট হইবেক, এবং যে প্রত্যেক অংশির ৬০০ শতের অধিক স্যার থাকে তাঁহার উক্ত পনেরো বোটের অতিরিক্ত ৬০০ শত স্যারের অধিক এক২ শত স্যারপ্রতি এক২ বোট হইবেক, কিন্তু কোন অধিকারিরই সর্ব্বসুদ্ধ ২৫ বোটের অধিক হইবেক না। পরন্তু উক্ত কোম্পানির কোন বিধান কি নিয়ম কি দাঁড়ানুসারে যে বোট কোন প্রতিনিধির দ্বারা দেওয়া যায় তাহা সর্ব্বদাই অধিকারী স্বয়ং দিলে যেরূপ বলবৎ ও সিদ্ধ হইত সেইরূপ বলবৎ ও সিদ্ধ হইবেক ইতি।

[Account books and balance sheet to be produced at General Meetings. Balance sheet to be published in *Gazette*.]

IX. At all such periodical Meetings as aforesaid, the books and accounts of the said Company shall be produced and exhibited for the inspection, examination, and approval of the subscribers or shareholders at large; and at each of such periodical Meetings, there shall be produced and presented, by the Directors or other Officers of the said Company for the time being, a true account in abstract and balance sheet, showing the whole of the receipts, disbursements, and operations of the said Company, commencing from the date of their next preceding periodical Meeting, and account brought down to the date of holding such periodical Meeting at which the same shall be produced, or as near thereto as conveniently may be; and such abstract account and balance sheet, when examined, approved, or passed by such or any subsequent Meeting, shall immediately be published in the *Government Gazette* at Calcutta, and in the *Calcutta Exchange Gazette*, and also in the *London Gazette*.

[Saving of payments heretofore made on account of shares.]

X. All payments already made on account of the shares subscribed for in the said Company shall be deemed valid and effectual payments, and are hereby acknowledged and confirmed.

[Certificate of share. Share to be transferred by deed, &c. Proviso. Registry of transfer.]

XI. A certificate, signed by three Directors of the said Company, shall, upon request, be delivered to every proprietor or shareholder of the said Company; and any share of the said Company shall be transferrable by endorsement made on the certificate representing such share or shares respectively by the holder thereof, provided that such endorsement shall specify the name of the party to whom such transfer is made. Provided always that no such endorsement shall be effectual to transfer any share or shares, until compliance with the Bye-Laws, Rules, and Regulations of the said Company, and until the transfer shall have been registered in a registry to be kept for that purpose at the principal office in Calcutta of the said Company (if such transfer be made in India) or in London (if such transfer be made in Great Britain), and until a note of such registration, and of the date thereof, shall have been made on the back of the endorsed certificate, under the hand of the Secretary of the said Company for the time being, at the place where such transfer shall have been made, or of such other Officer as shall be appointed by the said Company for that purpose. Provided that if, at the place where such transfer shall be made, there be no such Secretary or Officer, the same (if such transfer be made in India) shall be made by the Secretary or other Officer appointed in that behalf at Calcutta, or, if in Great Bri-

[*Government Gazette*, 28*th August*, 1855.]

[সাধারণ বৈঠকে হিসাবের বহী ও জমাওয়াসীল বাকীর ফর্দ্দ উপস্থিত করা যাইবেক। ঐ ফর্দ্দ গেজেটে প্রকাশ করিতে হইবেক।]

৯ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের সকল সাময়িক বৈঠকে উক্ত কোম্পানির বহী এবং হিসাব সাধারণমতে স্বাক্ষরকারিদের কি অংশিদের দেখন ও পরীক্ষা লওন ও মঞ্জুর করণের নিমিত্তে উপস্থিত করা যাইবেক ও দর্শান যাইবেক, এবং উক্ত প্রত্যেক সাময়িক, বৈঠকে তৎকালীন উক্ত কোম্পানির অধ্যক্ষ অথবা অন্য কার্য্যকারকেরা হিসাবের যথার্থ চুম্বক এবং জমাওয়াসীল বাকীর ফর্দ্দ উপস্থিত ও দরপেশ করিবেন। তাহার অব্যবহিত পূর্ব্বের সাময়িক বৈঠকের তারিখঅবধি, যে সাময়িক বৈঠকে ঐ হিসাব দাখিল হয় সেই বৈঠকের তারিখপর্য্যন্ত, অথবা অক্লেশে তাহার যত নিকট হইতে পারে সেইপর্য্যন্ত, উক্ত কোম্পানির সমুদয় জমা ও খরচ ও কার্য্যের বিবরণ ঐ হিসাবের চুম্বকে ও জমাওয়াসীল বাকীর ফর্দ্দেতে লেখা থাকিবেক, এবং ঐ হিসাবের চুম্বক এবং জমাওয়াসীল বাকীর ফর্দ্দ সেই বৈঠকে অথবা তাহার পর কোন বৈঠকে তজবীজ এবং মঞ্জুর অথবা স্বীকার হইলে, তাহা অগৌণে কলিকাতার গবর্ণমেণ্ট গেজেটে এবং কলিকাতার এক্সচেঞ্জ গেজেটে এবং লণ্ডন গেজেটে প্রকাশ হইবেক ইতি।

[স্যারের নিমিত্তে যে টাকা পূর্ব্বে দেওয়া গিয়াছে তাহা রক্ষাকরণ।]

XXXVI. If the said Company shall at any time cause or suffer to be brought, or to flow into any stream, reservoir, aqueduct, pond, or place of water, or into any drain communicating therewith, any washing or other substance produced in making or supplying Gas, or shall wilfully do any act connected with the making or supplying of Gas, whereby the water in any such stream, reservoir, aqueduct, pond, or place for water shall be fouled, the said Company shall forfeit for every such offence the sum of two thousand Rupees.

[Penalty to be sued for within six months.]

XXXVII. The said penalty of two thousand Rupees shall be recovered with full costs of suit in any Court of competent jurisdiction, by the person into whose water such washing or other substance shall be conveyed, or shall flow, or whose water shall be fouled by any such act as aforesaid, but such penalty shall not be recoverable unless it be sued for during the continuance of the offence, or within six months after it shall have ceased.

[To be continued.]

কালের নিমিত্তে মূল্য দিবার করার করিয়াছেন তাহার অধিক কাল দীপ জ্বালাইয়া রাখেন, কিম্বা অন্যপ্রকারে ঐ গাস অনুপযুক্তমতে ব্যবহার করেন কি জ্বালান, কিম্বা উক্ত কোম্পানি তাঁহাকে যে গাস যোগাইয়া দেন তাহার কোন অংশ অন্য কোন ব্যক্তিকে দেন, তবে এইমত প্রত্যেক অপরাধের নিমিত্তে ঐ ব্যক্তি উক্ত কোম্পানিকে ৫০৲ টাকা জরীমানা দিবেন। আর যত দিন ঐ নল সেই প্রকারে থাকে, কিম্বা ঐ যন্ত্রাদি কি বর্ণর ব্যবহার হয়, কি ঐ অতিরিক্ত গাস ব্যবহার হয় কি ব্যবহার হইয়া থাকে, কিম্বা সেই প্রকারে অন্যকে দেওয়া যায়, এমত প্রতিদিনের নিমিত্তে ঐ ব্যক্তি আরো ২০৲ টাকা করিয়া জরীমানা দিবেন। আর কোম্পানির সঙ্গে ঐ ব্যক্তির কোন করার পূর্ব্বে করা গেলেও, উক্ত কোম্পানি সেই অপরাধির ঘর ও বাটীতে ঐ গাস রহিত করিতে পারিবেন ইতি।

[জানিয়াশুনিয়া নলের ক্ষতি করিবার দণ্ড।]

৩৪ ধারা। যদি কোন ব্যক্তি কোন নল কি স্তম্ভ কি থাম কি খুঁটী কি দীপ কিম্বা গাস যোগাইবার নিমিত্তে উক্ত কোম্পানির অন্য বিষয় জানিয়াশুনিয়া স্থানান্তর কি নষ্ট কি ক্ষতি করেন, কিম্বা সরকারী কোন দীপ কি বাতি জানিয়াশুনিয়া নিবাইয়া ফেলেন, কিম্বা উক্ত কোম্পানির যোগান কিছু গাস অপব্যয় করেন কি অনুপযুক্তমতে ব্যবহার করেন, তবে সেই ব্যক্তি যে ক্ষতি করা গিয়াছে তাহার মূল্যের অতিরিক্ত এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে উক্ত কোম্পানিকে ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন ইতি।

[দৈবাৎ নলের ক্ষতি হইলে তাহা পূরণ করণ।]

৩৫ ধারা। যদি কোন ব্যক্তি অমনোযোগে কি দৈবঘটনায় উক্ত কোম্পানির কি তাঁহারদের তত্ত্বাধীন কোন নল কি থাম কি দীপ ভাঙ্গেন কি ফেলিয়া দেন কি ক্ষতি করেন, তবে সেই ব্যক্তি, কোন জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট ঐ ক্ষতি পূরণের নিমিত্তে যত টাকা উচিত বোধ করেন, তত টাকা ঐ কোম্পানিকে দিবেন। কিন্তু তাহা ৫০৲ টাকার অধিক হইবেক না ইতি।

[জল নষ্ট করিবার দণ্ড।]

৩৬ ধারা। যদি উক্ত কোম্পানি, গাস প্রস্তুত করণের কি যোগাওনের কার্য্যেতে যে কিছু শিটা কি অন্য বিষয় থাকে তাহা, কোন সময়ে কোন জলস্রোতে কি জলাশয়ে কি পয়নালাতে কি পুষ্করিণীতে কিম্বা জল থাকিবার স্থানে কিম্বা তাহার সঙ্গে সংযুক্ত কোন নরদমাতে আনান কি চালান কিম্বা আনিতে কি পড়িতে দেন, কিম্বা যাহাতে সেই প্রকারের কোন জলস্রোতের কি জলাশয়ের কি পয়নালার কি পুষ্করিণীর কি জল থাকিবার কোন স্থানের জল ময়লা হয়, ঐ গাস প্রস্তুত করণ কি যোগাওন সম্পর্কীয় এমত কোন কার্য্য জানিয়াশুনিয়া করেন, তবে উক্ত কোম্পানি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই হাজার টাকা জরীমানা দিবেন ইতি।

[ছয় মাসের মধ্যে ঐ জরীমানার বাবৎ নালিশ হইবেক।]

৩৭ ধারা। যে ব্যক্তির জলে ঐ শিটা কি অন্য দ্রব্য চালান যায় কি পড়ে, কিম্বা যে ব্যক্তির জল পূর্ব্বোক্তমতের কোন কার্য্যদ্বারা ময়লা করা যায় সেই ব্যক্তি, উপযুক্ত ক্ষমতার কোন আদালতে নালিশ করিয়া, মোকদ্দমার সম্পূর্ণ খরচাসমেত ঐ ২০০০৲ টাকা জরীমানা পাইবেন, কিন্তু ঐ অপরাধ যে সময়ে হইতেছে সেই সময়ে, কিম্বা তাহা রহিত হইবার পর ছয় মাসের মধ্যে, নালিশ না হইলে, ঐ জরীমানার টাকা পাওয়া যাইবেক না ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department, will be held at the Presidency College, on the 29th, 30th and 31st instant.

Particulars as to the nature and extent of the examination, the number of Vacancies in the Department, &c. &c., may be obtained on application to the Head Clerk at the Office of the Director of Public Instruction, No. 8, Middleton Street.

Wm. Gordon Young,
Director of Public Instruction.

The 14th August, 1855.

রাজকর্ম্মে নিয়োগ।

১৫৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১১ আগষ্ট।

১৮৩৩ সালের ৯ আইনানুসারের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পিরন সাহেব (Mr. J. Piron,) শাহাবাদ জিলায় প্রেরিত হইয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ১৬ আগষ্ট।

ছিলটের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব (Mr. F. Skipwith,) ছুটীবিষয়ক বিধির ৬ ধারার ১ প্রকরণানুসারে পনের মাসের ছুটী এবং উক্ত ধারার ৪ প্রকরণানুসারে আগামি মাসের ৭ তারিখঅবধি প্রস্তুত হইবার নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

দক্ষিণ শাবাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু রামকানাই বসু আপনার কর্ম্মের ভার নওয়াখালীর একটিং মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া আগামি মাসের ২৪ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ৭ আগষ্ট।

থানা ফরাক্কাবাদের যে দেওয়ানী এলাকা অল্প দিন হইল জিলা মুরশিদাবাদের শামিল করা গিয়াছিল তাহা জঙ্গিপুরের মুনসেফী এলাকাভুক্ত হইয়াছে।

মতিহারির আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ই মাকডনেল সাহেব (Mr. E. McDonell,) গত মাসের ১১ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৬৫৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৬ আগষ্ট।

শ্রীযুত ওগলবি টেম্পল সাহেব (Mr. Ogilvy Temple,) কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্লার্ক হইবেন।

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে পদাকাঙ্ক্ষিদিগকে উচ্চ পদপ্রদান করণার্থে ও কর্ম্মে নিযুক্ত করণার্থে তাঁহারদের পরীক্ষা লওনের জন্যে যে কমিটি নিযুক্ত হইয়াছেন তাঁহারদের আগামি বৈঠক বর্ত্তমান মাসের ২৯। ৩০ ও ৩১ তারিখে রাজধানীর কালেজে হইবেক।

পরীক্ষা যে প্রকারে হইবেক ও যে২ বিষয়ের হইবেক ও ডিপার্টমেণ্টে যে২ পদ শূন্য আছে ইত্যাদি সম্বাদ যে কেহ জানিতে চাহেন, তিনি মিডলটন ষ্ট্রীটের ৮ নম্বরের ঘরে সাধারণের বিদ্যাধ্যাপনের শ্রীযুত ডৈরেক্টর সাহেবের দপ্তরখানায় প্রধান কেরাণির নিকটে দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

ডবলিউ গর্ডন ইয়ং।
সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।

১৮৫৫ সাল ১৪ আগষ্ট।

১৮৫৫ সাল ১৩ আগষ্ট।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি ই চাপমান সাহেব (Mr. C. E. Chapman,) উক্ত জিলায় কিঞ্চিৎ কালের নিমিত্তে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত আর সি পেরি সাহেব (Mr. R. C. Perry,) ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত বাবু লোকনাথ শাহ ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৫ সাল ১৬ আগষ্ট।

পূর্ব্ব বর্দ্ধমানের জজ শ্রীযুত জে এচ ইয়ং সাহেব (Mr. J. H. Young,) উক্ত জিলায় ১৮২৮ সালের ৩ আইনানুসারে বিশেষ কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ১৫ আগষ্ট।

চাটিগাঁয়ের একটিং জজ শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) ছুটীবিষয়ক বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ডবলউ আগনিউ সাহেব (Captain W. Agnew,) দেওয়ানী আদালতের ভার জিলার প্রধান সদর আমীনের প্রতি ও আপনার অন্যান্য কর্ম্মের ভার ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ ও এ বেকেট সাহেবের (Mr. W. O. A. Beckett,) প্রতি অর্পণ করিয়া ১৮৫১ সালের মার্চ মাসের ২০ তারিখের সৈন্যসম্পর্কীয় বিধির অনুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ১৬ আগষ্ট।

কামরূপে আসাম দেশের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) গত মে মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

WANTED

For the Office of the Deputy Collector and Deputy Magistrate of Cox's Bazar, the undermentioned Native Omlahs, who possess a knowledge of the Bengali, Hindee and Persian, can write a neat legi-

ble hand, and are well acquainted with the ministerial routine of the Fouzdary and Collectory duties, including land measurement and settlement business. Candidates are expected to furnish satisfactory testimonials of their past services and good conduct.

A Peishkar, Salary 12 Rs. per month.
A Mohafez, Do. 8 Rs. Do.
A Mohurir, Do. 7 Rs. Do.

L. BARBER, *Deputy Collector with the powers of Deputy Magistrate.*

Zillah Chittagong, Cox's Bazar Subd., the 30th June, 1855.

আবশ্যক।

যে মোকাম কাকস বাজারের ডিপুটী কালেক্টরী ও ডিং মাজিষ্ট্রেটী আফিসের নিম্নোক্ত কার্য্যকারকের পদে যে ব্যক্তি বাঙ্গলা ও উর্দ্দু ও পারিশ্য ভাষায় সুশিক্ষিত বটে ও তাহা পরিষ্কৃত ও সুপাঠ্যাক্ষরে লিখিতে পারে ও ফৌজদারী ও কালেক্টরী সিরিশ্তার কর্ম্মের রীতি ও ভূমিপরিমাপক বিদ্যা ও বন্দোবস্ত কর্ম্ম ভালরূপ জ্ঞাত আছে তাহারদিগকে নিযুক্ত করা যায় অতএব কর্ম্মাকাঙ্ক্ষিগণের উচিত যে স্বস্ব কৃত কর্ম্মের ও সৎস্বভাবের সন্তুষ্টজনক দলীলসহ একাছারীতে উপস্থিত হয় ইতি ১৮৫৫ ইং ৩০ জুন।

১ পেস্কার মাসিক বেতন ... ... ১২৲
১ মহাফেজ ঐ ... ... ৮৲
১ মোহরের ঐ ... ... ৭৲

এল বারবর ডিপুটী কালেক্টর।

এখেয়ারে ডিপুটী মাজিষ্ট্রেটী।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM FREDERICK FERGUSSON, and others, Insolvents.

On Saturday, the 4th day of August, 1855, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 10,792-0-0 in his hands, pay a Dividend at the rate of Co.'s As. Two per cent. (which will amount to the sum of Co.'s Rs. 8,750-0-0,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 21st August, 1855.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন উলিয়ম ফ্রেড্রিক ফরগসন সাহেব ও অন্যেরদের বিষয়ে।

আসৈনি সাহেব ১৮৫৫ সালের আগষ্ট মাসের ৪ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্রে তাঁহার হাতে কোম্পানির যে ১০,৭৯২৲ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৵০ আনার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৮,৭৫০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা। ১৮৫৫ সাল ২১ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

বিনীতিপুরঃসর নিবেদন৲ ইঙ্গরাজী প্রসিদ্ধ পুস্তকহইতে সৎগ্রহপূর্ব্বক গৌড়ীয় সাধু ভাষায় বাষ্পীয় কলের পুরাবৃত্ত ও নির্ম্মাণ প্রকার ইত্যাদি এবং৲ রেলওয়ের আদ্যোপান্ত উপাখ্যান ও তাহা যে২ স্থানের নিকট দিয়া চলিয়াছে সেই২ স্থানের বিবরণ। এবং৲ হাওড়াঅবধি রাণীগঞ্জপর্য্যন্তের মানচিত্র ও হাওড়াপ্রভৃতির ইষ্টেসনের ও রেলওয়ের পুল ও পাঁড়ুয়া ইত্যাদি যে সমস্ত মসজিদ মন্দির অট্টালিকাদি আছে তাহার প্রতিরূপ। হাওড়াঅবধি অপরাপর ইষ্টেসনের দূরাদূরত্ব ও ভাড়া এবং৲ বাষ্পীয় শকটে গমনাগমনের সময় ও ঐ গাড়িতে যে সকল দ্রব্যাদি চলিবেক তাহার প্রকার ও ভাড়ার বিবরণপ্রকাশক বাষ্পীয় কল ও ভারতবর্ষীয় রেলওয়েনামক পুস্তক ন্যূনাধিক ৩০০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে উত্তম কাগজে শ্রীরামপুরের তমোহর যন্ত্রে প্রস্তুত হইয়াছে মহাশয়গণ স্ব২ গুণগ্রামে গ্রন্থকারের উৎসাহবর্দ্ধন ও পরিশ্রম সাফল্যার্থ গ্রাহকশ্রেণীতে স্ব২ নাম লিখিয়া চরিতার্থ করুন ইতি।

পুস্তকের মূল্য স্বাক্ষরকারির প্রতি ১৷৷০ টাকা তদ্ভিন্নের পক্ষে ২৲ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে। গ্রাহক মহাশয়েরা উক্ত যন্ত্রালয়ে পুস্তক প্রাপ্ত হইবেন।

"তমোহর" যন্ত্রাধ্যক্ষের নিবেদন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২৮ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 4, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ৪ সেপ্টেম্বর।

DRAFTS OF ACTS.

A Bill for incorporating the Oriental Gas Company.

[Concluded from page 588.]

[Daily penalty during the continuance of the offence.]

XXXVIII. In addition to the penalty of two thousand Rupees (and whether such penalty shall have been recovered or not), the said Company shall forfeit the sum of two hundred Rupees (to be recovered in like manner) for each day during which such washing or other subatance shall be brought or shall flow as aforesaid, or the act by which such water shall be fouled shall continue after the expiration of twenty-four hours from the time when notice of the offence shall have been served on the said Company, by the person into whose water such washing or other substance shall be brought or shall flow, or whose water shall be fouled thereby, and such penalty shall be paid to such last mentioned person.

[Daily penalty during escape of Gas after notice.]

XXXIX. Whenever any Gas shall escape from any pipe laid down or set up by or belonging to the said Company, they shall, immediately after receiving notice thereof in writing, prevent such Gas from escaping; and in case the said Company shall not, within twenty-four hours next after service of such notice, effectually prevent the Gas from escaping, and wholly remove the cause of complaint, they shall for every such offence forfeit the sum of fifty Rupees for each day during which the Gas shall be suffered to escape, after the expiration of twenty-four hours from the service of such notice.

[Penalty if water contaminated by Gas.]

XL. Whenever any water shall be fouled by

আইনের মুসাবিদা।

ওরিএণ্টল গাস কোম্পানিকে চার্টর দিবার আইনের মুসাবিদা।

[৫৮৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[ঐ অপরাধ যত কাল হয় তত কাল প্রতিদিনের জরীমানা।]

৩৮ ধারা। ঐ দুই হাজার টাকা জরীমানার অতিরিক্ত, আর সেই জরীমানার টাকা পাওয়া গেলে কিনা গেলেও, যে ব্যক্তির জলের মধ্যে ঐ শিটা কি অন্য দ্রব্য চালান যায় কি পড়ে, কিম্বা যে ব্যক্তির জল তাহাতে ময়লা হয়, সেই ব্যক্তি যে সময়ে উক্ত কোম্পানির উপর ঐ অপরাধের এত্তেলা জারী করেন সেই সময়াবধি ২৪ ঘণ্টা অতীত হইলে পর, যত দিন ঐ শিটা কি অন্য বিষয় পূর্ব্বোক্তমতে চালান যাইতে কি পড়িতে থাকে, কিম্বা যে ক্রিয়ার দ্বারা ঐ জল ময়লা হয় তাহা যত দিন হইতে থাকে, তাহার প্রতিদিন ঐ কোম্পানি ২০০৲ টাকা করিয়া জরীমানা দিবেন ও তাহা সেইপ্রকারে আদায় হইবেক। আর যাঁহার জল ময়লা হয় তাঁহাকে ঐ জরীমানার টাকা দেওয়া যাইবেক ইতি।

[সম্বাদ পাইলে পর গাস বহির্গত হইতে থাকিলে তাহার প্রতিদিনের দণ্ড।]

৩৯ ধারা। উক্ত কোম্পানির বসান কি স্থাপিত কিম্বা উক্ত কোম্পানির কোন নলে ছিদ্র হইলে যখন কিছু গাস নির্গত হয় তখন তাঁহারা সে বিষয়ের লিখিত সম্বাদ পাইলে পর অগৌণে ঐ গাসের নির্গমন নিবারণ করিবেন। আর যদি উক্ত কোম্পানি, সেই এত্তেলা জারী হইবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে, ঐ গাসের নির্গমন সফলরূপে নিবারণ না করেন, ও নালিশের হেতু সম্পূর্ণরূপে রহিত না করেন, তবে ঐ এত্তেলা জারী হওনঅবধি চব্বিশ ঘণ্টা অতীত হইলে পর, যত দিন ঐ গাস নির্গত হইতে দেওয়া যায় তত দিনপ্রতি তাঁহারা সেই প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০৲ টাকা করিয়া জরীমানা দিবেন ইতি।

[গাসের দ্বারা জল নষ্ট হইলে তাহার দণ্ড।]

৪০ ধারা। যখন উক্ত কোম্পানির গাসের দ্বারা কিছু

the Gas of the said Company, they shall forfeit to the person whose water shall be so fouled, for every such offence, a sum not exceeding two hundred Rupees, and a further sum, not exceeding one hundred Rupees, for each day during which the offence shall continue, after the expiration of twenty-four hours from the service of notice of such offence.

[Power to examine Gas pipes to ascertain cause of contamination, if notice be given of the same.]

XLI. For the purpose of ascertaining whether such water be fouled by the Gas of the said Company, the person to whom the water supposed to be fouled shall belong may dig up the ground, and examine the pipes, conduits, and works of the said Company; provided that such person, before proceeding so to dig and examine, shall give twenty-four hours' notice in writing to the said Company of the time at which such digging and examination is intended to take place, and shall give the like notice to the persons having the control or management of the road, pavement, or place where such digging is to take place, and they shall be subject to the like obligation of re-instating the said road and pavement, and the same penalties for delay, or any nonfeasance or misfeasance therein, as are hereinbefore provided with respect to roads and pavements broken up by the said Company, for the purpose of laying their pipes.

[Expenses to abide result of examination.]

XLII. If upon any such examination, it appear that such water has been fouled by any Gas belonging to the said Company, the expenses of the digging, examination, and repair of the street or place disturbed in any such examination shall be paid by the said Company; but if upon such examination it appear that the water has not been fouled by the Gas of the said Company, the person causing such examination to be made shall pay all such expenses, and shall also make good to the said Company any injury which may be occasioned to their works by such examination.

[How expenses to be ascertained.]

XLIII. The amount of the expenses of every such examination and repair, and of any injury done to the said Company, shall, in case of any dispute about the same, together with the costs of ascertaining and recovering the same, be ascertained and recovered in the same manner as damages for the ascertaining and recovery whereof no special provision is made, are to be ascertained and recovered.

[No exemption from indictments.]

XLIV. Nothing in this Act contained shall prevent the said Company from being liable to an indictment for nuisance, or to any other legal proceedings to which they may be liable in consequence of making or supplying Gas.

[All penalties and damages not otherwise pro-

জল ময়লা হয়, তখন যাঁহার জল সেইপ্রকারে ময়লা হয় তাঁহাকে উক্ত কোম্পানি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন, আর ঐ অপরাধের এত্তেলা জারী হওনঅবধি চব্বিশ ঘণ্টা অতীত হইলে পর ঐ অপরাধ যত দিন হইয়া থাকে তত দিনপ্রতি তাঁহারা আর এক২ শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন ইতি।

[জল নষ্ট হইবার সম্বাদ দেওয়া গেলে তাহার কারণ নির্ণয় করিবার জন্যে গাস বহিবার নল দেখিবার ক্ষমতা।]

৪১ ধারা। ঐ জল উক্ত কোম্পানির গাসের দ্বারা ময়লা হইতেছে কি না ইহা নিশ্চয় করিবার অভিপ্রায়ে, যে জল ময়লা হইয়াছে বোধ হয় সেই জল যে ব্যক্তির হয় তিনি মাটি খুঁড়িয়া উক্ত কোম্পানির নল ও প্রণালী ও কার্য্য দেখিতে পারিবেন। পরন্তু সেইরূপে খুঁড়িয়া দেখিবার পূর্ব্বে, যে সময়ে তাহা খুঁড়িয়া দেখিবার মনস্থ করেন সেই সময়ের চব্বিশ ঘণ্টা থাকিতে তিনি উক্ত কোম্পানিকে লিখিয়া এত্তেলা দিবেন, আর যে স্থানে খুঁড়িবেন সেই স্থানের রাস্তা কি ইষ্টকাদির মেজিয়া কি স্থানের উপর যে ব্যক্তিরদের তত্ত্ব ও কর্ত্তৃত্ব থাকে তাঁহারদিগকেও সেইরূপ সম্বাদ দিবেন। আর উক্ত কোম্পানি আপনারদের নল বসাইবার জন্যে রাস্তা ও ইষ্টকাদি ভাঙ্গিলে তাঁহারদের বিষয়ে যেরূপে পূর্ব্বে আজ্ঞা হইয়াছে, সেইরূপে ঐ ব্যক্তিরাও সেই রাস্তা ও ইষ্টকাদি পুনরায় করিয়া দিতে বদ্ধ আছেন এবং সেই কর্ম্মের কিছু বিলম্বের কি ত্রুটির কি ক্ষতির জন্যে তাঁহারদের সেই দণ্ড হইবেক ইতি।

[তদারক করিবার ফলানুসারে খরচ দেওয়া যাইবেক।]

৪২ ধারা। যদি সেইপ্রকার কোন তদারক হইলে এইরূপ দুষ্ট হয় যে, সেই জল উক্ত কোম্পানির কোন গাসেতে ময়লা হইয়াছে, তবে উক্ত প্রকার তদারক করিবার নিমিত্তে যে২ রাস্তা কি স্থান ভাঙ্গা গিয়াছে, তাহা খুঁড়িবার ও তদারক করিবার ও মেরামৎ করিবার খরচ উক্ত কোম্পানির দিতে হইবেক। কিন্তু যদি সেইরূপ তদারক হইলে পর এমত দুষ্ট হয় যে, ঐ জল উক্ত কোম্পানির গাসেতে ময়লা হয় নাই, তবে যে ব্যক্তি ঐ তদারক করান তিনি সকল খরচ দিবেন, আর সেই তদারক করিবার দ্বারা কোম্পানির সরঞ্জামের যে কিছু ক্ষতি হয় তাহাও পূরণ করিয়া কোম্পানিকে দিবেন ইতি।

[খরচ যেপ্রকারে নির্ণয় হইবেক।]

৪৩ ধারা। যে ক্ষতির টাকা নিশ্চয় করিবার ও পাইবার কোন বিশেষ বিধান করা যায় নাই তাহা যেপ্রকারে নির্ণয় করিয়া আদায় করা যাইতে পারে, সেইপ্রকারে পূর্ব্বোক্তমতের তদারক ও মেরামৎ করিবার খরচের, এবং উক্ত কোম্পানির প্রতি করা কোন ক্ষতির বিষয়ে, যদি বিবাদ হয় তবে তাহা, এবং তাহা নিশ্চয় করিবার ও পাইবার খরচ, নির্ণয় করিয়া আদায় করা যাইবেক ইতি।

[নালিশহইতে মুক্ত নহেন।]

৪৪ ধারা। এই আইনের কোন কথাতে উক্ত কোম্পানির গাস প্রস্তুত করণ কি যোগাওন প্রযুক্ত তাঁহারদের নামে অনিষ্টের বাবৎ কোন নালিশ কিম্বা আইনমতের যে কোন কার্য্য হইতে পারে, তাহা হইবার বাধা হইবেক না ইতি।

[যে সকল জরীমানার ও ক্ষতিপূরণের অন্য বিধান

vided for may be recovered before Magistrate or Justice of the Peace. Form of procedure.]

XLV. All penalties imposed by this Act, and all damages the recovery of which is not specially provided for, may be recovered by summary proceeding before any Justice of the Peace or Magistrate having jurisdiction, and on complaint being made to any such Justice or Magistrate, he shall issue his summons, requiring the party complained against to appear before him, at a time and place to be named in such summons; and every such summons shall be served on the party offending, either in person or by leaving the same at his usual or last known place of abode; and upon the appearance of the party complained against, or, in his absence, after proof of the due service of such summons, it shall be lawful for such Justice to proceed to the hearing of the complaint, which complaint shall be reduced to writing, and upon proof of the offence, or of the damage or expense having been incurred, either by the confession of the party complained against, or upon the oath of one credible witness or more, it shall be lawful for such Justice or Magistrate to convict the offender or party summoned as aforesaid, and upon such conviction to adjudge the offender to pay the penalty or damage incurred under the provisions of this Act, as well as such costs attending the conviction as such Justice or Magistrate shall think fit, which penalty or damage and costs so adjudged may be levied by distress.

[Manner of executing distress.]

XLVI. Where in this Act any sum of money, whether in the nature of penalty or otherwise, is directed to be levied by distress, such sum of money shall be levied by distress and sale of the goods and chattels of the party liable to pay the same, and the overplus arising from such goods and chattels, after satisfying such sum of money and the expenses of the distress and sale, shall be returned on demand to the party whose goods shall have been distrained; or instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or any part of any penalties, damages, or expenses imposed or incurred under the provisions of this Act, the person claiming such penalty or damage may sue the person liable to pay such penalty, damage, or expenses, or any part thereof, in the Calcutta Court of Small Causes, or other Court of competent jurisdiction.

[No distress unlawful for want of form, &c.]

XLVII. No distress levied by virtue of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the summons, conviction, warrant of distress, or other proceeding relating thereto, nor shall any such party be deemed a trespasser *ab initio* on account

করা যায় নাই তাহা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের সম্মুখে পাওয়া যাইতে পারে। কার্য্য করিবার ধারা।]

৪৫ ধারা। এই আইনানুসারে যে সকল জরীমানা করা যায় তাহা, এবং যে সকল ক্ষতিপূরণের টাকা পাইবার নিমিত্তে বিশেষমতে বিধান হয় নাই তাহা, এলাকাপ্রাপ্ত কোন জুষ্টিস অফ দি পীস কিম্বা মাজিষ্ট্রেটের সম্মুখে সরাসরী মোকদ্দমা করিয়া পাওয়া যাইতে পারে। আর সেইরূপ কোন জুষ্টিস কি মাজিষ্ট্রেটের নিকটে নালিশ হইলে, তিনি আপনার সমন জারী করিবেন। তাহাতে যে পক্ষের নামে নালিশ হয় তাঁহাকে ঐ সমনে যে সময় ও স্থান নিরূপণ হইয়াছে সেই সময়ে ও স্থানে তাঁহার সম্মুখে হাজির হইবার হুকুম হইবেক। আর এইমত প্রত্যেক সমন ঐ অপরাধি ব্যক্তিকে দিয়া কিম্বা তাঁহার নিয়ত কি শেষ জানা বাসস্থানে রাখিয়া তাঁহার উপর জারী হইবেক। আর যে পক্ষের নামে নালিশ হয় তিনি উপস্থিত হইলে, কিম্বা না হইলেও, ঐ সমন উপযুক্তমতে জারী হইয়াছে এমত প্রমাণ হইলে, উক্ত জুষ্টিস ঐ নালিশ শুনিতে প্রবর্ত্ত হইতে পারিবেন। ঐ নালিশের কথা লিখিয়া লওয়া যাইবেক, আর যে পক্ষের নামে নালিশ হয় তাঁহার স্বীকার করণমতে, কিম্বা বিশ্বাসযোগ্য এক কি ততোধিক সাক্ষির শপথক্রমে, যদি ঐ অপরাধের প্রমাণ হয়, কিম্বা ঐ ক্ষতি কি খরচ দেনা হইয়াছে প্রমাণ হয়, তবে উক্ত জুষ্টিস কি মাজিষ্ট্রেটের এই ক্ষমতা থাকিবেক যে, ঐ অপরাধির কিম্বা পূর্ব্বোক্তমতে সমনকরা পক্ষের দোষ সাব্যস্ত করেন, এবং সেইরূপ দোষ সাব্যস্ত হইলে ঐ অপরাধিকে এই আইনের বিধানমতে যে জরীমানা কি ক্ষতিপূরণ হইতে পারে তাহা, এবং ঐ দোষ সাব্যস্ত করণ সম্পর্কে যত খরচ, ঐ জুষ্টিস কি মাজিষ্ট্রেট উপযুক্ত বোধ করেন তাহা, ঐ অপরাধির দিতে হুকুম করেন। সেই প্রকারে হুকুমকরা ঐ জরীমানা কি ক্ষতিপূরণ ও খরচ ক্রোক করণের দ্বারা আদায় হইতে পারিবেক ইতি।

[ক্রোক করিবার নিয়ম।]

৪৬ ধারা। যখন এই আইনানুসারে জরীমানার কি প্রকারান্তরের কোন টাকা ক্রোক করণের দ্বারা আদায় করিবার হুকুম হয়, তখন যে ব্যক্তি ঐ টাকা দিবার যোগ্য হন তাঁহার মাল ও সামগ্রী ক্রোক ও নীলাম করণের দ্বারা ঐ টাকা আদায় হইবেক, এবং ঐ জরীমানার টাকা ও ক্রোক ও নীলামের খরচ আদায় হইলে পর, ঐ মালের ও সামগ্রীর যত অবশিষ্ট থাকে তাহা, যে ব্যক্তির মাল ক্রোক করা গিয়াছে তিনি দাওয়া করিলে তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবেক। অথবা ক্রোক ও নীলাম করণের পরিবর্ত্তে, কিম্বা ক্রোক করিয়াও এই আইনের বিধানানুসারে যে সকল জরীমানার কি ক্ষতিপূরণের হুকুম হয় কি খরচ দেনা হয় তাহা সমুদয় কি তাহার কোন অংশ আদায় হইতে না পারিলে, যে ব্যক্তি ঐ জরীমানার কি ক্ষতিপূরণের টাকার দাওয়া করেন, তিনি ঐ জরীমানার কি ক্ষতিপূরণের টাকা কি খরচ কিম্বা তাহার কোন অংশ দিবার যোগ্য ব্যক্তির নামে, কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতে, কিম্বা উপযুক্ত ক্ষমতার অন্য আদালতে, নালিশ করিতে পারিবেন ইতি।

[নিয়মপ্রভৃতির ব্যতিক্রম হইলেও কোন ক্রোক বেআইনী হইবেক না।]

৪৭ ধারা। সমনের কিম্বা দোষ সাব্যস্ত করণপত্রের কি ক্রোকী পরওয়ানার কিম্বা তৎসম্পর্কীয় অন্য কার্য্যের কোন ত্রুটি কি নিয়মের ব্যতিক্রম হওয়াপ্রযুক্ত, এই আইনের বিধানমতে যে ক্রোক করা যায় তাহা বেআইনী জ্ঞান হইবেক না। আর যে কোন পক্ষ তাহা করেন তিনি দোষী জ্ঞান হইবেন না, আর সেইরূপ কোন পক্ষ পরে কোন অনিয়মিত কার্য্য করাপ্রযুক্ত প্রথমঅবধি দোষী

of any irregularity afterwards committed by him; but all persons aggrieved by such defect or irregularity may recover full satisfaction for the special damage in an action on the case in Her Majesty's said Supreme Court, or in the Calcutta Court of Small Causes, or other Court of competent jurisdiction.

[Power to Justice to summon witnesses. Penalty for not appearing.]

XLVIII. It shall be lawful for any Justice of the Peace or Magistrate to summon any person to appear before him as a witness, in any matter in which such Justice or Magistrate shall have jurisdiction under the provisions of this Act, at a time and place to be mentioned in such summons, and require from him, on oath or solemn affirmation, that he will testify the truth in such matter; and if any person so summoned shall, without reasonable cause, refuse or neglect to appear at the time and place appointed for that purpose, having been paid or tendered a reasonable sum for his expenses, if, from distance or any other cause, he shall be lawfully entitled to claim such expenses, or if any person appearing shall refuse to be examined on his oath or solemn affirmation according to Law, or to give evidence before such Justice or Magistrate, every such person shall, for every such offence, forfeit and pay a sum not exceeding two hundred Rupees, or, at the discretion of such Justice, shall be imprisoned for any term not exceeding one month.

[Duration of Act.]

XLIX. This Act shall continue and be in force until the day of 18 .

[Interpretation.]

L. The following words and expressions used in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

Words importing the singular number only shall include the plural number, and words importing the plural number only shall include also the singular number.

Words importing the masculine gender shall include females.

The word "persons" shall include corporation, whether aggregate or sole.

The word "lands" shall include messuages, lands, tenements, and hereditaments or tenures of any description which, by law and usage of the country, are transferable.

The word "street" shall include any square, court, or alley, highway, lane, road, thoroughfare, or public passage or place.

The expression "the Gas-works," shall mean the Gas-works and the works connected therewith by this Act authorized to be constructed.

জ্ঞান হইবেন না। কিন্তু যে সকল ব্যক্তি ঐ ত্রুটি কি অনিয়মিত কার্য্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হন, তাঁহারা শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত সুপ্রিম কোর্টে, কিম্বা কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতে, কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন আদালতে, নালিশের তাবৎ হেতু আরজীতে লিখিয়া নালিশ করিয়া ঐ বিশেষ ক্ষতিপূরণ সম্পূর্ণরূপে পাইতে পারিবেন ইতি।

[সাক্ষিদিগকে জুষ্টিসের তলব করিবার ক্ষমতা। উপস্থিত না হইবার দণ্ড।]

৪৮ ধারা। এই আইনের বিধানানুসারে যে বিষয়ে কোন জুষ্টি অফ দি পীস কি মাজিষ্ট্রেটের এলাকা থাকে, এমত কোন বিষয়ে সেই জুষ্টিস কি মাজিষ্ট্রেট কোন ব্যক্তির নামে সমন দিয়া, তাঁহাকে ঐ সমনে যে সময় ও স্থান নিরূপণ থাকে, সেই সময়ে ও স্থানে তাঁহার সম্মুখে সাক্ষিস্বরূপ উপস্থিত হইতে তলব করিতে পারিবেন, এবং তাঁহাকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে সেই বিষয়ে সত্য সাক্ষ্য দিবার হুকুম করিতে পারিবেন, আর সেই প্রকারে যে কোন ব্যক্তির নামে সমন হয়, তিনি যদি দূরত্বপ্রযুক্ত, কিম্বা অন্য কোন কারণে, আইনমতে আপনার খরচের দাওয়া করিতে পারেন, তবে তাঁহার খরচের নিমিত্তে উপযুক্ত টাকা দেওয়া গেলে কি দিবার প্রস্তাব হইলে পর, যদি সেই ব্যক্তি উপযুক্ত কারণ না থাকিলেও উপস্থিত হইবার নিরূপিত সময় ও স্থানে সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত না হন, কিম্বা যদি কোন ব্যক্তি উপস্থিত হইয়া আইনানুসারে আপন শপথ কি ধর্ম্মতঃপ্রতিজ্ঞাক্রমে জোবানবন্দী দিতে কিম্বা সেই জুষ্টিস কি মাজিষ্ট্রেটের সম্মুখে সাক্ষ্য দিতে অস্বীকার করেন, তবে এমত প্রত্যেক ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকার অধিক না হয় জরীমানা দিবেন ও দাখিল করিবেন, কিম্বা ঐ জুষ্টিসের বিবেচনামতে এক মাসের অধিক না হয় এমত কোন মিয়াদে কয়েদ থাকিবেন ইতি।

[আইন যত কাল চলন থাকিবেক।]

৪৯ ধারা। এই আইন অমুক সালের অমুক মাসের অমুক তারিখপর্য্যন্ত চলন হইবেক ও প্রবল থাকিবেক ইতি।

[অর্থ করণ।]

৫০ ধারা। এই আইনেতে নীচের লিখিত যে কথার ও শব্দের ব্যবহার হইয়াছে তাহার এই ধারাতে যেং অর্থ করা যায় সেইং অর্থ হইবেক, কিন্তু যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার বিবেচনায় ঐং অর্থ অসঙ্গত হয় তবে তাহার ঐ অর্থ হইবেক না। বিশেষতঃ

এক বচনের শব্দেতে বহু বচনের শব্দও বুঝাইবেক ও বহুবচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবেক।

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীরাও গণ্য হইবেক।

"ব্যক্তিরা" এই শব্দের মধ্যে সংগৃহীত কি পৃথকং সামাজিক ব্যক্তিকেও বুঝাইবেক।

"ভূমি" এই শব্দেতে বসতবাটী ও ভূমি ও রাইয়তী জমী ও উত্তরাধিকারির ভোগ্য জমী কিম্বা অন্য যেপ্রকার জমী আইনক্রমে ও দেশের ব্যবহারমতে হস্তান্তর করা যাইতে পারে তাহাও বুঝাইবেক।

"রাস্তা" এই শব্দের মধ্যে কোন চক কি প্রাঙ্গণ কি শুঁড়িপথ কি রাজপথ কি গলী কি পথ কি দুই রাস্তার মধ্যপথ কি সর্ব্বসাধারণের গমনাগমনের পথ কি স্থান বুঝাইবেক।

"গাসের কারখানা" এই শব্দেতে গাসের কারখানা ও ঐ কারখানার সম্পর্কে অন্য যে সকল বিষয় প্রস্তুত করিতে এই আইনানুসারে আজ্ঞা হয় তাহাও বুঝাইবেক।

The expression "Gas-rate," shall include any rent, reward, or payment to be made to the said Oriental Gas Company for a supply of Gas.

The word "month" shall mean Calendar month.

The word "oath" shall include solemn affirmation, or any declaration lawfully substituted for an oath.

The words "Justice" and "Magistrate" shall mean any Justice of the Peace or Magistrate, or person lawfully exercising the powers of Magistrate, acting at or for the place or district where the matter requiring the cognizance of any such Justice or Magistrate arises.

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

THE 4TH AUGUST, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 4th August, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 8th of October next :—

A Bill to provide for the better lighting of the Town of Calcutta.

[Preamble.]

WHEREAS a Company has been established for the purpose of supplying Gas to the Town of Calcutta, and it is expedient that the public streets should be lighted with Gas wherever pipes may be laid down for that purpose at the desire or with the concurrence of the Municipal Commissioners and the Lieutenant-Governor of Bengal, also that the parts of the Town in which Gas pipes are not laid down should be better lighted with oil lamps than they are at present; and whereas it is expedient that, to provide means for these purposes, a lighting rate should be assessed on the occupiers of houses and buildings within the said Town, and that occupiers of houses paying more than a certain sum in monthly rent should no longer be compelled to keep up a lighted lamp at their own doors: It is enacted as follows:—

[Portions of Acts repealed.]

I. Section L. of Act No. XII. of 1852, and so much of Section LXV. of Act No. X. of 1852, as requires, or may be understood to require, that any portion of the proceeds of the assessment imposed by the last mentioned Act on the owners of houses, buildings, and grounds in the said Town shall be applied to lighting the streets, are repealed.

[Commissioners to determine what streets shall be lighted with Gas.]

II. The Commissioners for the improvement of the Town of Calcutta, with the sanction of the Lieutenant-Governor of Bengal, shall determine in what roads, streets, lanes, and thoroughfares Gas lights are required, and upon main-pipes being laid

"গাসের মুল্য" এই শব্দেতে গাস যোগাইবার নিমিত্তে উক্ত ওরিএণ্টল গাস কোম্পানিকে যে কিছু খাজানা কি পুরস্কার কি টাকা দিতে হয় তাহাও বুঝাইবেক।

"মাস" এই শব্দে ইঙ্গরেজী ব্যবহারমতের মাস বুঝাইবেক।

"শপথ" এই শব্দের মধ্যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা, কিম্বা শপথের পরিবর্ত্তে আইনমতে যে কোন প্রতিজ্ঞা হয় তাহাও বুঝাইবেক।

"জুষ্টিস" ও "মাজিষ্ট্রেট" এই২ শব্দেতে সেই প্রকার কোন জুষ্টিস কি মাজিষ্ট্রেটের বিচার্য্য কোন ব্যাপার যে স্থানে উদয় হয় সেই স্থানে কি জিলাতে কিম্বা সেই স্থানের কি জিলার নিমিত্তে কোন জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেটকে কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্যকারক কোন ব্যক্তিকে বুঝাইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ৪ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ৪ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছিল। তাঁহারদের আগামি অক্টোবর মাসের ৮ তারিখের পরে তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

কলিকাতা নগরে আরো ভালরূপে আলো করিবার বিধান করণের আইন।

[হেতুবাদ।]

যেহেতুক কলিকাতা নগরে গাস যোগাইবার এক কোম্পানি স্থাপিত হইয়াছে, এবং কলিকাতা নগরের কমিস্যনরেরদের ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশমতে কি সম্মতিক্রমে যে২ স্থানে গাস যোগাইবার নল বসান যায় সেই২ স্থানে সরকারী রাস্তায় গাসের আলো করা, আর নগরের যে২ পল্লীতে গাসের নল বসান না যায় সেই২ পল্লীতে তৈলের বাতিতে এইক্ষণকারঅপেক্ষা উত্তমরূপে আলো করা বিহিত, আর যেহেতুক ঐ২ কার্য্যের নিমিত্তে সঙ্গতি করিবার জন্যে উক্ত নগরের ঘর ও ইমারৎবাসিরদের উপরে আলো দেওনের টাক্স বসান বিহিত, ও যে২ ঘরের মাসে২ বিশেষ টাকার অধিক ভাড়া হয় সেই২ ঘর নিবাসিদিগকে আপন২ দরজায় প্রদীপ জ্বালাইয়া রাখিবার আজ্ঞা আর প্রবল না করা বিহিত, অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[আইনের যে২ অংশ রদ হয়।]

১ ধারা। ১৮৫২ সালের ১২ আইনের ৫০ ধারা, এবং ১৮৫২ সালের ১০ আইনক্রমে উক্ত নগরের ঘর ও ইমারতের ও ভূমির স্বামিরদের উপরে যে টাক্স বসান যায় তাহার উৎপন্ন টাকার কোন অংশ রাস্তায় আলো করণে খরচ হইবেক, ঐ আইনের ৬৫ ধারার যে অংশেতে এমত হুকুম হয়, কিম্বা হইয়াছে এমত জ্ঞান হইতে পারে, সেই অংশ রদ হইল ইতি।

[যে২ রাস্তায় গাসের আলো দিতে হইবেক তাহা কমিস্যনরেরা স্থির করিবেন।]

২ ধারা। কলিকাতা নগর আরো উত্তম করিবার কমিস্যনরেরা, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া, যে২ রাস্তায় ও পথে ও গলিতে ও দুই রাস্তার মধ্য পথে গাসের আলো দেওয়া আবশ্যক তাহা স্থির করিবেন, এবং সেই রাস্তাপ্রভৃতিতে গাস

down therein by the Gas Company, the public lamps shall be lighted with Gas; and it shall be the duty of the Commissioners to take care that the Gas lights are in such number and so disposed, as to ensure the efficient lighting of the said roads, streets, lanes, and thoroughfares at the smallest possible expense.

[And to provide sufficient oil lamps in other streets.]

III. In those roads, streets, lanes, and parts of the Town in which Gas pipes may not be at first laid down, the Commissioners shall provide and maintain such a number of oil lamps as may be sufficient for the due lighting thereof. The number of those lamps shall not be less than the aggregate number of public lamps and gate-lamps of the kind prescribed by Section IV. Act No. XII. of 1852 hitherto existing in such roads, streets, lanes, and parts of the Town. Provided always that the Commissioners shall distribute the total number of lamps in such places and in such manner as they shall think best suited for the proper lighting of the whole.

[Lighting rate to be assessed on occupiers.]

IV. An assessment, to be called a lighting rate, shall be made, except as hereinafter otherwise provided, on the occupiers of all houses, buildings, and grounds in the said town, the gross monthly rental whereof shall exceed the sum of five Rupees. The assessment shall be at such rates as shall be sufficient to pay all the expenses of lighting the public roads, streets, and lanes of the said Town with Gas and with oil, and no more, and shall not exceed four per centum on the gross monthly rental in roads, streets, and lanes lighted with Gas, and two per centum on the gross monthly rental in roads, streets, and lanes lighted with oil.

[Rates of assessment how fixed.]

V. The rates of assessment shall be fixed from time to time by the Lieutenant-Governor of Bengal on the report of the Commissioners for the improvement of the said Town. Provided always that the rate for roads, streets, and lanes, which at the time of this Act first coming into force, or at any future period, may be lighted with Gas, shall be double the rate for roads, streets, and lanes lighted with oil.

[Assessment by whom made.]

VI. The rates fixed by the Lieutenant Governor of Bengal, as provided in the last preceding Section, shall be assessed on the rate-payers by the Justices of the Peace in and for the said Town of Calcutta; and all houses, buildings, and grounds liable to the rates shall be included in the assessment, whether they be occupied or unoccupied at the time when the assessment is made.

[Assessment how to be made when occupier is owner.]

VII. When the occupier of any house, building, or grounds is also the owner, the assessment shall be made on the gross monthly rental at which

কোম্পানি বড়২ চুঙ্গী বসাইলে, সরকারী দীপ গাসেতে জ্বালান যাইবেক এবং যাহাতে সাধ্যমতে অল্প খরচে ঐ সকল রাস্তা ও পথ ও গলি ও দুই রাস্তার মধ্য পথে সফলরূপে আলো হয় এমত উপযুক্ত সংখ্যার গাসের আলো উপযুক্ত স্থানে২ দেওয়া যায়. এই বিষয়ে ঐ কমিস্যনরেরদের মনোযোগকরা কর্ত্তব্য হইবেক ইতি।

[অন্যান্য রাস্তায় প্রচুরমতে তৈলের বাতি দিবেন।]

৩ ধারা। নগরের যে২ পথে ও রাস্তায় ও গলিতে ও পল্লীতে প্রথমে গাসের নল বসান না যায়, সেই২ রাস্তাপ্রভৃতিতে উপযুক্ত আলো হইবার জন্যে যত তৈলের বাতি প্রচুর হয় তত বাতি কমিস্যনরেরা দিয়া রাখিবেন সেই বাতির সংখ্যা, ১৮৫২ সালের ১২ আইনের ৪ ধারার নির্দ্দিষ্ট সেই প্রকারের যত সরকারী বাতি ও দরজার বাতি এইক্ষণপর্য্যন্ত নগরের ঐ২ রাস্তায় ও পথে ও গলিতে ও পল্লীতে আছে তাহার মোট সংখ্যার কম হইবেক না পরন্তু কমিস্যনরেরা ঐ তাবৎ রাস্তাপ্রভৃতিতে উপযুক্ত আলো করিবার জন্যে যে২ স্থানে ও যে২ প্রকারে অতিউপযুক্ত বোধ করেন সেই২ স্থানে ও সেই২ প্রকারে ঐ সকল বাতি বিলি করিয়া রাখিবেন ইতি।

[দখীলকারেরদের স্থানে আলো করিবার টাক্স আদায় হইবেক।]

৪ ধারা। উক্ত নগরে যে সকল ঘর কি ইমারৎ কি ভূমির মাসিক ভাড়া মোটে ৫৲ টাকার অধিক হয় তাহার দখীলকারেরদের উপর, নীচের লিখিত বর্জ্জিত কথা ব্যতিরেকে, টাক্স বসান যাইবেক। সেই টাক্স আলো করিবার টাক্স নামে খ্যাত হইবেক। উক্ত নগরের সরকারী পথ ও রাস্তা ও গলিতে, গাস ও তৈলেতে আলো করিবার সকল খরচ যাহাতে পোষায় এমত হারানুসারে ঐ টাক্স হইবেক, তাহার অধিক হইবেক না। আর যে রাস্তায় ও পথে ও গলিতে গাসের আলো দেওয়া যাইবেক সেই রাস্তাপ্রভৃতিতে সেই টাক্স মাসিক মোট ভাড়ার উপর শতকরা ৪৲ টাকার অধিক হইবেক না, ও যে রাস্তা ও পথ ও গলিতে তৈলের আলো দেওয়া যাইবেক সেই রাস্তাপ্রভৃতিতে মাসিক মোট ভাড়ার উপর শতকরা ২৲ টাকার অধিক হইবেক না ইতি।

[টাক্সের হার যেরূপে নিরূপিত হইবেক।]

৫ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরূনর সাহেব উক্ত নগর আরো উত্তম করিবার কমিস্যনরেরদের রিপোর্ট পাইয়া সময়ে২ টাক্সের হার নিরূপণ করিবেন। পরন্তু এই আইন প্রথম জারী হওনের সময়ে কি তৎপরের কোন সময়ে, যে রাস্তায় ও পথে ও গলিতে গাসের আলো দেওয়া যায় সেই রাস্তাপ্রভৃতিতে টাক্সের যে হার হয়, তাহা তৈলের আলো দেওয়া রাস্তা ও পথ ও গলির টাক্সের দ্বিগুণ সর্ব্বদাই হইবেক ইতি।

[যাঁহারা টাক্স আদায় করিবেন।]

৬ ধারা। উক্ত ৫ ধারানুসারে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরূনর সাহেব টাক্সের যে হার নিরূপণ করেন তাহা, উক্ত কলিকাতা নগরে ও সেই নগরের নিমিত্তে জুষ্টিস অফ দি পীসেরা টাক্সদায়িরদের উপর বসাইবেন, ও যত ঘর ও ইমারৎ ও ভূমি টাক্স দিবার যোগ্য হয় তাহাতে ঐ টাক্স বসাইবার কালে দখীলকার থাকুন বা না থাকুন, তাহা ঐ টাক্সের ফর্দ্দের মধ্যে গণ্য হইবেক ইতি।

[স্বামী যখন দখীলকার হন তখন টাক্স যেরূপে ধার্য্য হইবেক।]

৭ ধারা। যখন কোন ঘর কি ইমারৎ কি ভূমির দখীলকার ঐ ঘরপ্রভৃতির স্বামীও হন, তখন উক্ত জুষ্টিসেরদের বিবেচনায় তাহার যত টাকা উপযুক্তমতে

the same, in the estimation of the said Justices, might reasonably be expected to let.

[In what cases assessment to be made on owner.]

VIII. If the gross monthly rent of any house, building, or grounds be less than ten Rupees, or if any house or building be let by the owner in floors or apartments, or to tenants holding from week to week, or from month to month, the assessment shall be made upon the owner instead of the occupier or occupiers thereof.

[Occupiers to pay rates only for the time of their occupation.]

IX. Occupiers shall be liable to payment of rates only for the time of their occupation, and no rate shall be charged on any person on account of unoccupied houses or buildings for the time during which they may remain unoccupied.

[Assessments when to be made. Proviso for revision.]

X. The first assessment under this Act shall be made immediately upon the Act coming into force, or as soon after as may be practicable, and shall have effect from the date of the Act coming into force to the close of the current quarter of the official year. In like manner an assessment shall be made at the commencement of the next and every succeeding quarter, and shall be in force during that quarter. Provided that the assessment may be revised at any time within the quarter with respect to any particular holding, on sufficient cause shown to the satisfaction of the Justices, or with respect to any change of rate which may be prescribed either for the whole Town, or any part thereof, under the provisions of Section V. of this Act.

[Application to this Act of certain Sections of Act No. X. of 1852. Proviso for monthly collection. For issue of process to occupiers. And for distraint of all goods and chattels found on the premises.]

XI. Sections XXXIX. to LIV., both inclusive, and Sections LVI. to LXIV., both inclusive, of Act No. X. of 1852, respecting the making of assessments, the collection of rates and taxes, the penalty for resistance to the Commissioners, and the liability of the Commissioners for acts performed by them, shall be applicable to the assessments to be made, the rates to be collected, and the acts to be performed by the Commissioners under this Act. Provided however that the rates assessed under this Act on the monthly rental of houses, buildings, and grounds, shall be due and payable from and after the end of each month, and may be collected by the Commissioners monthly or quarterly at their discretion. Provided also that the provisions of Sections LI. and LIV., respecting the issue of process to owners and the distraint of their goods and chattels, shall be applicable also to process issued to occupiers and distraint of their goods and chattels, on account of any sum due from them as arrears of assessment made under

ভাড়া হইতে পারে, সেই মাসিক মোট ভাড়া ধরিয়া টাক্স ধার্য্য হইবেক ইতি।

[যে২ গতিকে স্বামির উপর টাক্স বসান যাইবেক।]

৮ ধারা। যদি কোন ঘর কি ইমারৎ কি ভূমির মাসিক ভাড়া মোটে দশ টাকার কম হয়, কিম্বা যদি কোন ঘর কি ইমারতের স্বামী ঐ ঘরপ্রভৃতির এক২ তালা কি কুঠরী ভাড়া দেন, কিম্বা সপ্তাহে২ কি মাসে২ ভাড়াটিয়ারদিগকে ভাড়া দিয়া থাকেন, তবে ঐ ঘরাদির দখীলকার কি দখীলকারেরদের উপর টাক্স বসান না গিয়া স্বামিরদের উপর টাক্স বসান যাইবেক ইতি।

[দখীলকারেরা যত কাল দখল করেন কেবল তত কালের টাক্স তাঁহারদের দিতে হইবেক।]

৯ ধারা। দখীলকারেরা যত কাল দখল করেন কেবল তত কাল টাক্স দিবার যোগ্য হইবেন, আর কোন ঘর কি ইমারৎ যত কাল খালি থাকে তত কাল ঐ ঘরের টাক্স কোন ব্যক্তির স্থানে আদায় হইবেক না ইতি।

[যে সময়ে টাক্স ধার্য্য হইবেক। সংশোধন করিবার বিধি।]

১০ ধারা। এই আইন জারী হইবামাত্র কিম্বা তাহার পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র এই আইনানুসারে প্রথমে টাক্স ধার্য্য হইবেক, আর এই আইন জারী হইবার তারিখঅবধি সরকারী বৎসরের যে তিন মাসের মধ্যে তাহা প্রবল হইতে লাগে তাহার শেষপর্য্যন্ত ঐ হার চলিবেক। সেইরূপে তৎপরের তিন মাস ও তাহার পর তিন২ মাসের আরম্ভে টাক্সের ফর্দ্দ করা যাইবেক ও সেই২ তিন মাসপর্য্যন্ত প্রবল থাকিবেক। পরন্তু জুষ্টিসেরদের জ্ঞানোধমতে প্রচুর কারণ দর্শান গেলে, কোন বিশেষ জমীর সম্পর্কে, কিম্বা এই আইনের ৫ ধারানুসারে সম্পূর্ণ নগরের কিম্বা নগরের কোন পল্লীর টাক্সের যে হার নির্দ্দিষ্ট হয় তাহার পরিবর্ত্তনসম্পর্কে, ঐ টাক্সের ফর্দ্দ চলিত তিন মাসের মধ্যে কোন সময়ে সংশোধন হইতে পারে ইতি।

[১৮৫২ সালের ১০ আইনের কএক ধারা এই আইনের প্রতি খাটে। মাসে২ টাক্স আদায় করিবার ও দখীলকারেরদের উপর পরওয়ানা জারী করিবার ও বাড়ির মধ্যে যত মাল ও সামগ্রী পাওয়া যায় তাহা ক্রোক করিবার বিধি।]

১১ ধারা। টাক্সের ফর্দ্দ করিবার, ও টাক্স ও কর আদায় করিবার বিষয়ে, ও কমিস্যনরেরদের প্রতিবন্ধকতা করণের দণ্ডের, ও কমিস্যনরেরা যে২ কর্ম্ম করেন তদ্বিষয়ে তাঁহারদের দায়সম্পর্কীয় ১৮৫২ সালের ১০ আইনের ৩৯ ধারাঅবধি ৫৪ ধারাপর্য্যন্ত ঐ দুই ধারা লইয়া সকল ধারা ও ৫৬ ধারাঅবধি ৬৪ ধারাপর্য্যন্ত ঐ দুই ধারা লইয়া সমস্ত ধারা, এই আইনমতে টাক্সের যে ফর্দ্দ করা যাইবেক ও যে২ টাক্স আদায় করিতে হইবেক ও কমিস্যনরেরা যে২ কর্ম্ম করিবেন তাহার প্রতি খাটিবেক। পরন্তু এই আইনানুসারে ঘর ও ইমারৎ ও ভূমির মাসিক ভাড়ানুসারে যে টাক্স ধার্য্য হয় তাহা প্রতিমাসের শেষঅবধি ও তাহার পরে দেনা ও পাওনা হইবেক, ও কমিস্যনরেরা আপনারদের বিবেচনামতে মাসে২ কি তিন২ মাসঅন্তরে তাহা আদায় করিতে পারিবেন। আরো জানা কর্ত্তব্য যে স্বামিরদের উপর পরওয়ানা জারী করণ ও তাঁহারদের মাল ও সামগ্রী ক্রোক করণবিষয়ি ৫১ ও ৫৪ ধারার বিধান, এই আইনানুসারে টাক্সের বাকী বলিয়া স্বামিরদের স্থানে পাওনা কোন টাকার বাবৎ তাঁহারদের নামে যে পরওয়ানা জারী হয় তাহার বিষয়ে ও তাঁহারদের মাল ও সামগ্রী ক্রোক করণের বিষয়ে খাটিবেক। আরো জানা কর্ত্তব্য যে এই আইনানুসারে যে

this Act. Provided further that all goods and chattels which shall be found upon any premises rated under this Act, shall be liable to be distrained for any arrears of rates assessed in respect thereof, and if the arrear, or any portion thereof, be due from any person other than the owner of the said goods and chattels, such owner may recover any sum paid by or levied from him, on account of the arrear due from such other person, by suit against that person in the Calcutta Court of Small Causes, as for money paid in his behalf.

[Act when to come in force.]

XII. This Act shall commence and have effect from and after a date to be fixed by the Lieutenant-Governor of Bengal, when the arrangements for lighting a portion of the said Town with Gas shall have been completed; and notice of such date, and of the rates to be assessed under Section V., shall be published in the *Calcutta Gazette* at least one month previously.

W. Morgan,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

The 18th August, 1855.

The following Bill was read a second time in the Legislative Council on the 18th August, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 22nd of November next :—

A Bill to enable Magistrates to take cognizance of certain offences without requiring a written complaint.

[Preamble.]

Whereas it is expedient to enable Magistrates to take cognizance of all bailable offences which affect the public health, safety, convenience, morals, decency, and good order, without requiring a complaint in writing or the attendance of a complainant, It is enacted as follows :—

[Laws repealed.]

I. So much of Section V. Regulation IX. 1793, of Section V. Regulation VI. 1803, of Section VI. Regulation IX. 1807 of the Bengal Code, and so much of Sections XII. and XV. Regulation IX. 1816 of the Madras Code, and so much of any other enactment as require a complaint in writing to be preferred to a Magistrate or the attendance of a complainant before taking cognizance of any offence which affects the public health, safety, convenience, morals, decency, and good order—are hereby repealed.

[Magistrate may proceed against persons for certain offences without written complaint.]

II. A Magistrate or other Officer exercising the powers of a Magistrate may, on the information of a Police Officer or other person to be given on oath, or on his own personal knowledge, having first recorded the grounds thereof in his own

কোন ভূম্যাদির উপর টাক্স বসান যায়, তাহাতে যে সকল মাল ও সামগ্রী পাওয়া যায় তাহা, ঐ ভূম্যাদির উপর ধার্য্যকরা টাক্সের কোন বাকীর নিমিত্তে ক্রোক হইবার যোগ্য হইবেক। আর যদি সেই বাকী টাকা কি তাহার কোন অংশ উক্ত মাল ও সামগ্রীর স্বামিভিন্ন অন্য ব্যক্তির দেনা হয়, তবে ঐ অন্য ব্যক্তির বাকী দেনার বাবৎ ঐ স্বামী যে টাকা দিয়াছেন কিম্বা তাঁহার স্থানে যে টাকা আদায় হইয়াছে তাহা তিনি ঐ অন্য ব্যক্তির নিমিত্তে দেওয়া টাকা বলিয়া কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতে সেই অন্য ব্যক্তির নামে নালিশ করিয়া ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

[এই আইন যে সময়ে জারী হইবেক।]

১২ ধারা। উক্ত নগরের এক অংশে গাসের আলো করিবার নিয়ম স্থির হইলে পর, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে তারিখ নিরূপণ করেন সেই তারিখঅবধি ও তাহার পরে এই আইন চলিবেক ও বলবৎ হইবেক এবং সেই তারিখের ও ৫ ধারানুসারে যে টাক্স ধার্য্য হইবেক তাহার, সম্বাদ অতিক্রম এক মাস থাকিতে কলিকাতা গেজেটে প্রকাশ হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।
ইঙ্গরেজী ১৮৫৫ সাল ১৮ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ১৮ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি নবেম্বর মাসের ২২ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

মাজিষ্ট্রেট সাহেবদিগকে লিখিত আরজী না লইয়া কোন২ অপরাধের বিচার করিবার ক্ষমতা দেওনের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।

যেহেতুক মাজিষ্ট্রেট সাহেবদিগকে, সাধারণ লোকেরদের স্বাস্থ্য ও নির্ব্বিঘ্নতা ও স্বচ্ছন্দতা ও সুনীতি ও লজ্জারক্ষা, ও সুনিয়মসম্পর্কীয় যে সকল অপরাধের নিমিত্তে জামিন লওয়া যাইতে পারে এমত সকল অপরাধের লিখিত নালিশ না লইয়া কি ফরিয়াদীকে হাজির হইবার হুকুম না করিয়াও বিচার করিবার ক্ষমতা দেওয়া বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ হইল।]

১ ধারা। বাঙ্গল দেশের চলিত ১৭৯৩ সালের ৯ আইনের ৫ ধারা ও ১৮০৩ সালের ৬ আইনের ৫ ধারা ও ১৮০৭ সালের ৯ আইনের ৬ ধারা, ও মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬ সালের ৯ আইনের ১২ ও ১৫ ধারার যে অংশেতে এবং অন্য কোন আইনের যে অংশেতে হুকুম হইয়াছে যে, সাধারণ লোকেরদের স্বাস্থ্য ও নির্ব্বিঘ্নতা ও স্বচ্ছন্দতা ও সুনীতি ও লজ্জারক্ষা ও সুনিয়মসম্পর্কীয় কোন অপরাধের বিচার হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে লিখিত আরজী দাখিল করিতে হইবেক, কিম্বা ফরিয়াদীর উপস্থিত হইতে হইবেক, সেই সকল অংশ ইহার দ্বারা রদ করা গেল ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কোন২ অপরাধের লিখিত নালিশ না পাইয়া ব্যক্তিরদের বিচার করিতে পারিবেন।]

২ ধারা। পোলীসের আমলা কিম্বা অন্য ব্যক্তি শপথ করিয়া কিম্বা আপনার জ্ঞানমতে পূর্ব্বোক্ত কোন অপরাধের সম্বাদ দিলে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক আপনার হস্তে মোকদ্দমার হেতু প্রথমে রিকার্ড করিয়া, লিখিত না-

hand-writing, proceed against any person for any of the said offences in the same manner as if a complaint in writing had been preferred and sworn or duly deposed to.

[Appeal from proceedings under this Act.]

III. All proceedings under this Act, of Magistrates and Officers exercising the powers of a Magistrate, shall be subject to the like appeal as other proceedings of such Magistrates and Officers.

W. Morgan,
Clerk of the Council.

লিশ উপস্থিত করা গেলে ও তদ্বিষয়ে শপথ হইলে কি তাহার উপযুক্তমতে জোবাননন্দী দেওয়া গেলে তিনি যেরূপে বিচার করিতে পারিতেন সেইরূপে, উক্ত কোন অপরাধের বাবৎ কোন ব্যক্তির বিচার করিতে পারিবেন ইতি।

[এই আইনমতের কার্য্যের উপর আপীল।]

৩ ধারা। মাজিস্ট্রেট সাহেবেরদের ও মাজিস্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকেরদের কার্য্যের উপর যেরূপ আপীল হইতে পারে, ঐ মাজিস্ট্রেট সাহেবেরদের ও কার্য্যকারকেরদের এই আইনমতের কার্য্যের উপর সেইরূপ আপীল হইতে পারিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 22nd August, 1855.

Baboo Rajkissen Dutt, (who has obtained a Diploma,) to be Moonsiff of Lohurdugga, Zillah Hazareebaugh, vice Lokenath Sah, promoted.

LEAVE OF ABSENCE.

The 30th August, 1855.

The leave of absence granted on the 27th ultimo, to the Moonsiff of Howlah, Zillah Chittagong, for the 6th and 7th instant, is hereby cancelled.

C. T. Buckland, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২২ আগষ্ট।

শ্রীযুত লোকনাথ শা উচ্চ পদে নিযুক্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রাজকৃষ্ণ দত্ত জিলা হাজারীবাগের লোহারডগার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৫ সাল ৩০ আগষ্ট।

জিলা চাটিগাঁয়ের হৌলার মুনসেফ গত মাসের ২৭ তারিখে বর্ত্তমান মাসের ৬ ও ৭ তারিখের যে ছুটী পান তাহা ইহার দ্বারা রহিত হইয়াছে।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৬৮৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৩ আগষ্ট।

১৮৩৩ সালের ৩ আইনানুসারের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাক্লৌড সাহেব (Mr. J. Macleod,) সারণ জিলায় নিযুক্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ১৩ আগষ্ট।

ত্রিপুরার নাসির নগরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ১৬ আগষ্ট।

শ্রীযুত মৌলবী গোলাম হুসেন ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিস্ট্রেট হইয়া রঙ্গপুর জিলায় মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন। এবং উক্ত জিলায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরও হইবেন।

শ্রীযুত পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিস্ট্রেট হইয়া মুরশিদাবাদ জিলায় মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন এবং উক্ত জিলায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরও হইবেন।

শ্রীযুত মৌলবী ইয়াৎজাদ হুসেন ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিস্ট্রেট হইয়া নদীয়া জিলায় মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন এবং উক্ত জিলায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরও হইবেন।

শ্রীযুত বাবু জয়চন্দ্র ঘোষ ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিস্ট্রেট হইয়া ময়মনসিংহ জিলায় ১৮২১ সালের ৩ আইনানুসারে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন। এবং উক্ত জিলায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরও হইবেন।

১৮৫৫ সাল ১৭ আগষ্ট।

শ্রীযুত পাদরি জে. রিচার্ডস সাহেব (Reverend J. Richards,) কলিকাতার সেণ্ট জাননামক গির্জার ছোট ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৫ সাল ২০ আগষ্ট।

কটক জিলার ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত সি ডবলিউ মাকেঞ্জি সাহেব (Mr. C. W. Mackenzie,) উক্ত জিলায় মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

কটক জিলার ১৮৩৩ সালের ৯ আইনানুসারের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামপ্রসাদ রায় ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিস্ট্রেটও হইয়া ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনানুসারে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৫ সাল ২০ আগষ্ট।

আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান জি ফেৎফুল সাহেব (Captain G. Faithfull,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান সি শার্প সাহেবের (Captain C. Sharp,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমন করিবার অনুমতি প্রার্থনা করণের পূর্ব্বে গত মাসের ৯ তারিখঅবধি ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

WANTED

For the Office of the Deputy Collector and Deputy Magistrate of Cox's Bazar, the undermentioned Native Omlahs, who possess a knowledge of the Bengali, Hindee and Persian, can write a neat legible hand, and are well acquainted with the ministerial routine of the Fouzdary and Collectory duties, including land measurement and settlement business. Candidates are expected to furnish satisfactory testimonials of their past services and good conduct.

A Peishkar, Salary 12 Rs. per month.
A Mohafez, Do. 8 Rs. Do.
A Mohurir, Do. 7 Rs. Do.

L. Barber, *Deputy Collector with the powers of Deputy Magistrate.*

Zillah Chittagong, Cox's Bazar Subd., the 30th June, 1855.

আবশ্যক।

যে মোকাম কাকস বাজারের ডিপুটী কালেক্টরী ও ডিং মাজিষ্ট্রেটী আফিসের নিয়োক্ত কার্য্যকারকের পদে যে ব্যক্তি বাঙ্গলা ও উর্দ্দু ও পারস্য ভাষায় সুশিক্ষিত বটে ও তাহা পরিষ্কৃত ও সুপাঠ্যাক্ষরে লিখিতে পারে ও ফৌজদারী ও কালেক্টরী সিরিশ্তার কর্ম্মের রীতি ও ভূমিপরিমাপক বিদ্যা ও বন্দোবস্ত কর্ম্ম ভালরূপ জাত আছে তাহারদিগকে নিযুক্ত করা যায় অতএব কর্ম্মাকাঙ্ক্ষিগণের উচিত যে স্বস্ব কৃত কর্ম্মের ও সৎস্বভাবের সন্তুষ্টজনক দলীল সহ এ কাছারীতে উপস্থিত হয় ইতি ১৮৫৫ ইং ৩০ জুন।

১ পেস্কার মাসিক বেতন ... ... ১২৲
১ মহাফেজ ঐ ... ... ৮৲
১ মোহরের ঐ ... ... ৭৲

এল বারবর ডিপুটী কালেক্টর।

এক্সেয়ারে ডিপুটী মাজিষ্ট্রেটী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

বিনীতিপুরঃসর নিবেদনং ইঙ্গরাজী প্রসিদ্ধ পুস্তকহইতে সংগ্রহপূর্ব্বক গৌড়ীয় সাধু ভাষায় বাষ্পীয় কলের পুরাবৃত্ত ও নির্ম্মাণ প্রকার ইত্যাদি এবং রেলওয়ের আদ্যোপান্ত উপাখ্যান ও তাহা যে২ স্থানের নিকট দিয়া চলিয়াছে সেই২ স্থানের বিবরণ। এবং হাওড়াঅবধি রাণীগঞ্জপর্য্যন্তের মানচিত্র ও হাওড়াপ্রভৃতির ইষ্টেসনের ও রেলওয়ের পুল ও পাঁড়ুয়া ইত্যাদি যে সমস্ত মসজিদ মন্দির অট্টালিকাদি আছে তাহার প্রতিরূপ। হাওড়াঅবধি অপরাপর ইষ্টেসনের দূরাদূরত্ব ও ভাড়া এবং বাষ্পীয় শকটে গমনাগমনের সময় ও ঐ গাড়িতে যে সকল দ্রব্যাদি চলিবেক তাহার প্রকার ও ভাড়ার বিবরণপ্রকাশক বাষ্পীয় কল ও ভারতবর্ষীয় রেলওয়েনামক পুস্তক ন্যূনাধিক ৩০০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে উত্তম কাগজে শ্রীরামপুরের তমোহর যন্ত্রে প্রস্তুত হইয়াছে মহাশয়গণ স্ব২ গুণগ্রামে গ্রন্থকারের উৎসাহবর্দ্ধন ও পরিশ্রম সাফল্যার্থ গ্রাহকশ্রেণীতে স্ব২ নাম লিখিয়া চরিতার্থ করুন ইতি।

পুস্তকের মূল্য স্বাক্ষরকারিব্র প্রতি ১৷৷০ টাকা তদ্ভিন্নের পক্ষে ২৲টাকা নির্দ্ধার্য্য হইয়াছে। গ্রাহক মহাশয়েরা উক্ত যন্ত্রালয়ে পুস্তক প্রাপ্ত হইবেন।

"তমোহর" যন্ত্রাধ্যক্ষের নিবেদন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ৪ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

which may hereafter be in force, in any part of the said territories, be liable to be sentenced or ordered, by any such Court, to be transported, shall, if a European, or American, be liable to be sentenced or ordered to be kept in penal servitude for such term as hereinafter mentioned.

The terms of penal servitude to be awarded by any sentence or order, instead of the term of transportation to which any such offender would, but for the passing of this Act, be liable, shall be as follows: (that is to say)—

Instead of transportation for seven years, or for a term not exceeding seven years, penal servitude for the term of four years.

Instead of any term of transportation exceeding seven years and not exceeding ten years, penal servitude for any term not less than four and not exceeding six years.

Instead of any term of transportation exceeding ten years and not exceeding fifteen years, penal servitude for any term not less than six and not exceeding eight years.

Instead of any term of transportation exceeding fifteen years, penal servitude for any term not less than six and not exceeding ten years.

Instead of transportation for the term of life, penal servitude for the term of life. And in every case where, at the discretion of the Court, one of any two or more of the terms of transportation hereinbefore mentioned might have been awarded, the Court shall have the like discretion to award one of the two or more terms of penal servitude hereinbefore mentioned, in relation to such terms of transportation.

[Discretion of Courts as to alternative punishments not to be affected.]

III. Provided always that nothing herein contained shall interfere with or affect the authority or discretion of any Court in respect of any punishment which such Court may now award or pass on any offender other than transportation; but where such other punishment may be awarded at the discretion of the Court instead of transportation or in addition thereto, the same may be awarded instead of, or (as the case may be) in addition to, the punishment substituted for transportation by this Act.

[Effect of pardon granted upon condition of penal servitude.]

IV. If any offender sentenced by any Court within the said territories to the punishment of death shall have mercy extended to him, upon condition of his being kept in penal servitude for life, or for any term of years, all the provisions of this Act shall be applicable to such offender in the same manner as if he had been lawfully sentenced under this Act to the term of penal servitude specified in the condition.

[The Executive Government may direct Europeans or Americans under sentence of transporta-

নানুসারে, কি উত্তর কালে যে কোন আইন চলন হয় তদনুসারে, সেইপ্রকারের কোন আদালতের দ্বারা দ্বীপান্তর প্রেরিত হওনের দণ্ডাজ্ঞা কি হুকুম পাইবার যোগ্য হইত, সেই ব্যক্তি যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে নীচের লিখিত মিয়াদে খাটিবার দণ্ডাজ্ঞা কি হুকুম পাইবার যোগ্য হইবেক।

এই আইন জারী না হইলে সেই প্রকার কোন অপরাধী যে মিয়াদে দ্বীপান্তর প্রেরিত হইয়া থাকিবার যোগ্য হইত তাহার পরিবর্ত্তে, কোন দণ্ডাজ্ঞা কি হুকুমক্রমে, তাহারদের যে২ মিয়াদে খাটিতে হইবেক তাহা এই২, অর্থাৎ

সাত বৎসর, কিম্বা সাত বৎসরের অধিক না হয় এমত মিয়াদে দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে, চারি বৎসর মিয়াদে খাটনি।

সাত বৎসরের অধিক ও দশ বৎসরের অনধিক কোন মিয়াদে দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে, চারি বৎসরের কম না হয় ও ছয় বৎসরের অধিক না হয় এমত কোন মিয়াদে খাটনি।

দশ বৎসরের অধিক ও পনের বৎসরের অনধিক কোন মিয়াদে দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে, ছয় বৎসরের কম না হয় ও আট বৎসরের অধিক না হয় এমত কোন মিয়াদে খাটনি।

পনের বৎসরের অধিক কোন মিয়াদে দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে ছয় বৎসরের কম না হয় ও দশ বৎসরের অধিক না হয় এমত কোন মিয়াদে খাটনি।

যাবজ্জীবন দ্বীপান্তর থাকনের পরিবর্ত্তে যাবজ্জীবন খাটনি। আর যে২ মোকদ্দমায় দ্বীপান্তর প্রেরণের পূর্ব্বলিখিত দুই কি ততোধিক কোন মিয়াদের মধ্যে আদালত স্বীয় বিবেচনামতে এক মিয়াদের হুকুম করিতে পারিতেন, সেই২ মোকদ্দমায়, দ্বীপান্তর প্রেরণের সেই মিয়াদের সম্পর্কে খাটনির যে দুই কি ততোধিক মিয়াদ পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যে, আদালত সেই প্রকারে স্বীয় বিবেচনামতে এক মিয়াদের হুকুম করিতে পারিবেন ইতি।

[দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে আদালতের স্বীয় বিবেচনামতে অন্য দণ্ড করণের ক্ষমতার খর্ব্বতা হয় না।]

৩ ধারা। পরন্তু সর্ব্বদাই জ্ঞানা কর্ত্তব্য যে, কোন আদালত এইক্ষণে কোন অপরাধির দ্বীপান্তর প্রেরণভিন্ন অন্য যে কোন দণ্ডের হুকুম দিতে কিম্বা দণ্ড করিতে পারেন, তদ্বিষয়ে ঐ আদালতের কোন শক্তির কিম্বা বিবেচনার প্রতিবন্ধকতা কি খর্ব্বতা এই আইনের লিখিত কোন কথাতে হইবেক না। কেবল যে স্থলে আদালতের বিবেচনামতে ঐ অন্য দণ্ডের হুকুম দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে কি তদতিরিক্ত হইতে পারে, সেই স্থলে, এই আইনানুসারে দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে যে দণ্ড নিরূপণ হইয়াছে, সেই দণ্ডের পরিবর্ত্তে কিম্বা (বিষয় বিশেষে) তাহার অতিরিক্ত ঐ অন্য দণ্ডের হুকুম হইতে পারিবেক ইতি।

[খাটিবার দণ্ডের নিয়মে প্রাণদণ্ডের ক্ষমা হইলে তাহার ফল।]

৪ ধারা। উক্ত দেশের মধ্যে কোন আদালতে কোন অপরাধির প্রাণদণ্ডের আজ্ঞা হইলে পর, যদি তাহার যাবজ্জীবন কিম্বা কতক বৎসরের কোন মিয়াদে খাটিবার নিয়মে প্রাণদণ্ড রহিত হয়, তবে ঐ নিয়মের নির্দ্দিষ্ট মিয়াদে ঐ অপরাধির খাটিবার আইনসিদ্ধ দণ্ডাজ্ঞা এই আইনানুসারে হইলে তাহার প্রতি এই আইনের সকল বিধান যে প্রকারে অর্শিত, সেই প্রকারে অর্শিবেক ইতি।

[ইউরোপীয় কি আমেরিকা দেশীয় যে লোকেরদিগের দ্বীপান্তর প্রেরণের দণ্ডাজ্ঞা হইয়াছে তাহারদের খাটনির

tion to be kept in penal servitude. Term of penal servitude in such case.]

V. It shall be lawful for the Governor General of India in Council, or for the person or persons for the time being administering the Executive Government of any Presidency or place in which a European or American has been lawfully sentenced by any Court to be transported, to order such person to be kept in penal servitude for the shortest term of penal servitude substituted by this Act for a term of transportation of the same extent as that to which the offender was sentenced, or that portion thereof which he shall not have undergone, provided that no person shall be kept in penal servitude under the provisions of this Section after the expiration of the term of transportation to which he was sentenced.

[Persons under sentence of penal servitude where to be sent and how to be dealt with. Intermediate imprisonment. Proviso.]

VI. Every person who, under this Act, shall be sentenced or ordered to be kept in penal servitude, may, during the term of the sentence or order, be confined in any such prison or place of confinement within any part of the said territories as the Governor General of India in Council shall, by any General Order, from time to time direct; and may, during such time, be kept to hard labour; and such person may, until he can conveniently be removed to such prison or place of confinement, be imprisoned, with or without hard labour, and dealt with in all other respects in the same manner as persons sentenced by the convicting Court to imprisonment with hard labour may, for the time being, by law be dealt with. Provided that the time of such intermediate imprisonment, and the time of removal from one prison to another, shall be taken and reckoned in discharge or part discharge of the term of the sentence.

[All Acts, &c., respecting convicts under sentence of transportation or imprisonment with hard labour made applicable for the purposes of this Act.]

VII. All Acts and Regulations now in force within any part of the said territories, with respect to convicts under order or sentence of transportation, or under order or sentence of imprisonment with hard labour, shall, so far as may be consistent with the express provisions of this Act, be construed to extend and be applicable to persons under any order or sentence of penal servitude made or passed under this Act.

[Removal of European or American convicts under sentence of imprisonment from one prison to another.]

VIII. The person or persons for the time be-

দণ্ডের হুকুম গবর্ণমেণ্টের কার্য্যকারক সাহেবেরা করিতে পারিবেন। এমত স্থলে খাটনির মিয়াদ।

৫ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর, অথবা যে কোন রাজধানীর কিম্বা স্থানের কোন আদালতের দ্বারা ইউরোপীয় কি আমেরিকা দেশীয় কোন লোকের দ্বীপান্তর প্রেরণের আইনসিদ্ধ আজ্ঞা হইয়াছে, সেই রাজধানীর কি স্থানের গবর্ণমেণ্টের কার্য্য যে সাহেব কি সাহেবেরা যে সময়ে করিতেছেন, তিনি কি তাঁহারা এই হুকুম করিতে পারিবেন যে, ঐ অপরাধির যত বৎসর দ্বীপান্তর প্রেরণের দণ্ডাজ্ঞা হইয়াছিল তত বৎসর, কিম্বা ঐ মিয়াদের যত কালের দণ্ড ভোগ হয় নাই তত কাল, দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে এই আইনেতে খাটনির যে মিয়াদ নিরূপণ হইয়াছে, তাহার অত্যল্প মিয়াদে তাহার খাটনির দণ্ড হয়। পরন্তু কোন ব্যক্তিকে যে মিয়াদে দ্বীপান্তর প্রেরিত হইয়া থাকিবার আজ্ঞা হয় সেই মিয়াদ অতীত হইলে পর সেই ব্যক্তি এই ধারার বিধানানুসারে খাটনির দণ্ড পাইবেক না ইতি।

[যাহারদের খাটনির দণ্ডাজ্ঞা হয় তাহারদিগকে যে স্থানে পাঠাইতে হইবেক ও তাহারদের প্রতি যেরূপ আচার করিতে হইবেক। সেইপর্য্যন্ত কয়েদের বিধান। বর্জ্জিত বিধি।]

৬ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কোন সাধারণ হুকুমের দ্বারা, উক্ত দেশের কোন অংশের যে কোন কারাগার কি কয়েদের স্থান সময়ে২ আজ্ঞা করেন, সেই কারাগারে কি কয়েদের স্থানে, যে কোন ব্যক্তির এই আইনানুসারে খাটনির দণ্ডাজ্ঞা কি হুকুম হয় সেই ব্যক্তিকে, ঐ দণ্ডাজ্ঞার কি হুকুমের মিয়াদপর্য্যন্ত, কয়েদ করা যাইতে পারিবেক, আর সেই মিয়াদপর্য্যন্ত তাহাকে কঠিন পরিশ্রম করাণ যাইতে পারিবেক। আর যেপর্য্যন্ত সেই লোককে ঐ কারাগারে কি কয়েদের স্থানে সুবিধামতে পাঠান যাইতে না পারে, সেইপর্য্যন্ত তাহাকে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদে রাখা যাইতে পারিবেক, ও তাহার দোষ সাব্যস্তকরণিয়া আদালত যে লোকদিগের কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার হুকুম করেন, তাহারদের প্রতি আইনমতে যেরূপ ব্যবহার হইতে পারে ঐ লোকের প্রতিও অন্য সর্ব্ববিষয়ে সেইরূপ ব্যবহার হইবেক। পরন্তু সেইরূপে স্থানান্তর না হওনপর্য্যন্ত তাহার কয়েদ থাকনের যে সময়, ও এক কারাগারহইতে অন্য কারাগারে তাহাকে লইয়া যাইতে যে সময় লাগে তাহা, ঐ দণ্ডাজ্ঞার মিয়াদের সময়, কি ঐ সময়ের একাংশ, জ্ঞান ও গণ্য হইবেক ইতি।

[যে বন্দুয়ানেরদের দ্বীপান্তর প্রেরণের কি কঠিন পরিশ্রমসহিত কয়েদ হওনের দণ্ডাজ্ঞা হয় তাহারদের বিষয়ের সকল আইনপ্রভৃতি এই আইনের কার্য্যের নিমিত্তে খাটিবেক।]

৭ ধারা। যে বন্দুয়ানেরদের দ্বীপান্তর প্রেরণের হুকুম কি দণ্ডাজ্ঞা হয়, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার হুকুম কি দণ্ডাজ্ঞা হয়, তাহারদের বিষয়ে পূর্ব্বোক্ত দেশের কোন স্থানে যে সকল আক্ট ও আইন এইক্ষণে চলন আছে, তাহা এই আইনের স্পষ্ট বিধানের সহিত যেপর্য্যন্ত সঙ্গত হয়, সেইপর্য্যন্ত এই আইনানুসারে যে লোকেরদের বিষয়ে খাটনির কোন হুকুম কি দণ্ডাজ্ঞা করা যায় কি জারী হয়, তাহারদের প্রতিও বিস্তারিত হইয়া খাটিতে পারে ঐ আক্টপ্রভৃতির এমত অর্থ করিতে হইবেক ইতি।

[ইউরোপীয় কি আমেরিকা দেশীয় যে বন্দুয়ানেরদের কয়েদ হইবার হুকুম হয় তাহারদিগকে এক কারাগারহইতে অন্য কারাগারে পাঠান।]

৮ ধারা। ইউরেপীয় কি আমেরিকা দেশীয় কোন

ing administering the Executive Government of the Presidency or place in which any European or American convict is imprisoned, under a sentence or order of imprisonment, for a term exceeding one year, whether with or without hard labour, may, with the consent of the Governor General of India in Council, order the removal of such prisoner from the prison or place in which he is confined to any other public prison or place of confinement within any part of the said territories; and such order shall be a sufficient authority for imprisoning the convict during the remainder of the term mentioned in the sentence, or any part of such term, in the Jail to which the prisoner is removed.

[Governor General in Council may grant a license to be at large to any convict under sentence of penal servitude.]

IX. It shall be lawful for the Governor General of India in Council to grant to any convict who may hereafter be sentenced or ordered to be kept in penal servitude, a license to be at large within the said territories, or in such part thereof as in such license shall be expressed, during such portion of his term of servitude, and upon such conditions in all respects as to the Governor General of India in Council shall seem fit; and it shall be lawful for the said Governor General in Council at any time to revoke or alter such license by a like order.

[Holder of such license not to be imprisoned, &c.]

X. So long as such license shall continue in force and unrevoked, such convict shall not be liable to imprisonment or penal servitude by reason of his sentence, but shall be allowed to go and remain at large according to the terms of such license.

[If license revoked, the convict may be apprehended and committed to prison.]

XI. In case of the revocation of any such license as aforesaid, it shall be lawful for one of the Secretaries to the Government of India, by order in writing, to signify to any Justice of the Peace or Magistrate that such license has been revoked, and to require such Justice or Magistrate to issue a warrant for the apprehension of the convict to whom such license was granted, and such Justice or Magistrate shall issue his warrant accordingly; and such warrant may be executed by any officer to whom it may be directed or delivered for that purpose in any part of the said territories, and shall have the same force and effect in any place within such Territories as if the same had been originally issued or subsequently endorsed by a Justice or Magistrate, or other lawful authority having jurisdiction in the place where the same shall be executed; and such convict, when apprehended under such warrant, shall be brought, as soon as he conveniently may be, before the

[*Government Gazette*, 11*th September*, 1855.]

বন্দুয়ান কঠিন পরিশ্রমসহিত কিম্বা তাহা বিনা এক বৎসরের অধিক মিয়াদে কয়েদ থাকনের দণ্ডাজ্ঞা কি হুকুমক্রমে যে রাজধানীতে কি স্থানে কয়েদ থাকে, সেই রাজধানীর কি স্থানের গবর্ণমেণ্টের কার্য্য যে সাহেব কি সাহেবেরা যে সময়ে নির্ব্বাহ করিতেছেন, তিনি কি তাঁহারা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতি লইয়া, সেই আসামী যে কারাগারে কি স্থানে কয়েদ আছে, তাহাহইতে উক্ত দেশের মধ্যের কোন স্থানে সরকারী অন্য কোন কারাগারে কি কয়েদের স্থানে তাহাকে পাঠাইবার হুকুম করিতে পারিবেন। আর আসামীকে যে জেলেতে উপস্থিত করা যায় সেই জেলে ঐ দণ্ডাজ্ঞার নির্দ্দিষ্ট মিয়াদের অবশিষ্ট কাল কি ঐ মিয়াদের কোন অংশ ঐ অপরাধিকে কয়েদ করিবার জন্যে, ঐ হুকুমই প্রচুর ক্ষমতা হইবেক ইতি।

[খাটনির দণ্ডাজ্ঞাপ্রাপ্ত কোন বন্দুয়ানকে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর মুক্ত হইয়া থাকিবার অনুমতিপত্র দিতে পারিবেন।]

৯ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এই ক্ষমতা থাকিবেক যে, উত্তর কালে যে কোন অপরাধির খাটনির দণ্ডাজ্ঞা কি হুকুম হয়, তাহার খাটনির মিয়াদের যত কাল ও যে নিয়ম হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর উচিত বোধ করেন, তত কালপর্য্যন্ত ও সর্ব্ব বিষয়ে সেই নিয়মমতে ঐ অপরাধিকে উক্ত দেশের মধ্যে, কিম্বা ঐ দেশের যে কোন ভাগ অনুমতিপত্রেতে নির্দ্দিষ্ট থাকে সেই ভাগে, মুক্ত হইয়া থাকিবার অনুমতিপত্র দেন। আর হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সেই প্রকারের হুকুম করিয়া সেই অনুমতিপত্র কোন সময়ে অন্যথা কি পরিবর্ত্ত করিতে পারিবেন ইতি।

[সেইরূপ অনুমতিপত্রপ্রাপ্ত ব্যক্তি কয়েদপ্রভৃতি হইবেক না।]

১০ ধারা। ঐ অনুমতিপত্র যত কাল বলবৎ থাকে ও অন্যথা না হয়, তত কাল সে অপরাধী ঐ দণ্ডাজ্ঞাপ্রযুক্ত কয়েদ হইবার কি খাটিবার যোগ্য হইবেক না, কিন্তু ঐ অনুমতিপত্রের নিয়মানুসারে তাহাকে মুক্ত হইতে ও মুক্ত হইয়া থাকিতে অনুমতি হইবেক ইতি।

[ঐ অনুমতিপত্র অন্যথা হইলে অপরাধিকে গ্রেফ্তার করিয়া কয়েদ করা যাইতে পারে।]

১১ ধারা। যদি পূর্ব্বোক্ত প্রকারের কোন অনুমতিপত্রের অন্যথা হয়, তবে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন এক জন সেক্রেটারী সাহেবের এই ক্ষমতা থাকিবেক, যে ঐ অনুমতিপত্রের অন্যথা হইবার সম্বাদ কোন জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবকে হুকুমনামার দ্বারা জ্ঞাত করেন, আর ঐ অনুমতিপত্র যে অপরাধিকে দেওয়া গিয়াছিল তাহাকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে ঐ জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবকে হুকুম করেন। তাহাতে ঐ জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব তদনুসারে আপনার পরওয়ানা জারী করিবেন। আর ঐ পরওয়ানা জারী হইবার নিমিত্তে যে কোন কার্য্যকারকের নামে কি যে কোন কার্য্যকারককে দেওয়া যায়, তাঁহার দ্বারা উক্ত দেশের কোন স্থানে তাহা জারী হইতে পারিবেক। আর সেই পরওয়ানা যে স্থানে জারী হয় সেই স্থানে, যে জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবের কি আইনমতের অন্য কার্য্যকারকের এলাকা থাকে তিনি প্রথমতঃ জারী কিম্বা পরে তাহার পৃষ্ঠে দস্তখৎ করিলে, ঐ পরওয়ানা যেরূপ বলবৎ ও ফলবৎ হইত, উক্ত দেশের মধ্যের কোন স্থানে তাহা সেইরূপ বলবৎ ও ফলবৎ হইবেক। আর যখন সেই পরওয়ানাক্রমে সেই অপরাধিকে গ্রেফ্তার

Justice or Magistrate by whom the said warrant shall have been issued, or some other Justice or Magistrate of the same place, or before a Magistrate or Justice having jurisdiction in the zillah or district in which such convict shall be apprehended, and such Justice or Magistrate shall thereupon make out his warrant, under his hand and seal, for the recommitment of such convict to the prison or place of confinement from which he was released by virtue of the said license, and such convict shall be re-committed accordingly, and shall thereupon be liable to be kept in penal servitude for such further period as, with the time during which he may have been imprisoned under the original sentence or order, and the time during which he may have been at large under an unrevoked license, shall be equal to the period mentioned in the original sentence or order.

[Penalty for breach of condition of the license.]

XII. If a license be granted under Section IX. of this Act upon any condition specified therein, and the convict to whom the license is granted violate any such condition, or shall go beyond the limits specified in the license, or, knowing of the revocation of such license, shall neglect forthwith to surrender himself, or shall conceal himself, or endeavour to avoid being apprehended, he shall be liable upon conviction to be sentenced to penal servitude for a term not exceeding the full term of penal servitude mentioned in the original sentence or order.

[Act not to affect the provisions of certain English Statutes.]

XIII. Nothing in this Act is intended to alter or affect the provisions of the 12 and 13 Victoria Chapter 43, or any Act of Parliament passed in the United Kingdom of Great Britain and Ireland since the 28th of August, 1833, or which may hereafter be passed.

[What to be deemed proof that a person is a European or an American.]

XIV. Any sentence or order upon any person describing him as a European or American shall be deemed, for the purposes of this Act, to be conclusive of the fact that such person is a European or American within the meaning of this Act.

[Construction of Act.]

XV. The word "European," as used in this Act, shall be understood to include any person usually designated a European British subject. Words in the singular number or the masculine gender shall be understood to include several persons as well as one person, and females as well as males, unless there be something in the context repugnant to such construction.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ১১ সেপ্টেম্বর।]

করা যায়, তখন সুবিধামতে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র তাহাকে, ঐ পরওয়ানা যে জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব জারী করিয়াছিলেন তাঁহার সম্মুখে, কিম্বা ঐ স্থানের অন্য কোন জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, কিম্বা যে জিলাতে কি প্রদেশে ঐ অপরাধিকে গ্রেপ্তার করা যায় তাহাতে যে কোন জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহার সম্মুখে, উপস্থিত করা যাইবেক। তাহা হইলে ঐ অপরাধিকে ঐ অনুমতিপত্রের শক্তিতে যে কারাগার কি কয়েদের স্থানহইতে মুক্ত করা গিয়াছিল তাহাতে পুনরায় সোপর্দ্দ করিবার জন্যে, উক্ত জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব আপনার দস্তখৎ ও মোহরক্রমে পরওয়ানা দিবেন, ও তদনুসারে অপরাধিকে পুনরায় কয়েদ করা যাইবেক। তাহাতে প্রথম দণ্ডাজ্ঞা কি হুকুমক্রমে ঐ অপরাধী যত কাল কয়েদ ছিল তাহা লইয়া, ও অন্যথা না করা অনুমতিপত্রক্রমে অপরাধী যত কাল মুক্ত ছিল তাহা লইয়া, প্রথম দণ্ডাজ্ঞা কি হুকুমেতে যে মিয়াদ লেখা ছিল সেই মিয়াদ পূর্ণ করিতে যত কাল লাগে তত কালপর্য্যন্ত ঐ অপরাধী খাটিবার যোগ্য হইবেক ইতি।

[অনুমতিপত্রের নিয়ম লঙ্ঘন করিবার দণ্ড।]

১২ ধারা। যদি এই আইনের ৯ ধারানুসারে অনুমতিপত্রের নির্দ্দিষ্ট কোন নিয়মমতে অনুমতিপত্র দেওয়া যায়, আর যে বন্দুয়ানকে ঐ অনুমতিপত্র দেওয়া যায় সে যদি সেই প্রকারের কোন নিয়ম লঙ্ঘন করে, কিম্বা ঐ অনুমতিপত্রের নির্দ্দিষ্ট সীমার বাহিরে যায়, কিম্বা ঐ অনুমতিপত্রের অন্যথা হইবার কথা জানিয়া যদি আপনি তৎক্ষণাৎ ধরা না দেয়, কিম্বা গোপনে থাকে, কি যাহাতে গ্রেপ্তার না হয় এমত উদ্যোগ করে, তবে সেই অপরাধির দোষ সাব্যস্ত হইলে, প্রথম দণ্ডাজ্ঞাতে কি হুকুমেতে খাটিবার যে মিয়াদ নির্দ্দিষ্ট ছিল সেই সম্পূর্ণ মিয়াদের অধিক না হয় এমত কালপর্য্যন্ত সে খাটিবার দণ্ডাজ্ঞার যোগ্য হইবেক ইতি।

[এই আইনেতে ইঙ্গলণ্ডীয় কতক ব্যবস্থার বিধানের হ্রাসবৃদ্ধি হইবেক না।]

১৩ ধারা। এই আইনের কোন কথাতে, শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১২ ও ১৩ বৎসরের ৪৩ অধ্যায়ের বিধানের, কিম্বা ১৮৩৩ সালের ২৮ আগষ্ট তারিখের পর গ্রেটব্রিটন ও ঐর্লণ্ডের সংযুক্ত রাজ্যেতে যে কোন আক্ট পার্লিমেণ্ট জারী হইয়াছে কি উত্তর কালে জারী হইয় থাকিবেক তাহার বিধানের পরিবর্ত্তন কি হ্রাসবৃদ্ধি হইবার অভিপ্রায় নহে ইতি।

[কোন ব্যক্তি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক কি না ইহার যাহা প্রমাণ জ্ঞান হইবেক।]

১৪ ধারা। কোন লোকের কোন দণ্ডাজ্ঞাতে কি হুকুমেতে যদি সেই লোক ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক বলিয়া নির্দ্দিষ্ট হয়, তবে সেই লোক এই আইনের অর্থের সম্পর্কে ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক বটে, এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে সেই দণ্ডাজ্ঞার কি হুকুমের ঐ কথা সিদ্ধান্ত জ্ঞান হইবেক ইতি।

[আইনের অর্থ।]

১৫ ধারা। এই আইনের মধ্যে "ইউরোপীয়" যে শব্দ লেখা আছে সেই শব্দেতে যে কোন ব্যক্তিকে রীতিমতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা বলা যায় সে গণ্য হয় জ্ঞান হইবেক। এক বচনের শব্দেতে যেমন একি ব্যক্তিকে বুঝায় তেমনি বহু-ব্যক্তিকে বুঝাইবেক। আর পুং লিঙ্গ শব্দেতে যেমন পুরুষদিগকে বুঝায় তেমনি স্ত্রীদিগকেও বুঝাইবেক। কিন্তু যদি পূর্ব্বাপর কথাতে ঐ অর্থ অনঙ্গত হয় তবে সেই অর্থ হইবেক না ইতি।

[Commencement of Act.]

XVI. This Act shall commence from and after the first day of November, 1855.

W. Morgan,
Clerk of the Council.

[এই আইন আমলে আসিবার কথা।]

১৬ ধারা। এই আইন ১৮৫৫ সালের নবেম্বর মাসের প্রথম দিবসাবধি ও তাহার পরে চলন হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 10.

To the Criminal Authorities in the Lower Provinces.

The Court have ascertained that a practice exists in more than one district, under their jurisdiction, of not duly accounting in the Periodical Statements for all the persons who are apprehended by the police in their enquiries in criminal cases.

2. Such a practice obviously defeats the ends for which the rule in Clause 17, Section 19, Regulation 20 of 1817 was enacted, which provides that no person, who may be once apprehended, shall be discharged, except on bail or under the special orders of the Magistrate. Periodical returns, thus incorrectly prepared, give a false colouring to the state of the district and of the police to which they refer, and the Court hope that they may not have occasion to notice any similar irregularity in future.

3. At the same time, the Court observe, that in contrasting the number of convictions and acquittals in any district, due allowance will always be made by them for the number of persons entered as acquitted under the head of "Released on Bail by the police." It is the duty of every Magistrate to prevent his police officers from apprehending any person without sufficient cause, but it is still more important that every person, who is apprehended by the police, should be duly accounted for to the Magistrate.

(Signed) C. T. Buckland,
Register.

Fort William, the 17th August, 1855.

No. 11.

To the Session Judges in the Lower, and Commissioners in the Extra Regulation Provinces.

The particulars which are given in the monthly and annual statement No. 9 A, prescribed by the Circular Order No. 98, of the 27th June, 1842, being included in the Magistrate's statement No. 9, the Court authorize you to discontinue the submission of the former return.

(Signed) C. T. Buckland,
Register.

Fort William, the 17th August, 1855.

[*Government Gazette, 11th September*, 1855.]

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব্ বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা নিশ্চয়রূপে জানিতে পাইয়াছেন যে ফৌজদারী মোকদ্দমার তদারক করিবার সময়ে পোলীসের আমলারদের দ্বারা যে সকল লোককে গ্রেফ্তার করা যায় তাহারদের সকলের যাহা হইয়াছে ইহার বয়ান নিরূপিত সময়ের কৈফিয়তের মধ্যে উচিতমতে লেখা যায় না এই রীতি তাঁহারদের কর্ত্তৃত্বাধীন কএক জিলাতে চলন আছে।

২। সেই প্রকার রীতিতে, ১৮১৭ সালের ২০ আইনের ১৯ ধারার ১৭ প্রকরণের বিধি, অর্থাৎ কোন ব্যক্তিকে একবার গ্রেফ্তার করা গেলে যাবৎ জামিন না দেওয়া যায় কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিশেষ হুকুম না হয় তাবৎ তাহাকে খালাস করিতে হইবেক না, এই বিধি যে অভিপ্রায়ে করা গিয়াছিল তাহা স্পষ্টই নিষ্ফল হয়। নিরূপিত সময়ের যে সকল রিটর্ণ সেইপ্রকারে অশুদ্ধরূপে প্রস্তুত করা যায় তাহাতে জিলার অবস্থার ও যে পোলীসের সঙ্গে সম্পর্ক রাখে তাহার অবস্থার অপ্রকৃত বর্ণন হয়। উত্তর কালে সেই প্রকার অনিয়মিত কার্য্যের বিষয় সদর আদালতের সাহেবেরদের লিখিবার প্রয়োজন হইবেক না তাঁহারদের এইমত আশা হইতেছে।

৩। অপর সদর আদালতের সাহেবেরা কহিতেছেন যে, কোন জিলাতে যাহারদের দোষ সাব্যস্ত হইয়াছে ও যাহারদিগকে খালাস করা গিয়াছে তাহারদের সংখ্যা মিলাইবার কালে, "পোলীসের দ্বারা জামিনক্রমে খালাস করা যায়" এই শিরনামার নীচে যাহারদের খালাস হইবার কথা লেখা থাকে তাহারদেরও সংখ্যা ধরিতে তাঁহারা সর্ব্বদাই উপযুক্ত মনোযোগ করিবেন। প্রচুর কারণ না থাকিলে কোন ব্যক্তিকে গ্রেফ্তার না করা যায় পোলীসের আমলারদিগকে এই প্রকার নিষেধ করা প্রত্যেক মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য বটে, কিন্তু পোলীসের আমলারা যাহারদিগকে গ্রেফ্তার করে তাহারদের প্রত্যেক জনকে লইয়া যাহা করা যায় এই বিষয়ের উপযুক্ত বয়ান মাজিষ্ট্রেট সাহেবকে জ্ঞাত করা আরো গুরুতর কার্য্য।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ১৭ আগষ্ট।

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

১৮৪২ সালের ২৭ জুন তারিখের ৯৮ নম্বরের সরক্যুলর অর্ডরেতে ৯ A নম্বরের যে মাসিক ও বার্ষিক কৈফিয়তের আজ্ঞা হইয়াছে তাহাতে যে সকল বৃত্তান্ত লেখা যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের ৯ নম্বরের কৈফিয়তে ধরা গিয়াছে অতএব সদর আদালতের সাহেবেরা তোমাকে ঐ ৯ A নম্বরের কৈফিয়তের প্রেরণ রহিত করিতে আদেশ করেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ১৭ আগষ্ট।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT,

The 5th September, 1855.

Baboo Muddun Mohun Dutt, (who has obtained a Diploma) to be Officiating Moonsiff of Hemtabad, Zillah Dinagepore, during the absence, on leave, of the incumbent, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 5th September, 1855.

Moonshee Khodabuksh, Moonsiff of Hemtabad, Zillah Dinagepore, for one month, in excess of the Mohurrum and Dusserah Vacations.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৫ সেপ্টেম্বর।

জিলা দিনাজপুরের হেমতাবাদের মুনসেফের ছুটীমতে অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতাপত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু মদনমোহন দত্ত ঐ স্থানের এক্টিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৫ সাল ৫ সেপ্টেম্বর।

জিলা দিনাজপুরের হেমতাবাদের মুনসেফ শ্রীযুত মুনশী খোদাবক্শ মহরম ও দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৭৮৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৩ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ টি টকর্ সাহেব (Mr. W. T. Tucker,) মুঙ্গের জিলায় দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত আর এচ পর্কিন্স সাহেব (Mr. R. H. Perkins,) হিজলীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন ও ঐ জিলাতে নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৫ সাল ২৯ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ সি স্পেন্সর সাহেব (Mr. W. C. Spencer,) গত মাসের ৬ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৫৫ সাল ১ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) মুরশিদাবাদের কালেক্টর হইবেন।

শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr. G. C. Fletcher,) বাকরগঞ্জের কালেক্টর হইবেন।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) বীরভূমের কালেক্টর হইবেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) সারণের মাজিষ্ট্রেট হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পূরনিয়ার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত টি ই রেবেন্সা সাহেব (Mr. T. E. Ravenshaw,) দিনাজপুরের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরের উক্ত নিয়োগসকল গত মাসের ২৩ তারিখঅবধি চলিবেক।

ছুটী।

১৮৫৫ সাল ২৯ আগষ্ট।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত জে রাইলি সাহেব (Mr. J. Reily,) আগামি বন্দের অতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ৩১ আগষ্ট।

শ্রীযুত পাদরি এচ ডবলিউ ক্রফটন্ সাহেব (Reverend H. W. Crofton,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮৩০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৪ সেপ্টেম্বর।

শ্রীযুত ডবলিউ ক্রাডক সাহেব (Mr. W. Craddock,) রাজশাহী জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

পশ্চিম বর্দ্ধমানের ঔন্দার মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ৫ সেপ্টেম্বর।

শ্রীযুত এ আর তামসন সাহেব (Mr. A. R. Thompson,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সারণে সেওয়ানের মুনসেফ ও ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী মহম্মদ ওয়াজিদ ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনানুসারে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ৬ সেপ্টেম্বর।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এচ রাইলি সাহেব (Mr. J. H. Reily,) ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনানুসারে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ৩ সেপ্টেম্বর।

ত্রিপুরার জজ শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার মাজিষ্ট্রেট শ্রীযুত এ আবরক্রম্বি সাহেবের (Mr. A. Abercrombie) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক নূতন সংশোধিত বিধির ১৪ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ৬ সেপ্টেম্বর।

পাটনার এক্টিং জজ শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেবের (Mr. W. Ainslie,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে আগামি মাসের ১৫ তারিখঅবধি আড়াই মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

SALT.

গবর্ণমেণ্টের ইশতিহার।

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩১ আগষ্ট সন ১৮৫৫ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাত।

এজেন্সীর নাম।	সন ১২৫৭ সাল ইং- রাজি ১৮৫০। ৫১ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	০	২,৯৪১/	০	২,৯৪১/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	১,৫৯,৩৪৩/	০	১,৫৯,৩৪৩/
ঐ ঐ রামনগর।	০	০	০	৭৩৮/৬॥	১,৩০,৭৬৭/	০	১,৩১,৫০৫/৬॥
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	১০,৯৬১৸৯।	০	১০,৯৬১৸৯।
ঐ ঐ পুরীঘাটা।	০	০	০	১,০৫৮/৬৸	৯৫,৯৪৪/	০	৯৭,০০২/৬৸
একুন।	০	০	০	১,৭৯৬।৩।	৪,০৯,৯৫৬৸৯।	০	৪,১১,৭৫৩।২॥
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	২১,৫০২॥১॥৶	০	২১,৫০২॥১॥৶
একুন।	০	০	০	০	২১,৫০২॥১॥৶	০	২১,৫০২॥১॥৶
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	৪,২২,৬৭১/৭	০	৪২২,৬৭১/৭
ঐ ঐ আরাকিন।	০	০	০	০	৪,৪০১॥০	০	৪,৪০১॥০
একুন।	০	০	০	০	৪,২৭,০৭২॥৭	০	৪,২৭,০৭২॥৭

এজেন্সীর নাম।	সন ১২৫৭ সাল ইং- রাজি ১৮৫০। ৫১ সাল এবং পূর্ব্ব সনহায়ের।	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪ । ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	মৌজুদ নমকের একুন।
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	০	০	০	০	০	০	০
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	১৪৮৸০	০	০	১৪৮৸০
ঐ ঐ খোরদা।	০	০	০	২৭৯/	০	০	২৭৯/
ঐ ঐ চিলকা।	০	০	২২/	০	০	০	২২/
ঐ হিজলী রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,০৮,৭৪৫৸২	০	০	০	০	০	৩,০৮,৭৪৫৸২
ঐ ঐ ডাইমন হারবর।	২,৩৯৪/	০	০	০	০	০	২,৩৯৪/
ঐ সাগর।	০	০	০	০	০	০	০
মান্দ্রাজ পরমিট নেমক।	০	০	০	০	২,৮৪,৯৫২/	৭৭,৯৮০/	৩,৬২,৯৩২/
চিলকা কুরকচ।	০	০	০	৯৯,০১৯/	০	০	৯৯,০১৯/
একুন।	৩,১১,১৩৯৸২	০	২২/	৯৯,৪৪৬৸০	২,৮৪,৯৫২/	৭৭,৯৮০/	৭,৭৩,৫৪০॥২
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	৭০২৸৭	২৯,৪০২/৫	০	৩০,১০৫/২
একুন।	০	০	০	৭০২৸৭	২৯,৪০২/৫	০	৩০,১০৫/২
মোট একুন।	৩,১১,১৩৯৸২	০	২২/	১,০১,৯৪৬/ ১	১১,৭২,৮৮৬ ।২৸০	৭৭,৯৮০/	১৬,৬৩,৯৭৪/৫০

এচ বি বেলি। একটিং চোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ঢাকা।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ঢাকার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবদ ১৮৫৫ সনের ২১ নবেম্বর মোং ১২৬২ সনের ৬ অগ্রহায়ণ রোজ বুধবার ঐ জেলার কালেক্‌টরি কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৫ ইং সেপ্টেম্বর।

প্রথম শ্রেণী ইস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৪৭৮ নং মহাল হুজুরি তাং রামকিশোর সেন নিং গৌরীশঙ্কর সদর জমা ২২ ।৶৪৮

১৯৪২ নং জিলে দৌলতপুর পং গোবিন্দপুর তাং পঞ্চানন্দ দেব নিং কালীকৃষ্ণ দাস সদর জমা ২৶১॥

R. C. Raikes, *Collector.*

WANTED

For the Office of the Deputy Collector and Deputy Magistrate of Cox's Bazar, the undermentioned Native Omlahs, who possess a knowledge of the Bengali, Hindee and Persian, can write a neat legible hand, and are well acquainted with the ministerial routine of the Fouzdary and Collectory duties, including land measurement and settlement business. Candidates are expected to furnish satisfactory testimonials of their past services and good conduct.

A Peishkar, Salary 12 Rs. per month.
A Mohafez, Do. 8 Rs. Do.
A Mohurir, Do. 7 Rs. Do.

L. Barber, *Deputy Collector with the powers of Deputy Magistrate.*

Zillah Chittagong, Cox's Bazar Subd., the 30th June, 1855.

আবশ্যক।

যে মোকাম কাকস বাজারের ডিপুটী কালেক্‌টরী ও ডিং মাজিষ্ট্রেটী আফিসের নিম্নোক্ত কার্য্যকারকের পদে যে ব্যক্তি বাঙ্গলা ও উর্দ্দু ও পারশ্য ভাষায় সুশিক্ষিত বটে ও তাহা পরিষ্কৃত ও সুপাঠ্যাক্ষরে লিখিতে পারে ও ফৌজদারী ও কালেক্‌টরী সিরিশ্‌তার কর্ম্মের রীতি ও ভূমিপরিমাপক বিদ্যা ও বন্দোবস্ত কর্ম্ম ভালরূপ জ্ঞাত আছে তাহারদিগকে নিযুক্ত করা যায় অতএব কর্ম্মাকাঙ্ক্ষিগণের উচিত যে স্বস্ব কৃত কর্ম্মের ও সৎস্বভাবের সন্তুষ্টজনক দলীলসহ এ কাছারীতে উপস্থিত হয় ইতি ১৮৫৫ ইং ৩০ জুন।

১ পেস্কার মাসিক বেতন ... ... ১২৲
১ মহাফেজ ঐ ... ... ৮৲
১ মোহরের ঐ ... ... ৭৲

এল বারবর ডিপুটী কালেক্‌টর।

এক্সেয়ারে ডিপুটী মাজিষ্ট্রেটী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

বিনীতিপুরঃসর নিবেদনং ইঙ্গরাজী প্রসিদ্ধ পুস্তকহইতে সংগ্রহপূর্ব্বক গৌড়ীয় সাধু ভাষায় বাষ্পীয় কলের পুরাবৃত্ত ও নির্ম্মাণ প্রকার ইত্যাদি এবং রেলওয়ের আদ্যোপান্ত উপাখ্যান ও তাহা যেং স্থানের নিকট দিয়া চলিয়াছে সেইং স্থানের বিবরণ। এবং হাওড়াঅবধি রাণীগঞ্জপর্য্যন্তের মানচিত্র ও হাওড়াপ্রভৃতির ইষ্টেসনের ও রেলওয়ের পুল ও পাঁড়ুয়া ইত্যাদি যে সমস্ত মসজিদ মন্দির অট্টালিকাদি আছে তাহার প্রতিরূপ। হাওড়াঅবধি অপরাপর ইষ্টেসনের দূরাদূরত্ব ও ভাড়া এবং বাষ্পীয় শকটে গমনাগমনের সময় ও ঐ গাড়িতে যে সকল দ্রব্যাদি চলিবেক তাহার প্রকার ও ভাড়ার বিবরণপ্রকাশক বাষ্পীয় কল ও ভারতবর্ষীয় রেলওয়েনামক পুস্তক ন্যূনাধিক ৩০০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে উত্তম কাগজে শ্রীরামপুরের তমোহর যন্ত্রে প্রস্তুত হইয়াছে মহাশয়গণ স্বং গুণগ্রামে গ্রন্থকারের উৎসাহবর্দ্ধন ও পরিশ্রম সাফল্যার্থ গ্রাহকশ্রেণীতে স্বং নাম লিখিয়া চরিতার্থ করুন ইতি।

পুস্তকের মূল্য স্বাক্ষরকারির প্রতি ১॥০ টাকা তদ্ভিন্নের পক্ষে ২৲ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে। গ্রাহক মহাশয়েরা উক্ত যন্ত্রালয়ে পুস্তক প্রাপ্ত হইবেন।

"তমোহর" যন্ত্রাধ্যক্ষের নিবেদন।

[*Government Gazette*, 11*th September*, 1855.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 18, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ১৮ সেপ্টেম্বর।

DRAFTS OF ACTS.

LEGISLATIVE COUNCIL.

THE 1ST SEPTEMBER, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 1st September, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 5th of November next:—

A Bill for making better provision for the care of the persons and property of Minors, Lunatics, and other disqualified persons, in the Presidency of Fort William in Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to make better provision for the care of the persons and property of Minors, Lunatics, and other disqualified persons, not brought under the superintendence of the Court of Wards: It is enacted as follows:—

[Regulations repealed.]

I. Regulation I. 1800; Clause 8 and the six following Clauses of Section XXIX. Regulation VIII. 1805; Section V. Regulation XVII. 1805; and so much of Sections II. and III. Regulation V. 1799, and of Clauses 2 and 3 Section XVI. Regulation III. 1803, as restrict the interference of the Civil Courts in cases of inheritance by Minors or other disqualified proprietors—are repealed. Regulation V. 1827 is declared subject to the modification hereinafter prescribed.

[Persons and property of disqualified proprietors subject to jurisdiction of Civil Court.]

II. Except in the case of proprietors of estates paying revenue to Government, who may be taken under the protection of the Court of Wards, the care of the persons of all Minors, Lunatics, and other persons, not being European British subjects, who may be incapable of managing their af-

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ১ সেপ্টেম্বর।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ১ সেপ্টেম্বর তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। তাঁহারদের আগামি নবেম্বর মাসের ৫ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে নাবালগেরদের ও উন্মাদ ব্যক্তিরদের ও অক্ষম অন্য লোকেরদের ও তাহারদের সম্পত্তির রক্ষণাবেক্ষণের আরো উত্তম বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক নাবালগ ও উন্মাদ ও অক্ষম অন্য যে সকল ব্যক্তি ও তাঁহারদের যে সম্পত্তি কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্বের অধীন করা যায় না তাহারদিগের ও তাহারদের সেই সম্পত্তির রক্ষণাবেক্ষণের আরো উত্তম বিধান করা বিহিত অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ করা যায়।]

১ ধারা। ১৮০০ সালের ১ আইন, ও ১৮০৫ সালের ৮ আইনের ২৯ ধারার ৮ প্রকরণ ও তাহার পর ছয় প্রকরণ, ও ১৮০৫ সালের ১৭ আইনের ৫ ধারা, ও ১৭৯৯ সালের ৫ আইনের ২ ও ৩ ধারার যে অংশেতে ও ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারার ২ ও ৩ প্রকরণের যে অংশেতে নাবালগেরদের ও অক্ষম অন্য২ অধিকারির উত্তরাধিকারিত্ব বিষয়ে দেওয়ানী আদালতের হস্তক্ষেপ করণের ক্ষমতা সঙ্কুচিত হইয়াছে, তাহা রদ করা গেল। ১৮২৭ সালের ৫ আইন নীচের নির্দ্দিষ্টমতে পরিবর্ত্তন হইতে পারিবেক এমত আজ্ঞা করা গেল ইতি।

[অক্ষম অধিকারিরা ও তাহারদের সম্পত্তি দেওয়ানী আদালতের ক্ষমতার অধীন করা গেল।]

২ ধারা। সরকারে মালগুজারদার যে ভূম্যধিকারিদিগকে কোর্ট ওয়ার্ডসের আশ্রয়ে লওয়া যাইতে পারে তাহারা ভিন্ন, ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইয়া, যে সকল নাবালগ ও উন্মাদ ব্যক্তি ও অন্য২ লোক আপনারদের বিষয় ব্যাপার নির্ব্বাহ করিতে অক্ষম হয় তাহারদের রক্ষা করণের ভার, ও তাহারদের সম্পত্তি যে

fairs, and the charge of their property, of whatsoever description it may be and whensoever acquired, shall be subject to the jurisdiction of the Civil Court.

[General Administrator to be appointed.]

III. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, and the Lieutenant-Governor of the North-Western Provinces respectively, to constitute the public Curator appointed under Section XIX. Act No. XIX. of 1841, to be General Administrator; or if no public Curator has been appointed, to appoint a General Administrator for any District or number of Districts; the General Administrator shall give such security as may be prescribed by Government for the faithful discharge of his duties.

[Executors and Administrators must apply for Certificate. Court how to proceed on failure of parties to make application.]

IV. Every person who shall claim a right to have charge of property in trust for a Minor or other disqualified proprietor, or to have the care of the persons of Minors or other disqualified proprietors, under a Will or other Deed, or by reason of nearness of kin, or otherwise, shall apply to the Civil Court for a Certificate, and until he shall have obtained such Certificate, shall be incompetent to institute or defend any suit connected with the estate of which he claims the charge, or to give any legal discharge to the debtors of such estate. Should any such person, having charge of property of value exceeding five hundred Rupees, fail to apply for a Certificate within the period of six months from the date on which he took charge thereof; or, in the case of persons now holding such charge, from the date of this Act coming into force; the Court, upon the application of the General Administrator, or other information, shall summon such person, and if the failure be not satisfactorily accounted for, shall grant a Certificate to the General Administrator, and shall compel the late Executor or Administrator, or other person in charge of the estate, to make over the property in his hands to the General Administrator, and account to that officer for all monies received and disbursed by him.

[If no application be made, General Administrator to apply. Inquiry to be made by Court on application.]

V. Whenever any person shall die, leaving assets of a value exceeding five hundred Rupees, and his legal heir or heirs may be disqualified, by minority, idiotism, or other cause, from taking charge of the estate, if no person shall, within two months after the death of the late proprietor, have applied to the Civil Court for a Certificate, the General Administrator shall make application. When application shall have been made, either by a person interested in the estate, or by the General Administrator, the Court shall inquire

কোন প্রকারের হউক ও যে কোন সময়ে প্রাপ্ত হওয়া যাউক, সেই সম্পত্তির রক্ষণাবেক্ষণের ভার দেওয়ানী আদালতের ক্ষমতার অধীন হইবেক ইতি।

[সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক নিযুক্ত হইবেন।]

৩ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ও উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব আপনং অধীন দেশে ১৮৪১ সালের ১৯ আইনের ১৯ ধারামতের নিযুক্ত সরকারী সম্পত্তিরক্ষককে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের পদে নিযুক্ত করিতে পারিবেন। অথবা যদি কোন সরকারী সম্পত্তিরক্ষক নিযুক্ত না থাকেন, তবে কোন এক কি অনেক জিলার নিমিত্তে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক একং ব্যক্তিকে নিযুক্ত করিবেন। আর তাঁহার কর্ম্ম বিশ্বস্তমতে নির্ব্বাহ করিবার যে জামিন গবর্ণমেণ্ট নিরূপণ করেন তাহা ঐ সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক দিবেন ইতি।

[অছিরা ও সম্পত্তির কার্য্যনির্ব্বাহকেরা সর্টিফিকট প্রার্থনা করিবেন। সর্টিফিকটের প্রার্থনা না হইলে আদালত যেরূপ কার্য্য করিবেন।]

৪ধারা। যে কোন ব্যক্তি উইল কি অন্য দলীলক্রমে কিম্বা অতিনিকট কুটুম্ব হওয়াপ্রযুক্ত কি অন্য কারণে নাবালগের কিম্বা অক্ষম অন্য অধিকারির সম্পত্তি জিম্মায় লইবার, অথবা নাবালগেরদের কিম্বা অন্য অক্ষম অধিকারিরদের রক্ষণাবেক্ষণ করিবার স্বত্বের দাওয়া রাখেন, তিনি সর্টিফিকট পাইবার জন্যে দেওয়ানী আদালতে দরখাস্ত করিবেন। আর সেইরূপ সর্টিফিকট যেপর্য্যন্ত না পান, সেইপর্য্যন্ত তিনি যে সম্পত্তি জিম্মায় লইবার দাওয়া করেন তৎসম্পর্কীয় কোন মোকদ্দমা উপস্থিত করিতে কি কোন মোকদ্দমায় জওয়াব করিতে পারিবেন না, অথবা ঐ ইষ্টেটের খাতকদিগকে আইনসিদ্ধ কোন ফারখৎ দিতে পারিবেন না। সেই প্রকার কোন ব্যক্তির জিম্মায় পাঁচ শত টাকার অধিক মূল্যের সম্পত্তি থাকিলে, তিনি যে তারিখে ঐ সম্পত্তি জিম্মায় লন সেই তারিখঅবধি ছয় মাস মিয়াদের মধ্যে, কিম্বা যাঁহারদের জিম্মায় এইক্ষণে সম্পত্তি আছে তাঁহারা এই আইন চলন হইবার তারিখঅবধি ছয় মাস মিয়াদের মধ্যে, যদি সর্টিফিকট পাইবার দরখাস্ত না করেন, তবে আদালত, সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের দরখাস্তমতে কিম্বা অন্য প্রকারে সম্বাদ পাইলে, সেই ব্যক্তিকে তলব করিবেন, ও যদি সর্টিফিকট পাইবার দরখাস্ত না করিবার সদ্বোধমতের কারণ দর্শান না যায় তবে আদালত ঐ সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে সর্টিফিকট দিবেন, আর পূর্ব্বকার অছিকে কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে কিম্বা অন্য যে ব্যক্তির জিম্মায় ইষ্টেট আছে তাঁহাকে আপনার হস্তগত তাবৎ সম্পত্তি ঐ সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের প্রতি অর্পণ করিতে ও যে সকল টাকা জমা ও খরচ করিয়াছেন তাহার হিসাব তাঁহাকে দিতে আজ্ঞা করিবেন ইতি।

[যদি দরখাস্ত না করা যায় তবে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক দরখাস্ত করিবেন। দরখাস্ত হইলে আদালত যেং বিষয়ের তদারক করিবেন।]

৫ ধারা। যদি কোন ব্যক্তি পাঁচ শত টাকার অধিক মূল্যের সম্পত্তি রাখিয়া মরেন, ও তাঁহার আইনমতের উত্তরাধিকারী কি উত্তরাধিকারিরা নাবালগ কি উন্মাদ হওয়াপ্রযুক্ত কি অন্য কারণে ঐ সম্পত্তির কর্ম্মের ভার গ্রহণ করিতে অক্ষম হয়, তবে মৃত অধিকারির মরণের পর দুই মাসের মধ্যে কোন ব্যক্তি দেওয়ানী আদালতে সর্টিফিকট পাইবার দরখাস্ত না করিলে ঐ সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক দরখাস্ত করিবেন। ইষ্টেটের সম্পর্কযুক্ত কোন ব্যক্তি কিম্বা সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক দরখাস্ত করিলে পর আদালত সরাসরীমতে বৃত্তান্তের তদারক করিবেন। আর মৃত ব্যক্তি উইল করিয়াছেন ও তাঁহার

summarily into the circumstances, and if it shall appear that the deceased has left a Will, and that the Executors named by him are willing to undertake the trust, or if the next of kin or nearest male relative shall claim a right to administer to the estate, and no objection to such claimant, on the score of incompetency, bad character, or other sufficient ground, be preferred and maintained, the Court shall grant Certificate to such Executor or near relative, and the expenses of the General Administrator, if any, shall be paid out of the estate. If no title to a Certificate be established to the satisfaction of the Court by a person claiming under a Will, or by reason of nearness of kin, the Court shall grant a Certificate to the General Administrator.

[Application for Certificate to be made in case of lunacy or idiotism. Court how to proceed on application.]

VI. Whenever any person in possession, or entitled to the possession of property of value exceeding five hundred Rupees, shall be incapable of managing it, by reason of lunacy, idiotism, or other disqualifying natural infirmity, if no application shall have been made to the Court by the next of kin or nearest male relative, the General Administrator shall apply for Certificate. When application shall have been made by any of the aforesaid persons, the Court shall proceed to institute the inquiry prescribed in the next following Section, and if the alleged disqualification shall be established, shall grant Certificate either to the next of kin or nearest male relative, if claim be advanced on the part of such person and no sufficient objection be preferred and maintained; or if such claim be not advanced, or being advanced, be disallowed by the Court—to the General Administrator.

[Inquiry in case of lunacy, &c., to be made with aid of a jury.]

VII. When any person shall be alleged to be disqualified on the ground of lunacy or idiotism, or, in the case of a supposed Minor, if the fact of minority be disputed, the Court shall make inquiry for the purpose of ascertaining the existence of the alleged disqualification, and such inquiry shall be made with the aid of a jury of four respectable inhabitants of the District.

[Decision of the Court.]

VIII. If the jury be unanimous, or if a majority concur in their finding, the finding of the jury shall be the decision of the Court. If the jury are equally divided, the Judge shall declare his own opinion, and the opinion of the Judge shall rule the decision. The decision of the Court under this Section shall be final and not open to appeal, unless the ground of appeal be a question of law.

[Lunatics to be produced annually before the Civil Court.]

IX. *First.*—Persons not born in a state of

মনোনীত অছিরা কর্ম্মের ভার গ্রহণ করিতে সম্মত আছেন ইহা যদি দৃষ্ট হয়, অথবা যদি অতিনিকট কুটুম্ব কি আত্মীয় পুরুষ ব্যক্তি ঐ ইষ্টেটের কার্য্য নির্ব্বাহ করিবার স্বত্বের দাওয়া করেন, ও অক্ষমতা কি অসদাচারপ্রযুক্ত কিম্বা প্রচুর অন্য কারণে ঐ দাওয়াদারের বিষয়ে কোন আপত্তি উপস্থিত না করা যায়, ও সেই আপত্তির পোষকতা না হয় তবে আদালত ঐ অছিকে কি নিকট কুটুম্বকে সর্টিফিকট দিবেন, ও যদি সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের কিছু খরচ হইয়া থাকে তবে তাহা সম্পত্তিহইতে দেওয়া যাইবেক। যদি উইলক্রমে কিম্বা নিকট কুটুম্ব হওয়াপ্রযুক্ত দাওয়াদার ব্যক্তির সর্টিফিকট পাইবার কোন স্বত্ব আদালতের সন্তোষমতে স্থাপন না হয়, তবে আদালত সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে সর্টিফিকট দিবেন ইতি।

[উন্মাদ কি বাতুল হইলে সর্টিফিকটের জন্যে দরখাস্ত দিতে হইবেক। দরখাস্ত হইলে আদালত যেরূপে কার্য্য করিবেন।]

৬ ধারা। পাঁচ শত টাকার অধিক মূল্যের সম্পত্তিপ্রাপ্ত কিম্বা প্রাপ্ত হইবার স্বত্ববান কোন ব্যক্তি, উন্মাদ কি বাতুল হওনপ্রযুক্ত, কিম্বা যাহাতে অক্ষমতা জন্মে এমত স্বাভাবিক অন্য দুর্ব্বলতাপ্রযুক্ত, তৎসম্পর্কীয় কার্য্য করিতে অপারক হইলে, যদি অতিনিকট কুটুম্ব কি আত্মীয় পুরুষ আদালতে দরখাস্ত না করিয়া থাকেন তবে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক সর্টিফিকট পাইবার দরখাস্ত করিবেন। যদি পূর্ব্বোক্ত কোন ব্যক্তি দরখাস্ত করিয়া থাকেন, তবে আদালত নীচের লিখিত ৭ ধারার নির্দ্দিষ্ট কথার তদারক করিতে প্রবর্ত্ত হইবেন। আর যদি কথিত অক্ষমতা সাব্যস্ত হয় তবে অতিনিকট কুটুম্ব কি আত্মীয় পুরুষের পক্ষে দাওয়া হইলে ও প্রচুর কোন আপত্তি উপস্থিত না করা গেলে ও তাহার পোষকতা না হইলে, আদালত তাঁহাকে সর্টিফিকট দিবেন, অথবা যদি সেইরূপ দাওয়া না করা যায় কিম্বা করা গেলেও আদালতকর্ত্তৃক অগ্রাহ্য হয়, তবে আদালত সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে সর্টিফিককট দিবেন ইতি।

[উন্মত্ততাপ্রভৃতির তদারক জুরির সাহায্যে করা যাইবেক।]

৭ ধারা। যদি কোন ব্যক্তি বাতুল কি উন্মাদ হওয়াপ্রযুক্ত অক্ষম আছে কথিত হয়, অথবা যাহাকে নাবালগ জান করা যায় এমত ব্যক্তির নাবালগতার বিষয়ে যদি বিবাদ হয়, তবে কথিত অক্ষমতা আছে কি না ইহা নিশ্চয় করিবার অভিপ্রায়ে আদালত তদারক করিবেন, ও সেই তদারকের কার্য্য জিলানিবাসি সম্ভ্রান্ত চারি জন জুরির সাহায্যে করা যাইবেক ইতি।

[আদালতের নিষ্পত্তি।

৮ ধারা। জুরি ব্যক্তিরদের যদি একি মত হয়, কিম্বা যদি অধিকাংশের মতের ঐক্য হয়, তবে জুরিরদের বিচার আদালতের নিষ্পত্তি হইবেক। যদি জুরিরদের দুই জনের একমত ও অন্য দুই জনের ভিন্ন মত হয় তবে জজ সাহেব আপনার মত জানাইবেন ও জজ সাহেবের মতানুসারে নিষ্পত্তি হইবেক। এই ধারাক্রমে আদালতের যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত হইবেক ও তাহার উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু যদি আপীলের হেতু আইনঘটিত বিষয় হয় তবে আপীল হইতে পারিবেক ইতি।

[উন্মাদ ব্যক্তিরদিগকে বৎসরে২ দেওয়ানী আদালতে আনিতে হইবেক।]

৯ ধারা।—১ প্রকরণ। যে ব্যক্তিরা বাতুল হইয়া জন্মে

idiotism, but who may have been declared by the Civil Court disqualified as Lunatics, shall (unless confined in a public Lunatic Asylum,) be produced annually before the Judge, or oftener if he shall think fit; and if in any case, after hearing anything that may be urged by the person in charge of the estate, the Judge shall be of opinion that the cause of disqualification is removed, he shall cancel the Certificate, and cause the estate to be delivered over to the proprietor.

[Disqualified person, or any one on his behalf, may petition the Court.]

Second.—Any person who may have been adjudged disqualified, and who may deem the ground of his disqualification removed, or any relative or friend on his behalf, may represent the circumstances by petition to the Civil Court; the Court shall thereupon inquire into the case, and pass such orders, with respect to the charge of the estate, as it may think proper.

[General Administrator may refrain from applying for Certificate, but Court may require him to administer.]

X. The General Administrator may refrain, at his discretion, from applying for a Certificate, when he may deem such a measure unnecessary or inexpedient. But it shall be competent to the Court, in all cases in which sufficient cause may be shown, to issue a Certificate to the General Administrator, and to require him, by precept, to proceed thereupon in like manner as if he had applied for a Certificate.

[Notice of grant of Certificates to be published.]

XI. Notice of every Certificate granted by the Civil Court to any Executor, Administrator, or Guardian, or to the General Administrator, shall be published in the *Calcutta* or *Agra Gazette*, as the case may be, and in the *Vernacular Gazette*; and the expense of publication shall be charged to the estate.

[When Certificate is granted to General Administrator, Guardian to be appointed.]

XII. Whenever the Judge of a Civil Court shall grant a Certificate to the General Administrator, he shall, at the same time, appoint a Guardian to take charge of the person and maintenance of the disqualified proprietor. In making such appointment, the Judge may, at his discretion, call upon the General Administrator to nominate a fit person for the office, or may make the selection himself. If the person selected be unwilling to discharge the trust gratuitously, the Judge may fix such an allowance for the Guardian as, under the circumstances of the case, he may think suitable.

[When the estate consists of landed property, Certificate may be granted to Collector, who shall appoint a Guardian.]

XIII. Whenever the estate to be administer-

নাই, কিন্তু উন্মাদ বলিয়া দেওয়ানী আদালতকর্ত্তৃক অক্ষম প্রকাশ করা গিয়াছে, তাহারা যদি সাধারণ পাগলা গারদে কয়েদ না হয়, তবে তাহারদিগকে বৎসরে২ একবার কিম্বা জজ সাহেব উপযুক্ত বোধ করিলে অধিকবার তাঁহার সম্মুখে আনা যাইবেক। আর যদি কোন গতিকে, যে ব্যক্তির জিম্মায় সম্পত্তি থাকে তাঁহার প্রকাশিত কোন বাক্য শুনিলে পর জজ সাহেব বোধ করেন যে অক্ষমতার কারণ রহিত হইয়াছে তবে তিনি ঐ সর্টিফিকট বাতিল করিবেন এবং সম্পত্তি অধিকারির প্রতি সমর্পণ করাইবেন।

[অক্ষম ব্যক্তি কিম্বা তাহার পক্ষে কোন লোক আদালতে দরখাস্ত করিতে পারিবেন।]

২ প্রকরণ।—যে কোন ব্যক্তি অক্ষম এমত বিচার হইয়াছে সেই ব্যক্তি আপনার অক্ষমতার হেতু রহিত হইয়াছে জ্ঞান করিলে, তিনি কি তাহার পক্ষে কোন কুটুম্ব কি বন্ধু দেওয়ানী আদালতে দরখাস্ত করিয়া সেই বৃত্তান্ত জানাইতে পারিবেন। তাহা করিলে আদালত সে বিষয়ের তদারক করিবেন ও সম্পত্তির কর্ম্মের ভারের বিষয়ে যে হুকুম উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

[সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক সর্টিফিকট পাইবার দরখাস্ত করিতে নিবৃত্ত হইতে পারেন কিন্তু আদালত তাঁহাকে কার্য্য নির্ব্বাহ করিতে আজ্ঞা করিতে পারেন।]

১০ ধারা। সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক যখন বোধ করেন যে সর্টিফিকট পাইবার দরখাস্ত করা অনাবশ্যক কি বিহিত নহে, তখন তিনি আপন বিবেচনামতে সেইরূপ দরখাস্ত করিতে নিবৃত্ত হইতে পারেন। কিন্তু যে২ স্থলে উপযুক্ত কারণ দর্শান যায় সেই২ স্থলে আদালত সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে সর্টিফিকট দিতে পারিবেন, এবং সর্টিফিকট পাইবার দরখাস্ত করিলে তদনুসারে যেরূপ করিতেন সেইরূপ কার্য্য করিতে তাঁহাকে পরওয়ানা দিয়া আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[সর্টিফিকট দেওয়া যাইবার এত্তেলা প্রকাশ করিতে হইবেক।]

১১ ধারা। দেওয়ানী আদালত কোন অস্থিরে কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে কি রক্ষককে কি সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে যে প্রত্যেক সর্টিফিকট দেন তাহার সম্বাদ স্থান বুঝিয়া কলিকাতা কি আগ্রা গেজেটে এবং দেশীয় ভাষার গেজেটে প্রকাশ করা যাইবেক ও তাহা প্রকাশ করিবার খরচ ইস্টেটের নামে লেখা যাইবেক ইতি।

[সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে সর্টিফিকট দেওয়া গেলে রক্ষক নিযুক্ত হইবেন।]

১২ ধারা। যখন দেওয়ানী আদালতের জজ সাহেব সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে সর্টিফিকট দেন তখন তিনি অক্ষম অধিকারির রক্ষণাবেক্ষণ ও প্রতিপালনের নিমিত্তে এক জন রক্ষককে নিযুক্ত করিবেন। এমত ব্যক্তিকে নিযুক্ত করিতে গেলে, জজ সাহেব আপনার বিবেচনামতে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে এ কর্ম্মের উপযুক্ত ব্যক্তিকে দেখাইয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন, অথবা আপনি তাঁহাকে মনোনীত করিতে পারিবেন। সেই মনোনীত ব্যক্তি যদি ঐ কর্ম্ম বিনাবেতনে নির্ব্বাহ করিতে না চাহেন, তবে জজ সাহেব বিষয় বুঝিয়া যত উপযুক্ত বোধ করেন রক্ষকের তত বেতন নির্দ্ধার্য্য করিতে পারিবেন ইতি।

[যখন ঐ সম্পত্তি ভূমি হয় তখন সর্টিফিকট কালেক্টর সাহেবকে দেওয়া যাইবেক ও তিনি রক্ষককে নিযুক্ত করিবেন।]

১৩ ধারা। যে সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিতে হয়

ed to shall consist, in whole or in part, of landed property, the Judge may, at his discretion, grant a Certificate to the Collector on his application, instead of to the General Administrator; and the Collector, on obtaining such Certificate, shall, with the sanction of the Civil Court, appoint a Guardian to take care of the person of the disqualified proprietor.

[When an estate, some of the co-proprietors of which are still Minors, ceases to be subject to the Court of Wards, Civil Court may direct Collector to retain charge of shares and persons of Minors. Provision for case of estates situated in more than one District. Proceedings of Collector subject to control of superior Revenue Authorities.]

XIV. Whenever one or more of the proprietors of an estate, which has come under the jurisdiction of the Court of Wards on account of the disqualification of all the proprietors, ceases to be disqualified, and the estate, in consequence, ceases to be subject to the jurisdiction of the Court of Wards, notwithstanding the continued disqualification of one or more of the co-proprietors, the Collector of the District in which the estate is situated, shall represent the fact to the Civil Court; and the Judge of the Court, unless he see sufficient reason to the contrary, shall direct the Collector to retain charge of the persons, and of the share or shares of the property of the still disqualified proprietors, during the continuance of their disqualification, or until such time as it shall be otherwise ordered by the Court. The Collector shall, in such case, appoint a Guardian for the care of the disqualified proprietors, in the manner prescribed in the preceding Section. If the estate be situated in more than one District, the representation to the Civil Court shall be made by the Collector who had the general management of the estate under the Court of Wards, and the orders of the Court of that District shall regulate the course to be followed by the Courts of other Districts, in which portions of the property may be situated. The proceedings of the Collector in the charge of estates under this and the last preceding Sections, shall be subject to the control of the superior Revenue Authorities, in the same manner as are his proceedings in the case of landed property attached by order of the Civil Court.

[Judge may order General Administrator to take charge of certain property. Proviso.]

XV. Whenever the Judge may deem it proper to provide for the administration and management of landed property, under the provisions of Section V. Regulation V. 1799 and Clause 5 Section XVI. Regulation III. 1803, it shall be lawful for him to direct the General Administrator to take charge of such property, anything contained in Regulation V. 1827 notwithstanding. Provided that, if the Collector shall make application to be placed in charge of the property, or

[*Government Gazette*, 18*th September*, 1855.]

তাহা যদি সমুদয় কিম্বা তাহার একাংশ ভূমি সম্পত্তি হয়, তবে কালেক্টর সাহেব দরখাস্ত করিলে জজ সাহেব আপনার বিবেচনামতে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে সর্টিফিকট না দিয়া কালেক্টর সাহেবকে দিতে পারিবেন। ও কালেক্টর সাহেব ঐ সর্টিফিকট পাইলে দেওয়ানী আদালতের অনুমতি লইয়া অক্ষম অধিকারির রক্ষণাবেক্ষণের জন্যে রক্ষককে নিযুক্ত করিবেন ইতি।

[সম্পত্তির সহঅধিকারি কএক জন নাবালগ হওয়াতে সেই সম্পত্তি কোর্ট ওয়ার্ডসের অধীন আর না থাকিলে, দেওয়ানী আদালত কালেক্টর সাহেবকে নাবালগেরদের ও তাহারদের অংশের ভার রাখিতে আজ্ঞা করিতে পারিবেন। যে স্থলে সম্পত্তি একের অধিক জিলাতে থাকে তাহার বিধি। কালেক্টর সাহেবের কার্য্য রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের তত্ত্বাধীন হইবেক।]

১৪ ধারা। সকল অধিকারির অক্ষমতাপযুক্ত যে সম্পত্তি কোর্ট ওয়ার্ডসের ক্ষমতার অধীন হইয়াছিল এমত সম্পত্তির এক কি ততোধিক অধিকারির অক্ষমতা যদি রহিত হয়, ও তৎপ্রযুক্ত সহঅধিকারি এক কি ততোধিক ব্যক্তির অক্ষমতা থাকিলেও ইষ্টেট কোর্ট ওয়ার্ডসের অধীন আর না থাকে, তবে যে জিলার মধ্যে সম্পত্তি থাকে সেই জিলার কালেক্টর সাহেব ঐ কথা দেওয়ানী আদালতে জানাইবেন। এবং আদালতের জজ সাহেব যদি বিপরীত প্রচুর কারণ না জানেন তবে কালেক্টর সাহেবকে এই আজ্ঞা করিবেন যে, ঐ অধিকারিরদের মধ্যে যাঁহারা তৎকালে অক্ষম থাকেন তাঁহারদের অক্ষমতা যত কাল থাকে তত কাল কিম্বা যাবৎ আদালতহইতে অন্য রূপ হুকুম না হয় তাবৎ ঐ অক্ষম অধিকারিরদের ও তাহারদের সম্পত্তির অংশের ভার রাখেন। এমত স্থলে কালেক্টর সাহেব ১৩ ধারার নির্দ্দিষ্টমতে অক্ষম অধিকারিরদের রক্ষণাবেক্ষণের জন্যে রক্ষককে নিযুক্ত করিবেন। ঐ সম্পত্তি যদি একের অধিক জিলার মধ্যে থাকে তবে ঐ সম্পত্তির সাধারণ তত্ত্বাবধারণের কার্য্য কোর্ট ওয়ার্ডসের অধীন যে কালেক্টর সাহেবের দ্বারা নির্ব্বাহ হইত তিনি পূর্ব্বোক্ত কথা দেওয়ানী আদালতে জ্ঞাত করিবেন এবং ঐ জিলার আদালতের যেরূপ হুকুম হয় ঐ সম্পত্তির অংশ অন্য যে২ জিলার মধ্যে থাকে সেই২ জিলার আদালতসকল সেইরূপ নিয়মমতে কার্য্য করিবেন। এই ধারা ও ১৩ ধারাক্রমে যে কালেক্টর সাহেবের জিম্মায় সম্পত্তি থাকে তাঁহার কার্য্য, দেওয়ানী আদালতের হুকুমক্রমে ক্রোকেরা ভূমি সম্পত্তির বিষয়ে যেরূপ হয় সেইরূপে, রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের তত্ত্বাধীন হইবেক ইতি।

[জজ সাহেব সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে বিশেষ কোন সম্পত্তির কর্ম্মের ভার গ্রহণ করিতে আজ্ঞা করিতে পারিবেন। বর্জ্জিত বিধি।]

১৫ ধারা। যখন জজ সাহেব ১৭৯৯ সালের ৫ আইনের ৫ ধারা ও ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারার ৫ প্রকরণের বিধানমতে কোন ভূমি সম্পত্তির কার্য্য নির্ব্বাহের ও তত্ত্বাবধারণের নিয়ম করা উচিত বোধ করেন তখন তিনি সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে ঐ সম্পত্তির কর্ম্মের ভার গ্রহণ করিতে আজ্ঞা করিতে পারিবেন। ১৮২৭ সালের ৫ আইনেতে ইহার বিপরীত বিধি থাকিলেও পারিবেন। পরন্তু যদি কালেক্টর সাহেব ঐ সম্পত্তির ভার পাইবার বিষয়ে দরখাস্ত করেন, অথবা যদি জজ সাহেব কোন কারণে তাঁহার তত্ত্বাবধারণে রাখিতে

the Judge shall, for any reason, think proper to place it under his management, the Judge may, at his discretion, issue a precept to the Collector, and the Collector shall proceed thereupon, in accordance with the provisions of Section III. of the last mentioned Regulation.

[Inventory of property to be submitted. Annual accounts of executions and administrations to be furnished, and audited by General Administrator.]

XVI. Every Executor and Administrator appointed under this Act, except the Collector, shall, within six months from the date of the Certificate, exhibit and deliver, in open Court, an inventory of the landed property, and of all such sums of money, goods, effects, and things, as he shall have received on account of the estate, together with a statement of all debts due by or to the same. And every Executor and Administrator, other than the Collector and the General Administrator, shall furnish annually, within three months from the close of the era current in the District, an account of the property in his charge, exhibiting the amounts received and disbursed on account of the estate, and the balance in hand. If the account of any estate shall not be furnished within the period above prescribed, the General Administrator shall report to the Court, and the Court shall issue an order to the defaulter for delivery of the account within a certain specified time. The General Administrator shall audit the accounts submitted by Executors and Administrators, and shall receive a commission of one per centum on the sum credited therein. If he finds the accounts to be correct, he shall file them in Court within one month from the date of receiving them, and they shall be open to the inspection of any person who may desire to see them. If he shall see reason to question the accuracy of any accounts, he shall submit them to the Court, with a statement of his objections thereto; and the Court shall inquire summarily into the matter, and pass such orders as it may think proper.

[Accounts of General Administrator to be published, and Auditors appointed to examine them.]

XVII. The General Administrator shall keep separate accounts of each estate, and in every year, on such date as the Court may direct, shall exhibit and deliver in open Court a true Schedule, showing the gross amount of all sums of money received or paid by him on account of each estate in his charge, and the balances remaining in his hands on the day next before the day of delivering such schedule. An abstract of the schedule shall be published in the *Calcutta* or *Agra Gazette* as the case may be, and in the *Vernacular Gazette*. The Civil Court shall, from time to time, with the sanction of the Local Government, appoint an Auditor or Auditors to examine the accounts of the General Administrator, and report to the Court whether they contain a full and true account

উচিত বোধ করেন, তবে জজ সাহেব আপনার বিবেচনামতে কালেক্টর সাহেবের নামে পরওয়ানা জারী করিতে পারিবেন, এবং কালেক্টর সাহেব তাহা পাইলে শেষোক্ত আইনের ৩ ধারার বিধানানুসারে কার্য্য করিবেন ইতি।

[সম্পত্তির তালিকা অর্পণ করিতে হইবেক। অছিরদের ও সম্পত্তির কার্য্যনির্ব্বাহকেরদের বার্ষিক হিসাব দাখিল করিতে হইবেক ও সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক তাহা আডিট করিবেন।]

১৬ ধারা। কলেক্টর সাহেবভিন্ন এই আইনানুসারে যে প্রত্যেক অছিকে ও কার্য্যনির্ব্বাহককে নিযুক্ত করা যায় তিনি সম্পত্তির বাবৎ যে সকল ভূমি ও যে সকল টাকা ও মাল ও দ্রব্য ও সামগ্রী প্রাপ্ত হইয়াছেন তাহার এক তালিকা, ও ঐ সম্পত্তির দেনা ও পাওনা সকল টাকার এক কৈফিয়ৎ, সর্টিফিকটের তারিখের পর ছয় মাসের মধ্যে খোলা কাছারীতে দেখাইবেন ও দাখিল করিবেন। আর কালেক্টর সাহেব ও সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক ভিন্ন প্রত্যেক অছি ও সম্পত্তির কার্য্যনির্ব্বাহক আপনার হস্তে অর্পিত সম্পত্তির হিসাব বৎসরের মধ্যে একবার, অর্থাৎ জিলাতে যে সন চলন আছে সেই সন গত হইলে পর তিন মাসের মধ্যে, দাখিল করিবেন। তাহাতে ইস্টেটের বাবৎ যত টাকা পাইয়াছেন ও যত খরচ করিয়াছেন ও হাতে যত থাকে তাহা দেখাইতে হইবেক। যদি কোন ইস্টেটের হিসাব পূর্ব্বোক্ত কালের মধ্যে দাখিল না করা যায়, তবে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক ঐ কথার রিপোর্ট আদালতে করিবেন, এবং আদালত নিরূপিত বিশেষ কালের মধ্যে হিসাব দাখিল করিবার হুকুম ঐ ত্রুটিকারির নামে জারী করিবেন। অছিরা ও সম্পত্তির কার্য্যনির্ব্বাহকেরা যে সকল হিসাব দাখিল করেন তাহা সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক আডিট করিবেন, এবং তাহাতে যে সকল টাকা জমা লেখা গিয়াছে তাহার উপর শতকরা এক টাকা কমিস্যন গ্রহণ করিবেন। যদি হিসাব ঠিক দেখেন তবে তাহা পাইবার তারিখের পর এক মাসের মধ্যে তিনি ঐ হিসাব আদালতে দাখিল করিবেন এবং যে কেহ তাহা দেখিতে চাহেন তিনি তাহা অবাধিতরূপে দেখিতে পাইবেন। যদি সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কোন হিসাব ঠিক হইবার সন্দেহের কারণ দেখেন তবে তিনি ঐ হিসাব আদালতে দাখিল করিবেন ও তদ্বিষয়ে আপনার আপত্তিও লিখিয়া জানাইবেন, এবং আদালত সেই বিষয়ের সরাসরীমতে তদারক করিয়া যে হুকুম উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

[সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের হিসাব প্রকাশ করা যাইবেক ও তাহার পরীক্ষা করিবার জন্যে আডিটরেরা নিযুক্ত হইবেন।]

১৭ ধারা। সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক একং ইস্টেটের পৃথক্ হিসাব রাখিবেন, ও প্রতিবৎসর আদালত যে তারিখের আজ্ঞা করেন সেই তারিখে যথার্থ এক তফসীল খোলা কাছারীতে দেখাইবেন ও দাখিল করিবেন, তাহাতে তিনি যে প্রত্যেক ইস্টেটের ভার পাইয়াছেন তাহার বাবৎ যে সকল টাকা পাইয়াছেন কি দিয়াছেন তাহার মোট, ও তফসীল দাখিল করিবার দিবসের পূর্ব্ব দিবসে তাঁহার হাতে যত টাকা থাকে তাহা দেখান যাইবেক। ঐ তফসীলের খোলাসা স্থান বুঝিয়া কলিকাতা কি আগ্রা গেজেটে এবং দেশীয় ভাষার গেজেটে প্রকাশ করা যাইবেক। সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের হিসাব পরীক্ষা করিবার জন্যে, ও তাহার মধ্যে যে সকল কথা লেখা উচিত সেই সকল কথার সম্পূর্ণ ও যথার্থ বিবরণ আছে কি না, এবং সম্পত্তির উৎপন্ন টাকা উপযুক্তমতে ন্যস্ত হইয়াছে কি না, এই২ বিষয়ের রিপোর্ট আদালতে করিবার জন্যে, দেওয়ানী আদালত

of every thing which ought to be inserted therein, and whether the assets are duly invested. If the Auditor or Auditors shall see reason to question the accuracy of the accounts, he or they shall report accordingly to the Court, specifying the substance of his or their objections thereto, and the Court shall proceed thereupon as prescribed in the last preceding Section. Provided, however, that nothing contained in this and the last preceding Sections shall preclude any interested party from suing for an account, either by petition as hereinafter provided, or by regular suit, against the General Administrator, or against any Executor, Administrator, or Guardian, or against his or their personal representatives.

[General Administrator to pay proceeds of estates into Treasury. Surplus funds to be invested in public Securities.]

XVIII. All sums received by the General Administrator on account of any estate, in excess of what may be required for the current expenses of the disqualified proprietor, or of the estate, shall be paid into the public Treasury on account of the estate, and may be invested from time to time in the public Securities. In like manner, if it shall appear, on the audit of the accounts or at any other time, that there is a considerable balance in the hands of any Executor or Administrator, other than the General Administrator, it shall be competent to the Court to direct the same to be invested in the public Securities.

[Any party interested may petition the Court for an account.]

XIX. It shall be lawful for any agent, relative, or near friend of any disqualified person as aforesaid, or for any public officer, with the sanction of the Civil Court, at any time during the term of such person's disqualification, to petition the Judge of the Court within whose jurisdiction the land or other property, or the greater part thereof, may be situate, for an account from any Executor, Administrator, or Guardian appointed under this Act, or from any such person after his removal from office or trust, or from his personal representative in case of his death, in respect of all or any of the estates then or formerly under his care or management, or of any sums of money or other property received by him on account of such estates.

[Mode of procedure.]

XX. On receipt of the petition, the Judge shall summon the opposite party, and inquire into the case in a summary manner, according to the rules of procedure prescribed for the Court of Small Causes by Act No. of 1855, so far as the same may be applicable.

[Order to be executed as a decree of Court. To be open to summary appeal, and not liable to alteration in regular suit.]

XXI. Having concluded the inquiry, the Judge shall pass such orders as he may think just and

স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া সময়ে২ এক কি অধিক জন আডিটরকে নিযুক্ত করিবেন। যদি সেই এক কি অনেক আডিটর হিসাবের যথার্থতার বিষয়ে সন্দেহ করিবার কারণ দেখেন, তবে তিনি কি তাঁহারা ঐ হিসাবে আপনার কি আপনারদের আপত্তির মর্ম্ম লিখিয়া তদনুসারে আদালতে রিপোর্ট করিবেন, এবং আদালত তাহা পাইলে ১৬ ধারার নির্দ্দিষ্টমতে কার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন। পরন্তু সম্পর্কযুক্ত কোন ব্যক্তি এই আইনের মধ্যে পরে যেরূপ নির্দ্দিষ্ট হইয়াছে সেইরূপে দরখাস্ত করিয়া, কিম্বা সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের নামে কিম্বা কোন অছির কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের কি রক্ষকের নামে কিম্বা তাঁহার কি তাঁহারদের স্থলাভিষিক্তেরদের নামে জাবেতামত মোকদ্দমা করিয়া, হিসাব পাইবার জন্যে নালিশ করিতে পারিবার বাধা এই ধারার ও উক্ত ১৬ ধারার কোন কথাতে হইবেক না ইতি।

[সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক ইষ্টেটের উৎপন্ন টাকা খাজানাখানায় দাখিল করিবেন। ফাজিল টাকা লইয়া কোম্পানির কাগজ ক্রয় করা যাইবেক।

১৮ ধারা। অক্ষম অধিকারির কিম্বা ইষ্টেটের চলিত খরচের নিমিত্তে যত টাকার প্রয়োজন হয় তাহার অধিক যে সকল টাকা সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কোন ইষ্টেটের বাবৎ প্রাপ্ত হন, তাহা ইষ্টেটের নিমিত্তে সরকারী খাজানাখানায় দাখিল করা যাইবেক, ও তাহা লইয়া সময়ে২ কোম্পানির কাগজ ক্রয় করা যাইবেক। সেইরূপেও যদি হিসাবের আডিট করিবার সময়ে কিম্বা অন্য কোন সময়ে দৃষ্ট হয় যে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক ভিন্ন কোন অছির কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের হাতে অনেক টাকা আছে তবে আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে সেই টাকা লইয়া কোম্পানির কাগজ ক্রয় করা যায় ইতি।

[সম্পর্কযুক্ত কোন ব্যক্তি হিসাব পাইবার জন্যে আদালতে দরখাস্ত করিতে পারিবেন।

১৯ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের কোন অক্ষম ব্যক্তির কোন মোক্তার কি কুটুম্ব কি নিকট বন্ধু কিম্বা সরকারী কোন কার্য্যকারক, ঐ ব্যক্তির অক্ষম হইয়া থাকিবার কোন কালে, দেওয়ানী আদালতের অনুমতি লইয়া, ঐ ভূমি কিম্বা অন্য সম্পত্তি কি তাহার অধিকাংশ যে আদালতের এলাকার মধ্যে থাকে সেই আদালতের জজ সাহেবের নিকটে এই দরখাস্ত করিতে পারিবেন যে, এই আইনানুসারে নিযুক্ত কোন অছি কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কিম্বা রক্ষকের অধীনে কি তত্ত্বাবধারণে যে সকল কি কোন সম্পত্তি তৎকালে কি তাহার পূর্ব্বে ছিল তাহার, অথবা ঐ২ ইষ্টেটের বাবৎ যে সকল টাকা কি অন্য বিষয় প্রাপ্ত হইয়াছেন তাহার হিসাব, ঐ অছি কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কি রক্ষকের স্থানে, কিম্বা তাঁহার পদ কি কর্ম্মের ভারহইতে অবসর হওনের পর সেইরূপ কোন ব্যক্তির স্থানে, কিম্বা মরিলে তাঁহার স্থলাভিষিক্তের স্থানে, তলব করা যায় ইতি।

[যেরূপে কার্য্য করিতে হইবেক।]

২০ ধারা। সেই প্রকার দরখাস্ত পাইলে পর জজ সাহেব বিপক্ষ পক্ষকে তলব করিয়া ১৮৫৫সালের অমুক আইনানুসারে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে কার্য্য করিবার যে বিধি নির্দ্দিষ্ট হয় সেই বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত তদনুসারে ঐ বিষয়ের সরাসরী তদারক করিবেন ইতি।

[হুকুম আদালতের ডিক্রীমতে জারী হইতে পারিবেক। তাহার উপর সরাসরী আপীল হইতে পারিবেক ও নয়রী মোকদ্দমায় তাহার পরিবর্ত্তন হইতে পারিবেক না।]

২১ ধারা। তদারক সমাপ্ত হইলে পর জজ সাহেব

proper, and may enforce the same under the general rules in force for the execution of decrees. Every order passed under this Section shall be open to a summary appeal; but if not appealed from within the term limited for such appeals, the original order, or if appeal be preferred, the order passed in appeal, shall be final, and not open to revision or alteration in a regular suit.

[Continuance of suit after disqualification shall have ceased.]

XXII. If the disqualification of a person, for whose benefit a suit shall have been instituted under this Act, cease before the final decision thereof, it shall be lawful for any such person to continue the prosecution of such suit on his own behalf.

[Penalty for neglect or refusal to deliver accounts or property.]

XXIII. The Civil Court may impose a fine, not exceeding five hundred Rupees, on any Executor or Administrator, except the Collector, who may wilfully neglect or refuse to deliver his accounts, or any property in his hands, within the prescribed time, or a time fixed by the Court, and may realize such fine by attachment and sale of his property under the rules in force for the execution of decrees of Court, and may also commit the recusant to close custody until he shall consent to deliver such accounts or property.

[Civil Court may remove Executors, &c.]

XXIV. The Civil Court, upon proof of incompetency, delinquency, or other sufficient cause established, may remove any Executor, Administrator, or Guardian, not being the Collector of the District or the General Administrator, and may appoint the General Administrator or another person in his room; and may compel the person removed to make over the property in his hands to his successor, and to account to such successor for all monies received and disbursed by him.

[Removal of General Administrator.]

XXV. No General Administrator shall be removed from office otherwise than by order of Government. If the Judge of any District shall be of opinion that a charge has been established against a General Administrator, which requires his removal from office, he shall report his proceedings to the Sudder Court, and the Sudder Court, if it concur with the Judge, shall refer the case for the orders of Government.

[Civil Court may permit resignation of Executors, &c.: resignation of General Administrator to be reported to Government.]

XXVI. The Civil Court may permit any Ex-

যেরূপ যথার্থ ও উপযুক্ত বোধ করেন সেইরূপ হুকুম করিবেন, এবং ডিক্রী জারী করিবার বিষয়ে যে সাধারণ বিধি চলন আছে সেই বিধির অনুসারে ঐ হুকুম বলবৎ করিতে পারিবেন। এই ধারাক্রমে যে সকল হুকুম হয় তাহার উপর সরাসরী আপীল হইতে পারিবেক। কিন্তু ঐ প্রকার আপীল করিবার মিয়াদের মধ্যে যদি তাহার উপর আপীল না হয় তবে আসল হুকুম, অথবা যদি আপীল হয় তবে আপীলক্রমে যে হুকুম হয় তাহা, চূড়ান্ত হইবেক ও নম্বরী মোকদ্দমাতে তাহার সংশোধন কি পরিবর্ত্তন হইতে পারিবেক না ইতি।

[অক্ষমতা রহিত হইলে পর মোকদ্দমা চলন।]

২২ ধারা। যে ব্যক্তির উপকারার্থে এই আইনানুসারে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার অক্ষমতা যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হইবার পূর্ব্বে রহিত হয়, তবে সেই ব্যক্তি আপনার নিমিত্তে ঐ মোকদ্দমার তদবীর করিতে পারিবেন ইতি।

[হিসাব কিম্বা সম্পত্তি অর্পণ করিবার শৈথিল্য কি অস্বীকার করণের দণ্ড।]

২৩ ধারা। কালেক্টর সাহেবছাড়া যে কোন অছি কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কিম্বা আদালতের নিরূপিত সময়ের মধ্যে আপনার হিসাব কিম্বা আপনার হস্তগত কোন সম্পত্তি সমর্পণ করিতে জানিয়াশুনিয়া শৈথিল্য কি অস্বীকার করেন, দেওয়ানী আদালত তাঁহার পাঁচ শত টাকার অনধিক জরীমানার হুকুম করিবেন, আর আদালতের ডিক্রী জারী করিবার যে বিধি চলন আছে সেই বিধিমতে তাঁহার সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ জরীমানার টাকা উসুল করিতে পারিবেন। আরো ঐ অস্বীকারকারি ব্যক্তি যেপর্য্যন্ত ঐ হিসাব কি সম্পত্তি সমর্পণ করিতে সম্মত না হন সেইপর্য্যন্ত তাঁহাকে শক্তরূপে কয়েদ করিতে পারিবেন ইতি।

[দেওয়ানী আদালত অছিপ্রভৃতিদিগকে অবসর করিতে পারিবেন।]

২৪ ধারা। দেওয়ানী আদালত জিলার কালেক্টর সাহেব কিম্বা সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক ভিন্ন, কোন অছি কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কি রক্ষকের অক্ষমতার কি দোষের প্রমাণ পাইলে কি অন্য কোন উপযুক্ত কারণ সাব্যস্ত হইলে তাঁহাকে অবসর করিতে পারিবেন, ও তাঁহার স্থানে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে কিম্বা অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। এবং যে ব্যক্তিকে অবসর করা গিয়াছে তাঁহার হস্তে যে সকল সম্পত্তি আছে তাহা তাঁহার পদে নিযুক্ত ব্যক্তিকে দেওয়াইবেন, ও যে সকল টাকা পাইয়াছিলেন ও খরচ করিয়াছিলেন তাহার হিসাব তাঁহার পদস্থ ব্যক্তিকে দেওয়াইবেন ইতি।

[সাধারণ সম্পত্তিরক্ষকের অবসর করণ।]

২৫ ধারা। গবর্ণমেণ্টের হুকুম বিনা সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কোন ব্যক্তিকে পদহইতে অবসর করা যাইবেক না। সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের নামে কোন দোষ সাব্যস্ত হইয়াছে ও তৎপ্রযুক্ত তাঁহার পদহইতে অবসর হওয়ার প্রয়োজন, কোন জিলার জজ সাহেবের এইরূপ বিবেচনা হইলে, তিনি তৎসম্পর্কীয় আপনার কার্য্যের রিপোর্ট সদর আদালতে করিবেন, আর যদি জজ সাহেবের বিবেচনায় সদর আদালত সম্মত হন তবে গবর্ণমেণ্টের হুকুম পাইবার জন্যে ঐ আদালত সেই বিষয় গবর্ণমেণ্টে সমর্পণ করিবেন ইতি।

[অছিপ্রভৃতির কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি দেওয়ানী আদালত দিতে পারিবেন। সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের কর্ম্ম ত্যাগ করণের রিপোর্ট গবর্ণমেণ্টে করিতে হইবেক।]

২৬ ধারা। দেওয়ানী আদালত জিলার কালেক্টর

ecutor, Administrator, or Guardian, not being the Collector of the District or the General Administrator, to resign his trust, and may give him a discharge therefrom on his accounting to his successor, duly appointed, for all monies received and disbursed by him, and making over the property in his hands. If the General Administrator should desire to resign his office, the Judge shall submit his resignation for the orders of Government.

[Remuneration of General Administrator.]

XXVII. The General Administrator shall be entitled to a commission of five per centum upon all sums received by him—that is to say, after the audit and passing of his accounts, he shall be allowed to appropriate to himself five per centum annually upon the sum shown by the accounts to have been disbursed by him or paid into the public treasury on account of the estate; provided, however, that it shall be competent to the Local Government to allow the General Administrator a fixed salary, and to direct the amount of the commissions receivable by him to be carried to the public credit.

[Guardians of Minors to provide for their education. Act XXVI. of 1854 declared applicable.]

XXVIII. Every Guardian appointed by the Civil Court or by the Collector under this Act, who shall have charge of Minors, shall be bound to provide for their education in a suitable manner. The general superintendence and control of the education of such Minors shall be vested in the Civil Court or in the Collector, as the case may be; and the provisions of Act No. XXVI. of 1854, for making better provision for the education of Male Minors, subject to the superintendence of the Court of Wards, shall, so far as is consistent with the provisions herein contained, be applicable to the Civil Court, or to the Collector, as the case may be, in respect to such Minors, and to every such Guardian.

[Guardians to have the custody of their Wards. Provision to this effect in Act XXVI. 1854 to be enforced by Magistrate.]

XXIX. The right to the custody of the persons of Minors, whose property is under the management of the Court of Wards, is, by Section VII. Act No. XXVI. of 1854, vested in the Guardian appointed with the sanction of the Court of Wards. The same right shall extend to Guardians appointed under this Act; and it is hereby declared that the right so conferred by Act No. XXVI. of 1854 and by this Act may, and shall, be enforced by the Magistrate on the application of a duly appointed Guardian or his authorized agent.

[Judge may refer cases to subordinate Courts. Provisions for appeal.]

XXX. It shall be lawful for the Zillah Judge

সাহেব কিম্বা সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক ভিন্ন কোন অছিকে কি সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে কি রক্ষককে আপনার কর্ম্মের ভার ত্যাগ করিবার অনুমতি দিতে পারিবেন, এবং ঐ অছিপ্রভৃতির পদে উপযুক্তমতে নিযুক্তব্যক্তিকে ঐ অছিপ্রভৃতি আপনার প্রাপ্ত ও খরচকরা সকল টাকার হিসাব দিলে, ও আপনার হস্তগত সম্পত্তি সমর্পণ করিলে, তাঁহাকে ঐ পদহইতে বিদায় দিতে পারিবেন। যদি সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক আপনার কর্ম্ম ত্যাগ করিতে চাহেন তবে জজ সাহেব গবর্ণমেণ্টের হুকুম পাইবার জন্যে তাঁহার ঐ ত্যাগ করণের পত্র গবর্ণমেণ্টে সমর্পণ করিবেন ইতি।

[সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহকের মেহনতানা।]

২৭ ধারা। সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহক যে সকল টাকা আদায় করেন তাহার উপর শতকরা পাঁচ টাকার হিসাবে কমিস্যন পাইতে পারিবেন, অর্থাৎ তাঁহার হিসাব আডিট হইয়া মঞ্জুর হইলে পর, ঐ হিসাবঅনুসারে তিনি ইষ্টেটের নিমিত্তে যে সকল টাকা খরচ করিয়াছেন কি সরকারী খাজানাখানায় দিয়াছেন তাহার উপর তিনি বার্ষিক শতকরা পাঁচ টাকার হিসাবে যত টাকা হয় তাহা আপনার নিমিত্তে লইতে অনুমতি পাইবেন। পরন্তু স্থানীয় গবর্ণমেণ্টের এই ক্ষমতা থাকিবেক যে সাধারণ সম্পত্তির কার্য্যনির্ব্বাহককে নির্দ্ধারিত বেতন দেন, ও তিনি যে সকল কমিস্যন পাইতেন তাহা সরকারী হিসাবে জমা করিতে আজ্ঞা করেন ইতি।

[নাবালগেরদের রক্ষকেরা তাঁহারদের বিদ্যাশিক্ষার উপায় করিবেন। ১৮৫৪ সালের ২৬ আইন খাটিতে পারিবেক।]

২৮ ধারা। এই আইনানুসারে দেওয়ানী আদালতের কিম্বা কালেক্টর সাহেবের নিযুক্ত যে প্রত্যেক রক্ষকের প্রতিনাবালগদিগের রক্ষণাবেক্ষণের ভারার্পণ হয়, তাঁহারদের ঐ নাবালগেরদের উপযুক্তমতে বিদ্যা শিক্ষা করিবার উপায় করিতেই হইবেক। ঐ নাবালগেরদের বিদ্যা শিক্ষা করিবার সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধারণ দেওয়ানী আদালতের, কিম্বা বিষয়বিশেষে কালেক্টর সাহেবের প্রতি অর্পিত হইবেক, এবং কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্বাধীনে নাবালগ পুরুষের বিদ্যা শিক্ষা করিবার আরো উত্তম বিধান করণের নিমিত্তে ১৮৫৪ সালের ২৬ আইনের বিধান এই আইনের বিধানের সঙ্গে যেপর্য্যন্ত সঙ্গত হয় সেইপর্য্যন্ত, ঐ২ নাবালগের সম্পর্কে এবং উক্ত প্রকার প্রত্যেক রক্ষকের সম্পর্কে, দেওয়ানী আদালতের কিম্বা বিষয়বিশেষে কালেক্টর সাহেবের প্রতি খাটিবেক ইতি।

[রক্ষকেরা যাঁহারদের রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত হন তাঁহারদিগকে রাখিবেন। এতদ্বিষয়ে ১৮৫৪ সালের ২৬ আইনে যে বিধান আছে তাহা মাজিষ্ট্রেট সাহেব প্রবল করিবেন।]

২৯ ধারা। যে নাবালগেরদের সম্পত্তির তত্ত্বাবধারণের ভার কোর্ট ওয়ার্ডসের প্রতি আছে তাঁহারদের রক্ষা করিবার স্বত্ব ১৮৫৪ সালের ২৬ আইনের ৭ ধারাক্রমে কোর্ট ওয়ার্ডসের অনুমতিক্রমে নিযুক্ত রক্ষকের প্রতি অর্পিত হইয়াছে। সেই স্বত্ব এই আইনানুসারে নিযুক্ত রক্ষকেরদের প্রতিও বর্ত্তিবেক। আর ইহার দ্বারা প্রকাশ করা যাইতেছে যে উপযুক্তমতে নিযুক্ত রক্ষক কি তাঁহার ক্ষমতাপ্রাপ্ত মোখ্তার দরখাস্ত করিলে, ১৮৫৪ সালের ২৬ আইন ও এই আইনক্রমে দত্ত সেই স্বত্ব মাজিষ্ট্রেট সাহেব প্রবল করিতে পারিবেন ও করিবেন ইতি।

[জজ সাহেব অধস্থ আদালতে মোকদ্দমা অর্পণ করিতে পারিবেন। আপীলের বিষয়ি বিধি।]

৩০ ধারা। এই আইনানুসারে জজ সাহেবকে কিম্বা

to refer to any of the subordinate Courts of the District having general jurisdiction, any investigation or inquiry which the Judge or the Civil Court is required or authorized to hold under this Act; and, except as otherwise provided in this Act, all orders and decisions passed by a Judge, or by any subordinate Court, under this Act, shall be open to appeal under the rules in force for appeals, in miscellaneous cases, from the orders of the Judge and the subordinate Courts.

[Commencement of Act.]

XXXI. This Act shall commence and have effect from and after the day of

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

THE 1ST SEPTEMBER, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 1st September, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 5th of November next:—

A Bill to explain and amend Regulation X. of 1793 *and Regulation LII. of* 1803.

[Preamble.]

WHEREAS doubts have arisen whether the jurisdiction of the Court of Wards extends to the property or shares in property of every description, belonging to a disqualified proprietor of an entire estate paying revenue immediately to Government, and it is expedient that such doubts should be removed; and whereas it is also expedient that the process prescribed in Section V. Regulation X. 1793, and Section IX. Regulation LII. 1803 of the Bengal Code, relative to inquiries into the alleged disqualification of proprietors, should be amended and simplified: It is declared and enacted as follows:—

[Parts of Regulations repealed.]

I. Clauses 2, 3, 5, and 6, Section V. Regulation X. 1793, and Clause 2 and the four following Clauses, Section IX. Regulation LII. 1803, are repealed.

[Jurisdiction of Court of Wards declared to extend to all property of disqualified proprietors.]

II. The jurisdiction of the Court of Wards and the provisions contained in Regulation X. 1793, and Regulation LII. 1803, as extended by Section XXIX. Regulation VIII. 1805, Section XXXVI. Regulation XII. 1805, and Section II. Regulation VI. 1822, of the Bengal Code, are hereby declared to extend to every description of property, whether moveable or immoveable, belonging to a Ward of the said Court; and the provisions of Section XXV. Regulation VII. 1799, and Section XLI. Regulation LII. 1803, as extended

দেওয়ানী আদালতকে যে কোন তজবীজ কি তদারক করিবার হুকুম করা গিয়াছে কি ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা জিলার জজ সাহেব জিলার মধ্যে অধস্থ যে কোন আদালতের সাধারণ এলাকা থাকে সেই আদালতের প্রতি অর্পণ করিতে পারিবেন। আর এই আইনেতে যে স্থলে অন্যরূপ বিধান হইয়াছে কেবল সেই স্থলভিন্ন এই আইনানুসারে জজ সাহেব কিম্বা অধস্থ কোন আদালত যে সকল হুকুম ও নিষ্পত্তি করেন তাহার উপর মুৎফরকা মোকদ্দমায় জজ সাহেবের ও অধস্থ আদালতের হুকুমের উপর আপীল হইবার যে বিধি চলন আছে সেই বিধিমতে আপীল হইতে পারিবেক ইতি।

[এই আইনের আরম্ভ হওন।]

৩১ ধারা। এই আইন অমুক সালের অমুক মাসের অমুক দিবসাবধি ও তাহার পরে প্রবল হইয়া চলন থাকিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।
ইঙ্গরেজী ১৮৫৫ সাল ১ সেপ্টেম্বর।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ১ সেপ্টেম্বর তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটি প্রতি অর্পিত হইল। আগামি নবেম্বর মাসের ৫ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

১৭৯৩ সালের ১০ আইন ও ১৮০৩ সালের ৫২ আইনের অর্থ করিবার ও সেই২ আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

